SERIES-5
MUSIC

IASE Publication
Volume-III
Series- 1 to 5


PROCEEDINGS OF THE WORKSHOP ON PEDAGOGICAL ANALYSIS IN THE PERSPECTIVE OF MODERN TEACHING STRATEGIES IN SCHOOL SUBJECTS

HELD FROM 3RD OCTOBER TO 13TH OCTOBER, 2007

Sponsored By
Ministry of Human Resource Development, Govt. of India
& Higher Education Department,
Govt. of West Bengal.




ORGANISED BY
INSTITUTE OF ADVANCED STUDIES IN EDUCATION
DAVID HARE TRAINING COLLEGE
25/3, Ballygunge Circular Road
(Pramathesh Barua Sarani)
Kolkata - 700019
Phone No. : 2486-4848
West Bengal
Website : www.dhtc_iase. org



Dr. Pronab Krishna Choudhury, Principal DHTC-IASE
Addressing the Opening Ceremony



Prof. Bimal Chandra Das, Educationist,
Narrating the Workshop-task.



Dr. Subhas Chandra Bhat, Co-ordinator IASE,
Narrating the Objectives of the Workshop.

An IASE Publication Vol-III.

Proceedings of the Workshop on Pedagogical Analysis in the Perspective of Modern Teaching Strategies in School Subjects

Held From 3rd October to 13th October, 2007

Sponsored By

Ministry of Human Resource Development, Govt. of India
& Higher Education Department, Govt. of West Bengal.

INSTITUTE OF ADVANCED STUDIES IN EDUCATION
DAVID HARE TRAINING COLLEGE
25/3, BALLYGUNGE CIRCULAR ROAD
(PRAMATHESH BARUA SARANI)
KOLKATA-700019
Ph. No. : 2486-4848
WEST BENGAL
Website : www.dhtc-iase.org.

David Hare Training College
Institute of Advanced Studies in Education (IASE)
Workshop on : Pedagogical Analysis in the Perspective of Modern Teaching Strategies in School Subjects

Published by :
Dr. Subhas Chandra Bhat
Co-ordinator, IASE.

Year of Publication :
March, 2008

Printed by :
Tara Press
68, Tarak Proamanik Road
Kolkata-700006

Programme Co-ordinator :

- ***Language :***
  Dr. Rabindranath Karmakar (Sanskrit)
  Dr. Bishnupada Bera (Bengali)
  Dr. Kumar Vishwabandhu (Hindi)
  Prof. Rhitabrata Chatterjee (English)
  Dr. Smriti Roy (Bengali)
- ***Science :***
  Dr. Subhas Chandra Bhat (Physical Science)
  Prof. Amlan Ganguly (Life Science)
  Prof. Byapti (Mathematics)
  Prof. Bharati Banerjee (Mathematics)

- ***Social Science :***
  Prof. Nagarjun Bharadwaj (History)
  Prof. Pijush Kanti Tripathi (Geography)
  Dr. Jayasri Banerjee (Economics)
- ***Education :***
  Prof. Purnendu Acharya. (Education)
  Prof. Bharati Bhattacharyya (Education)
  Prof. Byapti (Education)
- ***Music :***
  Prof. Partha Chattopadhyay (Music)

FOREWORD

Pedagogy has been defined as the art and science of teaching children. In the pedagogical model teacher has full responsibility for making decisions about what will be learned, how it will be learned, when it will be learned. Pedagogy helps to create a teaching-learning situation that actively promotes dependency on the instruction. Teacher educators who aspire to their readiness in teaching and assessment will be immensely benefited from the pedagogical analysis as it helps to determine the instructional processes. So an effort has been made by the IASE, David Hare Training College to organize a state level workshop on "Pedagogical Analysis in the Perspective of Modern School Subjects" during the period from 3rd October to 13th October, 2007 with a view to develop acceptable format of pedagogical analysis to promote the quality of classroom instructions. In this workshop the format developed by the University of Calcutta has been followed.

The nine day long IASE workshop was organized under the auspices of the Ministry of Human Resource Development, Govt. of India and the Department of Higher Education, Govt of W.B. More than 300 teacher educators of the 80 Teacher on Training Colleges covering all districts of West Bengal took part actively.

The workshop would not have been fruitful without the co-operation of the Programme Co-ordinators, Resource Persons, Participants and particularly Co-ordinator of the IASE.

I convey my heartiest thanks to all concerned for making the programme a grand success.

Dr. Pronab Krishna Choudhury
Principal

Report of the Co-ordinator of IASE -DHTC in the workshop titled– Preparation of Teaching Learning Module of school subjects in Secondary Level of W.B., based on Pedagogical Analysis held on 03.10.2007 to 13.10.2007 at David Hare Training College

Dr. Subhas Chandra Bhat, Co-ordinator of IASE-DHTC, WB.

It is very much known to all concerned that David Hare Training College is the only College in West Bengal that has been given a IASE (Institute of Advanced Studies in Education) status since 1998. Therefore the HRD. Govt. of India has given lot of important responsibilities to develop the quality of teacher educators through organising seminer, workshop and many other activities in different field of emergent issues of education viz. teacher training, curriculum analysis, developing Teaching-learning module etc.

After starting the whole-hearted activities in 10th plan and in centenary-year of the century old glorious and internationally famous primier Institution, David Hare Training College has organised an workshop on twelve different subjects at secondary and Higher Secondary curricular of West Bengal, for nine days in the month of October, 2007. The objective of this workshop was to dissipited & shared the idea of newly developed Teachers Training curriculum in Calcutta University to teacher educators of other Universities and the newly appointed teacher educators of the different Teachers Training Colleges of this University.

Therefore, a huge interactions and sharing of knowledge, and ideas were occured among the three hundread participants and resource persons attended the workshop from all the Universities and about eighty Teachers Training Colleges of West Bengal.

The successful workshop carries the product or output of its own. These five publications in different subject groups vig. Language, Social science group, Basic Science group, Education and Music bear the product of workshop with a tidious laboured of the programme-co-ordinators and participants and resource persons besides their regular duties. Hope, future progress will be held with assimilation of thinkings of all through the activities of IASE, cordial thanks to all the members of HRD, GOI. H.E. Dept, G.O. W.B., President and Secretary of W.B.B.S.E., Resource persons, Participants, Teaching, Non-teaching stafs of DHTC-IASE, Food suppliers, Photographars, Press, H.O. Dept. Education, Calcutta University and WBGCTA.

Preparation of Teaching–Learning Modules (TLM) Based on Pedagogical Analysis

B. C. Das (David Hare Training College, Kolkata)

It is generally agreed that to be optimally effective, institutional programmes should be tailored to individual students. All instructional programmes should capitalise on the usually high individual interests of students making use of strengths and promoting development in areas of academic weaknesses. The quality of an instructional system depends upon (i) the quality of presentation and display, (ii) the nature and extent of student participation and (iii) the accuracy of decisions regarding the assignment of the most appropriate learning activities for a student considering his/her needs, abilities, aspirations and motivation.

An effective educational system should try to individualise instruction. Individualised instruction, again, is function of the frequency with which the decision to change the instructional presentation is made as a result of pedagogical analysis of content based on the assessment of an individual student's achievements, needs or aspirations and motivation. Pedogogical analysis includes (i) Content analysis and structuring, (ii) specification of instructional objectives of each content elements, (iii) design and development of criterion–referenced tests based on specification table, (iv) strategies and methods of teaching including teaching aids and other materials, (v) identification of examples and non-examples, (vi) developing investigatory and probing questions and (vii) Critical summative evaluation of the topic.

A teaching-learning module (TLM) is a form of communication between the student and the content that contains instructions for student activities leading towards specified performance outcomes. A teaching-learning module is a structured sequence of learning events identified as a result of pedagogical analysis and designed to accommodate the attainment, on the part of the learners, of a range of objectives. The method and strategies for the preparation of teaching-learning module have some important in common. These include (i) individual pacing, (ii) feedback and (iii) reinforcement. The following points are to be emphasised for developing a teaching-learning module.

1. Consider the learner's interest.
2. Consider the learner's readiness.
3. Consider the learner's rate of learning (Time).
4. Consider the learner's repertoire of behaviours that he/she applies to learning.
5. Provide the learner with success experiences.
6. Provide the learner with corrective feedback.
7. Provide the learner with the knowledge of cognitive and psychomotor objectives.

Components of a Teaching–Learning Module (TLM)

1. Title : The title of the module should reflect the central theme or primary idea of the unit of work and the code number.
2. A Set of objectives; This is the most fundamental component for guiding and structuring the behaviour of the learner. These objectives should be behaviourally stated and should

specify the intent, performance conditions and the minimum acceptable standard of performance.

3. Rationale : A narrative statement for the student should be prepared. It should communicate to the learner the overall intent of the module and its importance or relevance to the student's course of study.
4. Overview : It is designed to refresh the learner, clarify vocabulary terms and establish a mental set for the learner who basically knows the material. For the learner who is unfamiliar with the content, the overview serves as a preview of that content.
5. Pretest : It is a self-assessment instrument to know whether the student possesses the prerequisite information for probable success with the module. It also determines whether or not the learner needs the coming instruction.
6. Self-Evaluation : The purpose of self-evaluation is to (i) allow the student to bypass the module, (ii) guide the student to those portions of the module that he needs to study and (iii) allow the student to check on his own progress level before the final evaluation.
7. Learning Activities and Instructional Alternatives : This is the heart of the module and is the core of the teaching–learning activities. Several alternative learning strategies are generally provided. The learner is to select one from many instructional options. The learning activities should provide each student with a choice of alternatives concerning not only how, what, when and where to learn, but also opportunities for the efficient use of widerange of learning resources e.g. multimedia, multimode, multicontent and multiactivities.
5. Special Student Directions : It depends upon the nature of the content to be presented or the organisation of the materials. It indicates the use of specialised equipment or facilities and the implications for time or scheduling of activities.
9. Resources : This section is designed to list and enable the learner to locate all the materials and media devices required to successfully complete the module.
10. General Classroom Management Procedures : It is necessary to state the location to which a student should submit completed papers or assignments or directions for finding certain types of resource materials and equipments.
11. Post Test : This is a criterion–referenced measure designed to require the learner to perform or demonstrate the behaviours as specifically stated in the objectives. The nature, length and conditions of the test will be dictated by the objectives.
12. Teachers Instructions : This section is essential for smooth presentation, management and evaluation of the system. Notes or suggestions to the teacher in terms of methodological approaches or strengths or other special instructions should be included and perhaps, a list of professional sources of information should be enclosed.

The Teaching–Learning Module (TLM) may be any length, usually requiring from about one-half-hour to 15 hours to complete. Some modules, when coupled with extended field experience activities, may require a number of weeks to complete.

প্রাক্ কথন

নব নির্মিত পাঠ্যক্রমে (কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বি. এড্) Pedagogical Analysis যুক্ত হবার ফলে যথেষ্ট বিভ্রান্তির মধ্যে পরতে হয়েছে শিক্ষকদের। কারণ এ ব্যাপারে সঠিক পদ্ধতি সম্পর্কে প্রায় প্রত্যেকেরই ধারণা ছিল অল্প এ ব্যাপারে শিক্ষামূলক আলোচনা যতটুকু হয়েছে তা যৎসামান্য। ঠিক এমন সময় DAVID HARE TRAINING COLLEGE (Institute of Adavnced studies in Education) আয়োজন করল—Workshop on Preparation of Teaching-learning Madule on School, Subjects based on Pedagogical Analysis (3.10.07 to 5.10.07)। এই workshop-এ co-ordinator হিসেবে কাজ করেছি (Music method-এ) এবং এই অংশগ্রহণে এত আনন্দ পেয়েছি তা ভাবনার অতীত। আমাদের বিষয়ের Resource Person হিসাবে পেয়েছিলাম গুণী শিল্পী শ্রদ্ধেয়া অধ্যাপিকা ডঃ আলপনা মুনসী মহাশয়কে। দিদি আমাদের (সঙ্গীতের শিক্ষক/শিক্ষিকাদের) সর্বান্তকরণে সাহায্য করেছেন এবং আমরা কোন মতামত দিলে তা সাদরে গ্রহণ করেছেন। অন্যান্য শিক্ষিকাদের কাছ থেকেও যথেষ্ট সাহায্য পেয়েছি।

এই অনুষ্ঠানের মাধ্যমে অনেক কিছু শিখেছি যা, ভবিষ্যতের পাথেয় হয়ে থাকবে এবং এরফলে প্রত্যেক শিক্ষক-শিক্ষিকার মধ্যে অন্তরঙ্গতা বৃদ্ধি পেয়েছে যা শিক্ষাদানের প্রধান বিষয়। এই workshop-এর পূর্ণ অংশ পত্রিকায় লিপিবদ্ধ হচ্ছে বলে বিদ্যালয়গুলিও উপকৃত হবে আশাকরি। বিশেষ করে বিদ্যার্থীদের শিক্ষাদান গ্রহণে বিপুল সাহায্য করবে।

সর্বপরি, আমি এবং আমরা সবাই David Hare Training College এর অধ্যক্ষ মহাশয়ের কাছে কৃতজ্ঞ, এ ধরণের Programme গ্রহণ করার জন্য। এই অনুষ্ঠানের মাধ্যমে আমরা সবাই যে কত উপকৃত হয়েছি তা বলে শেষ করা যাবে না। বিশেষ করে নতুন শিক্ষক—শিক্ষিকাবৃন্দ। আগামী দিনে আবার এ ধরণের কর্মশালা আয়োজনের আশা রাখি।

পার্থ চট্টোপাধ্যায়
(শিক্ষক, সঙ্গীত বিভাগ)

হিন্দুস্থানী তথা ভাতখণ্ডে স্বরলিপি ও আকার মাত্রিক স্বরলিপি পদ্ধতির লিখন ও পঠন

শ্রেণী ঃ নবম

মন্তব্য ঃ

(ক) এই পাঠ এককটিকে দুটি উপ-এককে ভাগ করে শিক্ষা বিজ্ঞানের দৃষ্টিভঙ্গিতে বিষয় বিশ্লেষণ করা হয়েছে।

(খ) উপ-একক দুটিতেই ধারণাভিত্তিক অভীক্ষাপত্র তৈরী করা হয়েছে। 6+10 = 16 নম্বরের প্রশ্ন রাখা হয়েছে।

(গ) দুটি পদ্ধতির জন্য চার্টের নমুনা এর সাথে সংলগ্ন করা হল।

পৃষ্ঠা সংখ্যা—১ থেকে ১৩

এই পঠন-পাঠন সংক্রান্ত বিশ্লেষণে যাঁরা অংশগ্রহণ করেছেন ঃ

1. Prof. Dr. Alpana Munshi Institute of Education for Woemen, Hastings House, Kolkata.
2. " Shri Partha Chattopadhyay, David Hare Training College, Kolkata
3. " Dr. Sutapa Thakur, Govt College of Education, Banipur, 24 Parganas (N)
4. " Smt. Sampa Daw (De), Institute of Education for Women, Chandannagor, Hooghly.
5. " Smt. Shyamali Chakraborty, Balurghat B. Ed. College
6. " Smt. Moitreye Acharya, Yogada Sat Sanga Palpara Maha Vidyalaya, Midnapore (E)

শিক্ষাবিজ্ঞানের দৃষ্টিতে পঠন সংক্রান্ত বিশ্লেষণ

তারিখ ঃ ৩।১০।২০০৭ থেকে ৫।১০।২০০৭ পর্যন্ত

শ্রেণী ঃ নবম   বিষয় ঃ সঙ্গীত

বিষয়বস্তুর বিশ্লেষণ

বিষয় একক

ভাতখণ্ডে ও আ-কার মাত্রিক স্বরলিপি পদ্ধতির লিখন ও পঠন

উপ একক	পিরিয়ড সংখ্যা
(১) ভাতখণ্ডে স্বরলিপি পদ্ধতি	২
(২) আ-কার মাত্রিক স্বরলিপি পদ্ধতি	৩
মোট	= ৫
মূল্যায়ন	= ১
পুনঃশিক্ষণ	= ১
সর্বমোট	= ৭

এই বিষয় একক বিশ্লেষণের জন্য যে সব বই থেকে বিষয় এককের তথ্য সংগ্রহ করা হয়েছে—

(১) সঙ্গীত তত্ত্ব—লেখক ঃ শ্রীযুক্ত দেবব্রত দত্ত

(২) সঙ্গীত প্রবেশিকা—লেখক ঃ ডঃ স্বপন নস্কর

(৩) স্বরাঙ্কন সংহতি—লেখক ঃ অধ্যাপক রবিন ঘোষ

(৪) স্বরবিতান—লেখক ঃ কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর

একক ঃ হিন্দুস্থানী ও আকার মাত্রিক স্বরলিপি পদ্ধতির লিখন ও পঠন উপএককের বিষয়বস্তু ঃ

হিন্দুস্থানী স্বরলিপি পদ্ধতি—লিখন ও পঠন

পেডাগজি নং ১/ক ঃ

স্বরলিপি ঃ স্বরলিপি হল এমন একটি বিজ্ঞানসম্মত প্রক্রিয়া যার মাধ্যমে আমরা সঙ্গীতের শিল্পদৃষ্টিকে স্বরের দ্বারা লিপিবদ্ধ করে রাখতে পারি। এক কথায় স্বরদ্বারা সুরকে লিপিবদ্ধ করণের প্রক্রিয়া। ভাষার জন্ম ধ্বনির থেকে। ধ্বনির লিপি হল alphabets সেই প্রকার ধ্বনি তরঙ্গর লিপি যার দ্বারা প্রকাশিত হয় তাই স্বরলিপি।

আমাদের দেশে কয়েক প্রকার স্বরলিপি প্রচলিত। যেমন—দণ্ডমাত্রিক, আকার মাত্রিক, হিন্দুস্থানী ও বিষ্ণুদিগম্বর স্বরলিপি পদ্ধতি।

পণ্ডিত বিষ্ণুনারায়ন ভাতখণ্ডে হিন্দুস্থানী স্বরলিপি পদ্ধতি আবিষ্কার করেন। একে 'ভাতখণ্ডে স্বরলিপি পদ্ধতি'ও বলা হয়।

উপ একক ঃ ভাতখণ্ডে স্বরলিপি পদ্ধতি

১। শুদ্ধ স্বর—সা, রে, গ, ম, প, ধ, নি।

২। পাঁচটি বিকৃত স্বর—কোমল—রে গ ধ নি। তীব্র মধ্যম—ম

৩। মন্দ্র সপ্তকের স্বর—নি ধ প ম ইত্যাদি।

৪। তার সপ্তকের স্বর—র্সা র্রে র্গ র্ম ইত্যাদি।

৫। এক মাত্রায় এক একটি স্বর—সা, রে, গ ইত্যাদি।

৬। এক মাত্রায় দুটি—সারে ,

৭। এক মাত্রায় তিনটি—সারেগ

৮। মীড়ের চিহ্ন— ⌒ যেমন ঃ ম সা

৯। অবগ্রহ— ' S ' এটি শব্দান্তের ধ্বনিকে সূচিত করে।

১০। কোন স্বরকে যখন স্পর্শ করে মূল স্বর গাওয়া হয় তখন মপ সারে

১১। স্বরের টান বোঝাতে (—) চিহ্ন ব্যবহৃত হয় এইভাবে লেখা হয় যেমন ঃ সা ----, রে ---- ইত্যাদি।

১২। বন্ধনীর মধ্যে যখন কোন স্বর থাকে তখন ঐ বন্ধনীর মধ্যস্থিত স্বরের আগের স্বর, বন্ধনীর মধ্যস্থিত স্বরকে নিয়ে একমাত্রায় গাইতে হয় যেমন—(প)—মপধপ ও ধপমপ

১০। সম্ চিহ্ন—'X'

১৪। ফাঁক চিহ্ন—'০'

১৫। তালের বিভাগের চিহ্ন—'।'

১৬। তালের অন্যান্য বিভাগের প্রথম ঝোঁকে ২, ৩, ৪ ইত্যাদি সংখ্যা লেখা হয় এই স্বরলিপি পদ্ধতি ধ্রুপদ, খেয়াল ইত্যাদি শাস্ত্রীয় সঙ্গীতের স্বরলিপিতে সর্বাধিক ব্যবহৃত হয়।

পূর্বজ্ঞান ঃ সঙ্গীতের পরিভাষা, রাগ পরিচিতি জেনেছে। রাগের আলাপ শিক্ষার্থীরা শিক্ষিকা/শিক্ষকের সঙ্গে পরিবেশন করতে শিখেছে।

বৌদ্ধিক বিকাশ ক্ষেত্র—

উদ্দেশ্য ঃ সঙ্গীতে ব্যবহৃত অনুষঙ্গ যন্ত্রগুলির সম্পর্কে তারা জেনেছে।

জ্ঞানমূলক—শিক্ষার্থীরা অবহিত হবে—(ক) স্বরলিপি কাকে বলে। (খ) স্বরলিপি পদ্ধতি কয় প্রকার ও কি কি? (গ) ভাতখণ্ডে স্বরলিপি পদ্ধতির আবিষ্কারকের নাম। (ঘ) এই স্বরলিপি পদ্ধতিতে ব্যবহৃত সুর প্রকাশের চিহ্ন সমূহ। (ঙ) কোন কোন বিশেষ ধরণের সঙ্গীত সংরক্ষণে এই পদ্ধতির ব্যবহার হয়।

বোধমূলক—শিক্ষার্থীরা বুঝতে পারবে—(ক) স্বর উচ্চারণের সময় স্বরলিপিতে লেখা চিহ্নগুলির প্রত্যেকটির মধ্যেকার পার্থক্য। (খ) ধ্বনি ও ধ্বনি-তরঙ্গ, স্বর ও সুর এগুলির মধ্যে সুক্ষ পার্থক্য। (গ) এই পদ্ধতি বহুল প্রচলিত এবং কারন তারা জানবে।

প্রয়োগমূলক—(ক) গান শুনে স্বরলিপিতে লিখতে পারবে ও স্বরলিপি দেখে গান তুলতে পারবে। (খ) সঙ্গীতে স্বরলিপির গুরুত্ব সম্পর্কে আলোচনায় অংশ নিতে পারবে।

প্রাক্ষোভিক ক্ষেত্র ঃ

রসানুভূতিমূলক—এই স্বরলিপি পদ্ধতি অনুযায়ী, উপযুক্ত সঙ্গীতিক পরিমণ্ডলে শ্রোতার সামনে সঠিকভাবে সঙ্গীত পরিবেশনে আগ্রহী হবে।

সঞ্চালন ক্ষেত্র ঃ

দক্ষতামূলক—(ক) ভাতখণ্ডে স্বরলিপি পদ্ধতি অনুযায়ী সঙ্গীত পরিবেশনে সক্ষম হবে। (খ) স্বরলিপি চিহ্নগুলি বোর্ডে লিখে দেখাতে পারবে।

শিক্ষণ কৌশল

শিক্ষণের সাধারণ পদ্ধতি ঃ শিক্ষিকা শ্রেণীতে উপযুক্ত সঙ্গীতিক পরিমন্ডল রচনা করে শিক্ষার্থীদের স্বরলিপি সম্পর্কে জানতে মনযোগী করে তুলবেন।

স্বরলিপির সংজ্ঞা, কয়প্রকার প্রচলিত আছে এবং ভাতখণ্ডে স্বরলিপি পদ্ধতির আবিষ্কারকের নাম **বক্তৃতা দানের মাধ্যমে** বুঝিয়ে দেবেন।

ভাতখণ্ডে স্বরলিপি পদ্ধতির সমস্ত তথ্য **বক্তৃতা ও ব্যাখ্যা** দানের মাধ্যমে শ্রেণীতে উপস্থাপিত করবেন।

সঙ্গীতের সুর প্রয়োগে স্বরলিপির সার্থকতা শিক্ষকা **বক্তৃতা ও প্রতিপাদনের** মাধ্যমে শিক্ষার্থীদের বুঝিয়ে দেবেন।

স্বর ও সুরের সুক্ষ্ম পার্থক্য **প্রতিপাদনের দ্বারা** ব্যাখ্যা করবেন।

শিক্ষা সহায়ক উপকরণের ব্যবহার

উপকরণ	ব্যবহার
হারমোনিয়াম, তানপুরা	সাঙ্গীতিক পরিমণ্ডল রচনায়, স্বরলিপির সাহায্যে সঙ্গীত পরিবেশনায়।
স্বরলিপির চিহ্ন ও এগুলির পদ্ধতিগত ব্যবহার নির্দেশিত চার্ট।	স্বরলিপি পদ্ধতির বিভিন্ন তথ্য বোঝাতে।
'ক্রমিক পুস্তক মালিকা'—বই	গানের স্বরলিপিতে চিহ্নগুলির ব্যবহার বোঝাতে।

বোর্ডের কাজ ঃ

স্বরলিপির সংজ্ঞা, স্বরলিপি পদ্ধতির আবিষ্কারকের নাম, স্বরলিপির চিহ্ন ব্যাখ্যা দান কালে শিক্ষিকা বোর্ডের ব্যবহার করবেন, শিক্ষার্থীরা পাঠগ্রহণ করে শিক্ষাকার নির্দেশানুসারে বোর্ডে উত্তর লিখবে।

অনুসন্ধানী প্রশ্ন ঃ

প্রশ্ন	উত্তর
১। 'ম‿সা' এই ভাবে লিখলে স্বরের উচ্চারণ যে পদ্ধতিতে হবে তার নাম বল ও সংজ্ঞা দাও।	১। 'মীড়' অর্থাৎ একটি স্বর থেকে অন্য একটি স্বরে আসার সময় মধ্যকার শ্রুতিগুলিকে স্পর্শ করে আসলে তাকে 'মীড়' বলে।
২। সুরের টান বোঝাতে 'সা- -' এটি লেখা হল এটিকে যদি সা- -‿ এইভাবে লেখা হয় তাহলে কিভাবে গাইতে হবে তা দেখাও।	২। সুরের টান 'সা--' এটিতে সা বলে দু-মাত্রা বিশ্রান্তি দিতে হবে আর সা--‿ এটিতে ১ মাত্রায় ৩টি মাত্রার সন্নিবেশে গাইতে হবে।

[সময় দেওয়া হবে ৫ মিনিট]

ওয়ার্কসীট

প্রশ্ন ঃ ১। 'স্বরলিপি'র সংজ্ঞা লেখ

____

____

প্রশ্ন ঃ ২। ভাতখণ্ডে স্বরলিপিতে **তিনটি সপ্তকের** সাতটি শুদ্ধস্বরে লিখে দেখাও।

____

____

বিষয়ের ব্যাখ্যাদানের জন্য উদাহরণ ঃ

ধারণা	উদাহরণ
ভাতখণ্ডে স্বরলিপি পদ্ধতির লিখন ও পঠন	রাগ ভৈরবের খেয়াল গানের বন্দিশে ঃ—

স্বর ও চিহ্ন

মগ ম নিধ় ধ় | পম প মগ গ | গরে় - মগ(ম) | গরে় — সা— |

ধ ন ধ ন | মুS S র ত | কৃ S ষ্ণ মু | রা S রী S |

০ ৩ x ২

গানের কথা তালচিহ্ন

[ধন ধন মুরত কৃষ্ণ মুরারী]

এইভাবে স্বরলিপিতে সুরবন্ধনের বিষয়টি বিভিন্ন উদাহরণের সাহায্যে শিক্ষক/শিক্ষিকা করবেন।

উদ্দেশ্যভিত্তিক অভীক্ষা পত্র

শ্রেণী — দশম
সময় ঃ ১০ মিনিট
নম্বর ঃ ৬

অভীক্ষার বিশেষীকরণের ছক (Table of Specification)

ভাতখণ্ডে স্বরলিপি পদ্ধতি	উদ্দেশ্য				
	জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক	মোটনম্বর
	1,2,4 (2)	3(1)	5(2)	6(1)	6
শতকরা হিসাব	33.3%	16.7%	33.3%	16.7%	100%

(বন্ধনীর মধ্যকার নম্বর প্রশ্নের মান হিসাবে চিহ্নিত)

উদ্দেশ্য ভিত্তিক অভীক্ষা পত্র

মোট নম্বর = ৬

প্রশ্নাবলী ঃ নম্বর

(1) ভাতখণ্ডে স্বরলিপি পদ্ধতির আবিষ্কারকের স্বম্পূর্ণ নামটি লেখ। [জ্ঞানমূলক] 1

(2) স্বরের নীচে '—' চিহ্ন বলতে কি বোঝ? [জ্ঞানমূলক] $\frac{1}{2}$

(3) মৃপ্ ও ম-প—এই দুটির মধ্যে কি পার্থক্য? [বোধমূলক] 1

(4) '(ম)' এইভাবে লিখলে কি বোঝায়? [জ্ঞানমূলক] $\frac{1}{2}$

(5) স্বরলিপির প্রয়োজনীয়তা কি সে সম্পর্কে নিজের মত ব্যক্ত কর। [প্রয়োগমূলক] 2

(6) ধ ম প গ ম রে সা-স্বরগুলিকে ভৈরব রাগের প্রেক্ষিতে ভাতখণ্ডে স্বরলিপিতে কিভাবে লিখবে? [দক্ষতামূলক] 1

বিষয় একক ঃ

ভাতখণ্ডে ও আ-কার মাত্রিক স্বরলিপি পদ্ধতির লিখন ও পঠন

পেডাগগজি নং ১/খ ঃ

উপ একক ২ ঃ আকার মাত্রিক স্বরলিপি পদ্ধতির লিখন ও পঠন

বিষয়বস্তুর সারসংক্ষেপ ঃ নানা বিবর্তনের মধ্য দিয়ে আকার-মাত্রিক স্বরলিপি পদ্ধতির উদ্ভব হয়। জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর এই পদ্ধতির আবিষ্কারক। এই পদ্ধতির প্রথম প্রকাশ ঘটে 'সাধনা' পত্রিকায়। ১৮৯৭ সালে ১৬৮ টি গান নিয়ে 'স্বরলিপি গীতিমালা' প্রকাশ করেন জ্যোতিরিন্দ্রনাথ, যার প্রকাশক ছিলেন দ্বারিক ঘোষ। এই ১৬৮টি গানের ৬৮টি ছিল রবীন্দ্রনাথের, বাকী গানগুলি ছিল বিদ্যাপতি, গোবিন্দদাস, দ্বিজেন্দ্রনাথ, স্বর্ণকুমারী দেবী ও জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের রচনা। এর পর থেকেই আকার মাত্রিক স্বরলিপি পদ্ধতি মহায়ীত্ব লাভ করে।

এই পদ্ধতিতে নিম্নলিখিতভাবে স্বর চিহ্ন লিপিবদ্ধ হয়—

১। শুদ্ধ-স্বর সপ্তক—সা রা গা মা পা

২। খাদ সপ্তক—প্া, ধ্া ইত্যাদি

৩। উচ্চ সপ্তক—র্সা, র্রা

৪। বিকৃত স্বরগুলি—কোমল রে—ঋ, কোমল গ—জ্ঞা, কড়ি ম—হ্মা কোমল ধ—দা, কোমল নি—ণা।

৫। বিকৃত স্বরগুলির সুক্ষ্ম বিশ্লেষণ—অতিকোমল র—ঋা১, এই ঋা১ সা ও ঋা এর মধ্যবর্তী গ, ধ, ন অতিকোমল—জ্ঞা১, দা১, ণা১। অনুকোমল গ, ধ, ন—জ্ঞা২, দা২, ণা২।

৬। একমাত্রা = া, অর্ধমাত্রা = ঃ, সিকিমাত্রা = ঃঃ, দুটি অর্ধমাত্রা = সরা, চারটি সিকিমাত্রা = সরগমা, দুটি সিকিমাত্রা = সরঃ, একটি সিকিমাত্রা = স ঃঃ, একটি অর্ধমাত্রা ও দুটি সিকিমাত্রা = সঃ গরাঃ

৭। মূল স্বরের আগে স্পর্শ স্বর বোঝাতে—মরা, গরা এইভাবে লেখা হয়।

৮। মূল স্বরের পরে যদি কোন স্বরের রেশ থাকে তাহলে—রাস এইভাবে লেখা হয়।

৯। সুরের ধারাবাহিকতা বোঝাতে স্বরের পাশে—হাইফেন (–) চিহ্ন ব্যবহৃত হয়।

১০। শব্দ উচ্চারণের ধারাবাহিকতা বোঝাতে গানের শব্দের পাশে—(০) চিহ্ন বসে।

১১। কোন অংশ দুবার গাইতে—'{ }'-এই চিহ্ন ব্যবহার হয়।

১২। অস্থায়ীতে প্রত্যাবর্তনের চিহ্ন—II

কোনো কলির শেষে II যুগলদণ্ড ও সবশেষে II II দুজোড়া দণ্ড থাকলে অস্থায়ীর প্রতমে যেখানে যুগল দণ্ড আছে সেখান থেকে আবার আরম্ভ করতে হয়।

১৩। পুনরাবৃত্তিকালে কতকগুলি স্বর বাদ গেলে সেগুলিকে '( )' প্রথম বন্ধনী চিহ্ন দ্বারা পৃথক করা হয়।

১৪। তুকের শেষে অস্থায়ীতে ফিরে পরিবর্তিত সুরে গাইতে হলে I[ ]I/II [ ] II এই চিহ্ন ব্যবহৃত হয়।

১৫। অসহায়ীর আরম্ভে II এই যুগল দণ্ডের বাইরে গানের অংশ গান ধরবার সময় একবার গাওয়া হয়।

১৬। অবসানের চিহ্ন স্বরের উপর যুগল দাঁড়ি—সা (II)

১৭। কোন একটি স্বর যখন অন্য একটি সুরে গড়িয়ে যায় তখন—স্বরের নীচে '‿' এই মীড় চিহ্ন থাকে যেমন—গা -পা

সা-রা-গা-মা।

১৮। নীচে গানের অক্ষর স্বরান্ত না হলে উপরের স্বরের বাম পাশে (–) হাইফেন বসে—গা ০ ০ ন্

১৯। তাল বিভাগের চিহ্ন—'।'

২০। সম থেকে সম অবধি তালের এক ফেরা হলে — I চিহ্ন বসে।

২১। প্রায় প্রত্যেক কলির শেষে — II দুটি দণ্ড বসে।

২২। যেখানে গান একেবারে শেষ হয় সেখানে—IIII এইভাবে লেখা হয়।

২৩। সম্-এর চিহ্ন—১́

২৪। খালির চিহ্ন—০

২৫। প্রত্যেক মাত্রাগুচ্ছের প্রথম মাত্রায় — ১, ২, ৩, ৪ ইত্যাদি সংখ্যা লেখা হয়।

আ-কার মাত্রিক স্বরলিপি পদ্ধতি রবীন্দ্রসঙ্গীতের ক্ষেত্রে ব্যবহৃত হয় এছাড়া অতুল প্রসাদী, নজরুলগীতি, রজনীকান্তের গান এই পদ্ধতিতে লেখা হয়।

পূর্বজ্ঞান ঃ (ক) শিক্ষার্থীরা স্বরলিপির সংজ্ঞা, সঙ্গীতে স্বরলিপির প্রয়োজনীয়তা সম্পর্কে জেনেছে।
(খ) ভাতখণ্ডে স্বরলিপি পদ্ধতির লিখন ও পঠনের অভিজ্ঞতা আছে।

উদ্দেশ্য ঃ

বৌদ্ধিক বিকাশ ক্ষেত্র ঃ

জ্ঞানমূলক ঃ (ক) শিক্ষার্থীরা আকার-মাত্রিক স্বরলিপির আবিষ্কারকের নাম ও কোন কোন সঙ্গীতের সুরসংরক্ষণে ব্যবহৃত হয় তা জানবে।
(খ) এই পদ্ধতির নিয়ম নির্দিষ্ট বিষয়গুলির সাথে পরিচিত হবে।
(গ) কোন বিশেষ সঙ্গীত সংরক্ষণে এই পদ্ধতির ব্যবহার হয় তা জানবে।

বোধমূলক ঃ (ক) বিভিন্ন স্বর উচ্চারণের সময় স্বরলিপিতে লেখা বিভিন্ন চিহ্নের পার্থক্যগুলি বুঝতে পারবে।
(খ) হিন্দুস্থানী স্বরলিপি পদ্ধতির সাথে তুলনা করে দেখাতে পারবে।

প্রয়োগমূলক ঃ (ক) শিক্ষার্থীরা প্রতিপাদন ও ব্যাখ্যা সহযোগে স্বরলিপির ব্যাকরণ সংক্রান্ত তথ্যাবলী বোঝাতে পারবে।
(খ) সঙ্গীত পরিবেশনের সময় ভুল স্বরলিপিতে গান গাইলে তা তৎক্ষণাৎ ধরতে পারবে।

প্রাক্ষোভিক ক্ষেত্র ঃ

রসানুভূতিমূলক ঃ শিক্ষার্থীরা এই পদ্ধতির খুঁটিনাটি বিষয়গুলি মনে রেখে উপযুক্ত সাঙ্গীতিক পরিমণ্ডলে স্বরলিপি পদ্ধতি অনুসারে সঙ্গীত পরিবেশনে আগ্রহী হবে।

সঞ্চালন ক্ষেত্র ঃ

দক্ষতা (ক) শিক্ষার্থীরা আ-কার মাত্রিক স্বরলিপির নিয়মে একক সঙ্গীত পরিবেশনে সক্ষম হবে।

(খ) শিক্ষক/শিক্ষিকার নির্দেশানুসারে স্বরলিপি চিহ্নগুলি বোর্ডে লিখে দেখাতে পারবে।

শিক্ষণ কৌশল

শিক্ষণের সাধারণ পদ্ধতি ঃ

প্রথমে শিক্ষক/শিক্ষিকা শ্রেণীতে উপযুক্ত সাঙ্গীতিক পরিমণ্ডল রচনা করে শিক্ষার্থীদের স্বরলিপি সম্পর্কে জানতে আগ্রহী করে তুলবেন।

আ-কার মাত্রিক স্বরলিপি পদ্ধতির আবিষ্কারকের নাম ও এই পদ্ধতি কোন কোন সঙ্গীতে ব্যবহৃত হয় তা বক্তৃতা দানের মাধ্যমে বুঝিয়ে দেবেন।

শিক্ষক/শিক্ষিকা এই পদ্ধতির নতুন তথ্যগুলি বক্তৃতার মাধ্যমে উপাস্থাপিত করবেন।

যে তথ্যগুলি হিন্দুস্থানী স্বরলিপি পদ্ধতি বা ভাতখণ্ডে স্বরলিপি পদ্ধতির সাথে তুলনামূলক বিচারে শিক্ষার্থীরা নিজেরা বলার চেষ্টা করতে পারে সেগুলি শিক্ষক/শিক্ষিকা প্রশ্নোত্তরের মাধ্যমে স্পষ্টীকরণ করবেন।

মীড়, স্পর্শস্বর, অর্ধমাত্রা, সিকিমাত্রা, দেড়মাত্রা এই বিষয়গুলি শিক্ষক/শিক্ষিকা ক্রিয়াত্মক সঙ্গীত পরিবেশন তথা প্রতিপাদন দ্বারা ব্যাখ্যা করবেন।

সার্বিক স্বরলিপিতে গাইতে গেলে কিভাবে গানের অংশানুশীলন করতে হয় তা উদাহরণ সহযোগে ব্যাখ্যা করবেন।

শিক্ষা সহায়ক উপকরণ

উপকরণ	ব্যবহার
হারমোনিয়াম, তানপুরা	শ্রেনীর সাঙ্গীতিক পরিমণ্ডল রচনায়, স্বরলিপির সাহায্যে সঙ্গীত পরিবেশনায়।
স্বরলিপির চিহ্ন ও এগুলির ব্যবহার নির্দেশিত চার্ট	আকার মাত্রিক স্বরলিপির বিভিন্ন তথ্য বোঝাতে।
'স্বরবিতান' বই	স্বরলিপিতে এই চিহ্নগুলির ব্যবহার বোঝাতে।

বোর্ডের কাজ ঃ

আ-কার মাত্রিক স্বরলিপি পদ্ধতির আবিষ্কারকের নাম। চিহ্নগুলির ব্যবহারের ব্যাপারে ব্যাখ্যা দান কালে ব্যবহার করলে শিক্ষার্থীদের সক্রিয় রাখার জন্য স্বরলিপি চিহ্নগুলি বোর্ডে লিখতে বলবেন।

অনুসন্ধানী প্রশ্ন ঃ

প্রশ্ন	উত্তর
১। আ-কার মাত্রিক স্বরলিপি পদ্ধতিতে দ্বিতীয় ও তৃতীয় বন্ধনীর প্রয়োগ কী পার্থক্য সূচিত করে?	১। দ্বিতীয় বন্ধনী দুইবার গানের কলি ব্যবহার করার জন্য ব্যবহার করা হয় যা স্বরের দুপাশে লেখা হয়, আর তৃতীয় বন্ধনী পুনরাবৃত্তি কালে স্বরের শিরোদেশে ব্যবহৃত হয়।
২।এই স্বরলিপিকে আ-কার মাত্রিক পদ্ধতি বলা হয় কেন?	২। স্বর প্রকাশের ক্ষেত্রে এই স্বরলিপিতে প্রতিটি তাল-মাত্রার সঙ্গে '-া' চিহ্ন অনিবার্যরূপে ব্যবহার করা হয়েছে যা স্বরবিতান বইগুলিকে পড়লেই লক্ষ্য করা যায় সেই কারণেই এই পদ্ধতিকে 'আ'-কার মাত্রিক স্বরলিপি পদ্ধতি বলা হয়েছে।

<u>ওয়ার্ক সীট</u> ঃ [সময় দেওয়া হবে—২ মিনিট]

আকার মাত্রিক স্বরলিপিতে নিম্নলিখিতগুলি লেখ ঃ—

কোমল রে = ————— সম্-এর চিহ্ন = —————

কড়ি ম = ————— সম্ থেকে সমে ফেরার চিহ্ন = —————

অতিকোমল নি = —————

বিষয়ের ব্যাখ্যাদানের জন্য উদাহরণ ঃ

ধারণা	উদাহরণ
আ-কার মাত্রিক স্বরলিপির লিখন ও পঠন	১ ২ র্স II{র্সা -র্রা । র্সা -র্সা ধা। ণাঃ -ধঃ। পা -া -া I পু য্ প ০ ফু টে ০ কো ০ ন্ I সা -গা । গা -া গা । মা -া । -া -া -া I কু ন্ জ ০ ব নে ০ ০ ০ ০ I ম -পা । মপমা -া রা । মজ্ঞা -া । জ্ঞা -রা সা II কো ন্ নি০ ০ ভৃ তে ০ ও ০ রে I মরা -া । সা -রা ন্া । সা -া । -া -া -া }I কো ন্ গ ০ হ নে ০ ০ ০ ০

উদ্দেশ্যভিত্তিক অভীক্ষা পত্র

শ্রেণী — দশম
সময় ঃ ৩০ মিনিট
পূর্ণমান—১০

অভীক্ষার বিশেষীকরণের ছক

বিষয়বস্তু	জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক	মোটনম্বর
আকার মাত্রিক স্বরলিপি পদ্ধতির লিখন ও পঠন	Q. No. 1. (1) 2. (1)	Q. No. 3. (2)	Q. No. 4. (2)	Q. No. 5. (2) 6. (2)	Q. No. 10
শতকরা হিসাব	20%	20%	20%	40%	100%

বন্ধনীর মধ্যেকার ( ) সংখ্যা প্রশ্নের নম্বর সূচিত করে।

উদ্দেশ্য ভিত্তিক অভীক্ষা পত্র

<u>প্রশ্নাবলী ঃ</u> নম্বর

(1) আ-কার মাত্রিক স্বরলিপির আবিষ্কারক কে? [জ্ঞানমূলক] 1

(2) এই পদ্ধতিতে পুনরাবৃত্তির চিহ্ন কি ভাবে লেখা হয়? [জ্ঞানমূলক] 1

(3) গানের কলির শেষে II চিহ্ন ও সবশেষে IIII চিহ্ন কি পার্থক্য সূচিত করে? [বোধমূলক] 2

(4) আ-কার মাত্রিক স্বরলিপি পদ্ধতিতে রবীন্দ্রনাথের রচিত সব গানগুলি লিপিবদ্ধ হয়েছে। এর কারণ দুই/দিন লাইনে লেখ। [প্রয়োগমূলক] 2

(5) নিম্নলখিত স্বরগুলি এই পদ্ধতিতে কিভাবে লেখা হয়? [দক্ষতামূলক] 2

(i) কোমল গ (ii) তীব্র ম, (iii) শুদ্ধ নি, (iv) তার সা

(6) স্বরলিপি দেখে গাও ঃ [দক্ষতামূলক] 2

```
 ১´        ২         ০          ৩
II মা মা রা । সা -মা মা । মা মা মা । মগা -পা পা I
   প্র ভু আ    মা ০ র    প্রি য় আ    মা০ ০ র

                                         ||
I পক্ষা পক্ষা পা । ধাঃ -ণ০ পা । পধা -পা -া । -মা -া -া I
  প০    র০ ম    ধ ০ ন    হে০ ০ ০    ০ ০ ০
```

[দক্ষতামূলক]

ভাতখণ্ডে স্বরলিপির চিহ্ন সম্বলিত চার্ট

শুদ্ধ স্বর → সা — রে — গ — ম — প — ধ — নি

রে̲ গ̲ ধ̲ নি̲ = কোমল রূপ

ম॑ = তীব্রম

মন্দ্রস্বর = নি় ধ় প়

তার স্বর = সাঁ রেঁ গঁ

এক মাত্রায় দুটি স্বর = '‿' = সা রে

মীড় = '⌒' = মা সা

অবগ্রহ = S

স্বরের টান = '—'

স্বরের বক্র প্রয়োগ = (স্বর)

স্পর্শস্বর = ᵐগ

তাল বিভাগ = ।

সম = X

২য়, ৩য় তালি = ২, ৩

খালি = O

আ-কার মাত্রিক স্বরলিপির চিহ্ন সম্বলিত চার্ট

-া— আকার

I—দন্ত

II—যুগ দন্ত

II II—জোড়া যুগল দণ্ড

।।—অবসান

{ } —দ্বিতীয় বন্ধনী

( ) —প্রথম বন্ধনী

[ ] —তৃতীয় বন্ধনী

‿ —মীড়

'০'—খালি

ঃ — অর্ধমাত্রা

০— সিকিমাত্রা

াঃ—দেড়মাত্রা

স্বর১—অতিকোমল

স্বর২—অনুকোমল

না—খাদের স্বর

র্সা—উচ্চসপ্তকের স্বর

১´—সম

'—'—স্বরের নীচে গানের কথা না থাকলে

'০'—গানের কথায়

পেডাগগিজ নং (২)

সঙ্গীতের পরিভাষা

শ্রেণী-নবম

মন্তব্য ঃ (ক) এই পাঠ এককটি সাতটি উপ এককে ভাগ করা হয়েছে।

(খ) শিক্ষা বিজ্ঞানের দৃষ্টিতে **প্রথম চারটি** উপ এককের বিষয়বস্তুর বিশ্লেষণ করা হয়েছে।

(গ) প্রত্যেকটি ক্ষেত্রেই ধারণা ভিত্তিক অভীক্ষাপত্র তৈরী করা হয়েছে ও ছয়টি করে প্রশ্ন রাখা হয়েছে।

বিষয়-একক **সঙ্গীতের সঙ্গে সম্পর্কযুক্ত বিভিন্ন পরিভাষা**

শ্রেণী—নবম

সঙ্গীত, আরোহ, অবরোহ, পকড়, ঠাট, বাদী, সমবাদী, অনুবাদী, বিবাদী, আভোগ, সঞ্চারী, স্থারী, অন্তরা, আলাপ, বিস্তার, তান, মাত্রা, বিভাগ, লয়, তালি, খালি, অলঙ্কার, মীড়, রাগ, নাদ, ধ্বনি, জাতি ও গ্রাম, মূর্চ্ছনা, তাল, শ্রুতি, গমক, স্বর, সপ্তক, আখর, মাতন।

উপ-একক	পিরিয়ড
১। ধ্বনি, নাদ, শ্রুতি, স্বর, সপ্তক, সঙ্গীত	১
২। আরোহ, অবরোহ, পকড়, গ্রাম, মূর্চ্ছনা	১
৩। ঠাট, রাগ, জাতি, আলাপ, বিস্তার	১
৪। বাদী, সমবাদী, অনুবাদী, বিবাদী	১
৫। মীড়, গমক, অলঙ্কার, তান	১
৬। স্থায়ী, অন্তরা, সঞ্চারী, আভোগ, আখর, মাতন	১
৭। তাল, মাত্রা, বিভাগ, লয়, তালি, খালি	১

মোট পিরিয়ড সংখ্যা = ৭

মূল্যায়ণ = ২

পুনঃ শিক্ষণ = ১

সর্বমোট = ১০

যে সব বই-এর সাহায্য নেওয়া হয়েছে ঃ

(১) সঙ্গীত তত্ত্ব—দেবব্রত দত্ত

(২) সঙ্গীত দর্শণ—ডঃ বাসন্তী চৌধুরী

(৩) সঙ্গীত প্রবেশিকা—ডঃ স্বপন নস্কর

পেডাগজি নং ঃ ২/ক

উপ-একক—১ ঃ **ধ্বনি, নাদ, শ্রুতি, স্বর, সপ্তক, সঙ্গীত**

উপ-এককের বিষয়বস্তু ঃ

ধ্বনি—দুটি বস্তুর মধ্যে সংঘাতের ফলে আহত বস্তুটির মধ্যে আন্দোলন বা কম্পনের সৃষ্টি হয়, এবং তার ফলে যে শব্দতরঙ্গের সৃষ্টি হয় তাকে ধ্বনি বলে।

নাদ—সঙ্গীতে উৎপন্ন মধুর ধ্বনিকে নাদ বলে। নাদ নিয়মিত আন্দোলনের দ্বারা উৎপন্ন হয়।

শ্রুতি—'শ্রুয়তে ইতি শ্রুতি'। সঙ্গীতের ক্ষেত্রে পরস্পর পার্থক্যসহ শোনা যায় এমন নাদকে শ্রুতি বলে। অসংখ্য নাদ থেকে পরস্পর পার্থক্য সহ শ্রুত এমন বাইশটি স্বল্প নাদ বেছে নিয়ে তাদের নাম দেওয়া হয়েছে শ্রুতি।

স্বর—সপ্তকের অন্তর্গত মোট বাইশটি শ্রুতি থেকে বারোটি বিশেষ মধুর সুর বেছে নিয়ে তাদের নাম দেওয়া হয়েছে স্বর। ধ্বনি থেকে নাদ, নাদ থেকে শ্রুতি এবং শ্রুতি থেকে স্বর উৎপন্ন হয়েছে। স্বর দুই প্রকার যথা—প্রাকৃত বা শুদ্ধ এবং বিকৃত (কোমল ও তীব্র)। অর্থাৎ ২২টি শ্রুতির উপর শুদ্ধ বিকৃত ১২টি স্বর অবস্থিত।

সপ্তক—সা থেকে নি পর্যন্ত অর্থাৎ সা রে গ ম প ধ নি, এই সাতটি শুদ্ধ স্বরের ক্রমিক রচনাকে সপ্তক বলে। সপ্তক তিন প্রকার—মন্দ্র, মধ্য, তার।

সঙ্গীত—"গীতং বাদ্যং তথা নৃত্যং
ত্রয়ং সঙ্গীত মুচ্যতে।"—('সঙ্গীত রত্নাকর')

অর্থাৎ গীত, বাদ্য ও নৃত্য এই তিনটি কলার একত্র সমাবেশকেই সঙ্গীত বলা হয়।

পূর্বজ্ঞান শিক্ষার্থীরা অনুসঙ্গ যন্ত্রের সুরে খেয়াল গান, রবীন্দ্রসঙ্গীত, বিদ্যালয়ের অনুষ্ঠান উপযোগী গান শিখেছে। সঙ্গীতে ব্যবহৃত ১২টি স্বর তারা স্বরলিপি পদ্ধতি অনুসারে লিখতে পারে। শুদ্ধ বিকৃত স্বরগুলি তারা গাইতে পারে।

কাম্য আচরণগত উদ্দেশ্য

বৌদ্ধিক বিকাশ ক্ষেত্র ঃ

জ্ঞানমূলক ঃ

(i) শিক্ষার্থীরা ধ্বনি, নাদ, শ্রুতি, স্বর, সপ্তক, সঙ্গীত এইগুলির সংজ্ঞা জানবে।

(ii) ২২টি শ্রুতির উপর সঙ্গীতের ১২টি স্বরের অবস্থান সম্পর্কে জানবে।

বোধমূলক ঃ

(i) ধ্বনি বা নাদ থেকে সঙ্গীত বিষয়টির জন্ম হয়েছে এই বিষয়টি অর্থাৎ ধ্বনি → নাদ → শ্রুতি → স্বর → সপ্তক → রাগ সঙ্গীত এটি উপলব্ধি করবে।

(ii) নাদ—শ্রুতি/শ্রুতি-স্বরের মধ্যে পার্থক্য করতে পারবে।

প্রয়োগমূলক ঃ

(i) সংজ্ঞাগুলির পাঠগ্রহণকালে শিক্ষক/শিক্ষিকার সাথে আলোচনায় অংশগ্রহণ করতে পারবে।

(ii) শ্রুতি ও সঙ্গীতের সম্পর্ক ব্যাখ্যা করতে শিখবে।

[প্রাক্ষোভিক]

রসানুভূতিমূলক ঃ

(i) শাস্ত্রীয় সঙ্গীতের ঔপপত্তিক পাঠ গ্রহণে আগ্রহী হবে ফলে সঙ্গীতের উচ্চতর বিদ্যালাভের জন্য প্রেষণা পাবে।

(ii) উপযুক্ত সাঙ্গীতিক পরিমণ্ডলে শিক্ষক/শিক্ষিকার পাঠকাল মন দিয়ে স্মরণ করার চেষ্টা করবে যার ফলে তাদের মনের একাগ্রতা বাড়বে।

[সঞ্চালন ক্ষেত্র]

দক্ষতামূলক ঃ

(i) ২২টি শ্রুতির উপর শুদ্ধ—বিকৃত ১২টি স্বরের অবস্থান এই সমন্বয়ে চার্ট প্রস্তুত করতে শিখবে।

(ii) শিক্ষক/শিক্ষিকা সংজ্ঞাগুলি ধরলে (পড়া দেবার ক্ষেত্রে) সঠিকভাবে বলতে পারবে ও বোর্ডে এসে সঠিক উত্তরটি লিখতে পারবে।

শিক্ষাদানের কৌশল

- শিক্ষক/শিক্ষিকা ধ্বনি, নাদ, শ্রুতি, স্বর, সপ্তক এই শাস্ত্রীয় সংজ্ঞাগুলি ব্যাখ্যা করে ছাত্রীদের বুঝিয়ে দেবেন।
- সঙ্গীতের পরিভাষা সুন্দরভাবে বক্তৃতার মাধ্যমে ছাত্রীদের অবহিত করবেন। 'সঙ্গীত মনোভাব প্রকাশের শ্রেষ্টতম উপায়'—রবীন্দ্রনাথ ঠাকুরের সঙ্গীত সম্পর্কে দু-একটি উদ্ধৃতি দিয়ে ব্যাখ্যা করবেন।
- নাদ-শ্রুতি-স্বর-এর মধ্যে যে নিবিড় সম্পর্ক রয়েছে তা প্রশ্নোত্তরের মাধ্যমে শিক্ষার্থীদের বুঝিয়ে দেবেন।
- ২২টি শ্রুতির ওপর ১২টি শুদ্ধ বিকৃত স্বরের অবস্থান সম্পর্কে বক্তৃতা দেবেন। শুদ্ধ বিকৃত ১২ স্বর আরোহ ও অবরোহ গেয়ে শোনাবেন।
- স্বর ও শ্রুতির মধ্যে পার্থক্যগুলি শিক্ষিকা শ্রেণীতে আলোচনা করবেন।
- শিক্ষিকা সঙ্গীতের শ্রেণীতে সাঙ্গীতিক পরিমণ্ডল বজায় রাখবেন ও শিক্ষার্থীদের পাঠে মনযোগী করতে সচেষ্ট থাকবেন।
- চার্ট প্রস্তুত করাবেন। সংজ্ঞাগুলি লিখিয়ে দেবেন।

সহায়ক উপকরণের ব্যবহার ঃ

- শ্রেনীতে হারমোনিয়াম ও তানপুরা ব্যবহার করবেন—শুদ্ধ ও বিকৃত স্বরের ব্যবধান ব্যাখ্যা করার সময়।

ব্ল্যাকবোর্ডের ব্যবহার ঃ

- সংজ্ঞাগুলি বোর্ডে লিখে দেবেন।
- চার্ট প্রস্তুতি-করণের নির্দেশনা লিখে দেবেন। (২২টি শ্রুতি ও ১২টি স্বর সম্বলিত)

অনুসন্ধানী প্রশ্নাবলী ও সংক্ষিপ্ত উত্তর

প্রশ্ন ঃ 'ধ্বনি' শব্দটি সঙ্গীত ছাড়া অন্য কোন বিষয়ের সাথে বিশেষভাবে যুক্ত।

উত্তর ঃ পদার্থবিদ্যা।

প্রশ্ন ঃ সঙ্গীতে শুদ্ধস্বর ছাড়াও বিকৃত স্বর প্রয়োগের কি কারণ থাকতে পারে?

উত্তর ঃ প্রকৃতির সাদা আলোতে যেমন বহু রঙের সমাবেশ তাই প্রকৃতি এত রঙিন, সুন্দর। সঙ্গীত একটি শিল্পকলা যাতে রঞ্জকতাই প্রাধান্য পায় তাই বিকৃত স্বর ও শুদ্ধস্বর দুইএর ব্যবহারে এর সফলতা।

ওয়ার্কসীট

১। স্বর কাকে বলে?

২। সপ্তক কয় প্রকার? সঙ্গীত লিপিতে বিভিন্ন সপ্তক কিভাবে প্রকাশ করা হয়।

বিষয়বস্তুর ধারণা সংক্রান্ত উদাহরণ

বিষয়	উদাহরণ
সঙ্গীতের পরিভাষার ব্যবহার বহু প্রাচীন। (ধ্বনি, নাদ, শ্রুতি, স্বর, সপ্তক, সঙ্গীত-ইত্যাদির)।	সঙ্গীতের প্রাচীন গ্রন্থকারগণ নাদ-শ্রুতি-স্বর সম্পর্কে বেশ কিছু মূল্যবান তথ্য লিপিবদ্ধ করে গেছেন—

গ্রন্থাকারের নাম	গ্রন্থের নাম
ভরত—	নাট্যশাস্ত্র
শার্ঙ্গদেব—	সঙ্গীতরত্নাকর
লোচন—	রাগতরঙ্গিনী
শ্রীনিবাস—	রাগতত্ত্ব বিবোধ
পঃ ভাতখন্ডে	1) অভিনব রাগ মঞ্জুরী 2) ভারতীয় সঙ্গীত পদ্ধতি

বিষয়	উদাহরণ
রবীন্দ্রনাথের 'সঙ্গীতে'র সংজ্ঞা	(2) রবীন্দ্রনাথ ঠাকুরের 'সঙ্গীতচিন্তা গ্রন্থটিতে সঙ্গীতের আলোচনাকার বলেছেন-সঙ্গীত সুরের ভাষা, ভাবের ভাষা'
সঙ্গীত বিষয়টি শ্রুতি আধারিত	(3) সঙ্গীতের সম্পর্কে তথ্যগুলি উদাহরণ সহযোগে বিশ্লেষণ করবেন।

অভীক্ষার বিশেষীকরণের ছক

উপ-এককের বিষয়বস্তু	জ্ঞান মূলক	বোধ মূলক	প্রয়োগ মূলক	রসানুভূতি মূলক	দক্ষতা মূলক	মোটনম্বর
ধ্বনি, নাদ, শ্রুতি, স্বর, সপ্তক, সঙ্গীত	১ (২) ২ (১)	৩ ($\frac{১}{২}$) ৪ ($\frac{১}{২}$)		৫ (১)	৪(১)	
শতকরা হার	৫০%	১৬.৬%		১৬.৬%	১৬.৬%	১০০%

উদ্দেশ্যভিত্তিক অভীজ্ঞাপত্র

পূর্ণমান—৬, সময় ৮ মিনিট

শ্রেণী—নবম

১। সংজ্ঞা লেখ ঃ নাদ, সঙ্গীত [জ্ঞানমূলক] ২

২। শুদ্ধ গ ও র্ম (তীব্র) কোন কোন সংখ্যক শ্রুতির ওপর প্রতিষ্ঠিত? [জ্ঞানমূলক] ১

৩। শ্রুতি ও স্বরের মধ্যে একটি পার্থক্য নিরূপণ কর। [বোধমূলক] ১/২

৪। শুদ্ধ ও বিকৃত স্বরের পার্থক্য কি? [বোধমূলক] ১/২

৫। মন্দ্র ও মধ্য সপ্তকের গ, রে স্বর দুটি বোর্ডে লেখ। [দক্ষতামূলক] ১

৬। ধ্‌, র্ম, ম, স্বরগুলি পরপর গেয়ে শোনাও। [রসানুভূতি ও দক্ষতামূলক] ১

বর্তমানে প্রচলিত স্বর ও শ্রুতির অবস্থান

শ্রুতি নং	স্বর
১	সা [অচল]
২	
৩	রে (কোমল)
৪	
৫	রে
৬	
৭	গ (কোমল)
৮	গ
৯	
১০	ম
১১	
১২	র্ম
১৩	
১৪	প [অচল]
১৫	
১৬	ধ (কোমল)
১৭	
১৮	ধ
১৯	
২০	নি (কোমল)
২১	নি
২২	

পেডাগজি নং ঃ ২/খ

পরিভাষা

উপ-একক—২ আরোহ, অবরোহ, পকর, গ্রাম—মূর্চ্ছনা

বিষয়বস্তু ঃ


আরোহ—যখন কোনো স্বরসমষ্টি আরোহণক্রমে অর্থাৎ নিচের দিক থেকে ক্রমশঃ উপরের দিকে ওঠে তখন তাকে আরোহ বলে। যেমন—সা রে গ ম প ধ নি সা।

অবরোহণ—যখন কোনো স্বরসমষ্টি অবরোহণ ক্রমে অর্থাৎ উপরের দিক থেকে নিচের দিকে নামতে থাকে তাকে অবরোহণ বলে। যেমন—সা নি ধ প ম গ রে সা।

পকড়—যে অল্পসংখ্যক স্বরসমষ্টি দ্বারা রাগ চিনতে পারা যায় তাকে পকড় বলে। যেমন-ইমন রাগের পকড় হল-নি রে গ, রে সা, প ম গ রে সা।

গ্রাম—গ্রাম বলতে সপ্তককে বোঝায়। প্রাচীনকালে বাইশটি শ্রুতির উপর সাতটি শুদ্ধস্বর স্থাপন করে সেই সাতটি স্বরের ক্রমিক সমষ্টিকে গ্রাম বলা হত। গ্রাম তিন প্রকারের—ষড়জ গ্রাম, মধ্যম গ্রাম, গান্ধার গ্রাম। গ্রাম থেকে মুর্চ্ছনার সৃষ্টি।

মূর্চ্ছনা—গ্রামের অন্তর্গত সাতটি স্বরের আরোহণ অবরোহণের ক্রমকে মূর্চ্ছনা বলে। প্রতিটি গ্রামে সাতটি করে মুর্চ্ছনা থাকায় তিনটি গ্রামের মোট মূর্চ্ছনা সংখ্যা হল একুশটি। প্রাচীনকালে সাত স্বরের ক্রমিক আরোহণকেই মূর্চ্ছনা বলা হত।



বর্তমানের উদারা, মুদারা ও তারা এই তিন স্বর সপ্তককে গ্রাম বলা হয়। ষড়জ গ্রামের সপ্তস্বর যতাক্রমে

৪, ৩, ২, ৪, ৪, ৩, ২ শ্রুতি বিশিষ্ট। মধ্যম গ্রামের স্বর ছিল ষড়জ গ্রামের পঞ্চম থেকে এক শ্রুতি কম। তাই সপ্তকের প্রতিটি স্বর ষড়জ গ্রাম অপেক্ষা পরপর একশ্রুতি কম।

প্রাচীনকালে রাগগুলি মুর্চ্ছনাভিত্তিক ছিল অর্থাৎ রাগের স্বর সমন্বয়ের উপর ভিত্তি করে কোন রাগ কোন মূর্চ্ছনার অন্তর্গত হবে তা নির্দ্ধারিত হত। বর্তমান কালের রাগগুলি যেমন ঠাট ভিত্তিক ঠিক সেরকম।

পূর্বজ্ঞান শিক্ষার্থীরা স্বর, সপ্তক, সঙ্গীত-এর পরিভাষা সম্পর্কে জেনেছে।

উদ্দেশ্য ঃ

[বৌদ্ধিক বিকাশ ক্ষেত্র]

জ্ঞানমূলক ঃ শিক্ষার্থীরা আরোহ, অবরোহ, পকড়, গ্রাম, মূর্চ্ছনা-র সংজ্ঞা জানবে ও এগুলির সঙ্গে সম্পর্কিত অন্যান্য বিষয়গুলি অবহিত হবে।

বোধমূলক ঃ পরিভাষাগুলির তাৎপর্য উদাহরণ সহযোগে ব্যাখ্যা করতে শিখবে।

প্রয়োগমূলক ঃ আরোহ, অবরোহ, পকড় ইত্যাদি দু-একটি রাগেগায়নের দ্বারা উপস্থাপিত করতে পারবে।

প্রাক্ষোভিক ক্ষেত্র ঃ

রসানুভূতিমূলক ঃ পরিভাষাগুলি জানার ফলে সঙ্গীতের শাস্ত্রীয় সংজ্ঞা ও প্রত্যেকটির ক্রিয়াত্মক সঙ্গীতে প্রয়োগের বিষয়ে আগ্রহী হবে।

সমানুভূতির সাথে উপ-এককের বিষয়টি আত্তীকরণ করার চেষ্টা করবে ফলে তাদের মধ্যে সৃজনশীল প্রতিভার বিকাশ ঘটবে।

সঞ্চালন ক্ষেত্র ঃ

দক্ষতামূলক ঃ রাগেআরোহ, অবরোহের ব্যবহার সম্বলিত গ্রাফ প্রস্তুত করতে শিখবে।

দু একটি রাগের আরোহ, অবরোহ, পকড় গাইতে সক্ষম হবে।

শিক্ষাদানের কৌশল

শিক্ষক আরোহন, অবরোহন, পকড়, গ্রাম, মূর্চ্ছনা-র সংজ্ঞা বক্তৃতার মাধ্যমে বলে দেবেন।

সাঙ্গীতিক পরিমণ্ডল রচনা করে দু-একটি রাগের উদাহরণ দিয়ে পরিভাষাগুলির ক্রিয়াত্মক সঙ্গীতে ব্যবহার সম্পর্কে অবহিত করবেন।

সঙ্গীতে গ্রামের ব্যবহার প্রাচীন কালে হত এই প্রসঙ্গে গ্রাম সপ্তকের সম্পর্কটি বিশ্লেষণ করে বুঝিয়ে দেবেন। গ্রাম ও মুর্চ্ছনার সম্পর্ক ব্যাখ্যা করে দেবেন।

শিক্ষার্থীদের পাঠগ্রহণে মনযোগী করে তুলবেন ও রাগে আরোহ-অবরোহ সম্বলিত দু-একটি চার্ট প্রস্তুত করতে শিক্ষার্থীদের সাহায্য করবেন।

সহায়ক উপকরণের ব্যবহার ঃ

১। সুরযন্ত্র-ক্রিয়াত্মকসঙ্গীতের সাহায্যে ব্যাখ্যা দানকালে।

<u>বোর্ডের ব্যবহার ঃ</u>

পরিভাষাগুলির সংজ্ঞা বোর্ডে লিখে দেবেন।


আরোহ-অবরোহ গ্রাফ প্রস্তুতীকরণের পদ্ধতি বোর্ডে লিখে বোঝাবেন।

অনুসন্ধানী প্রশ্ন

প্রশ্ন	উত্তর
১। আরোহণ, অবরোহণ, পকড়, রাগ-পরিচিতির ব্যাপারে এত গুরুত্বপূর্ণ কেন?	১। রাগ পরিচিতির ক্ষেত্রে আরোহণ-অবরোহণ রাগে ব্যবহৃত স্বর-সমুদয়কে প্রকাশ করে আর 'পকড়' রাগ রূপ প্রকাশের বিশেষ স্বর গুচ্ছ (Main Phrase of a Raga)-এই কারণে রাগ পরিচিতির ক্ষেত্রে এগুলি জানা অত্যন্ত জরুরী।
২। বর্তমানে প্রচলিত 'সপ্তক' এবং 'ঠাট' কে প্রাচীন কালের কোন পরিভাষার সুঙ্গে মেলানো যায়?	২। প্রাচীন কালের 'গ্রাম' পরিভাষাটি যে অর্থে সঙ্গীতে ব্যবহৃত হত তা বাহুলাংশে 'সপ্তক' পরিভাষার প্রয়োগে পাই এবং মূর্চ্ছনার বর্তমান রূপ আমরা ঠাট-এর মধ্যে পাই।

ওয়ার্ক শিট্

কাফী রাগের আরোহণ-অবরোহণে গ্রাফ সম্পূর্ণ করে দেখাও ঃ



কাফী রাগ—s r <u>g</u> m p d <u>n</u> ṡ–

বিষয়বস্তুর ব্যাখ্যাদানের জন্য উদাহরণ

ধারণা	উদাহরণ
রাগে আরোহ-অবরোহ, পকড়ের (ক্রিয়াত্মক) প্রয়োগ	রাগ কাফীর আরোহ-অবরোহ, পকড় গেয়ে শোনাবেন। আরোহ-অবরোহে গান্ধার ও নিষাদ কোমল রূপে ব্যবহৃত হলে সম্পূর্ণ—সম্পূর্ণ জাতির এই রাগটির সরূপ কি রকম হয় তা দেখিয়ে দেবেন। বন্দিশ গেয়ে রাগরূপের বিশ্লেষণ করবেন।

অভীক্ষার বিশেষীকরণের ছক

বিষয় বস্তু	জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক	মোটনম্বর
পরিভাষা-আরোহ, অবরোহ, পকড়, গ্রাম, মূর্চ্ছনা	1,2 (3)	3, 4 (2)	5 (1)	6 (2)	8
শতকরা হার	37.5%	25%	12.5%	25%	100%

(বন্ধনীর ভেতরে প্রশ্নের মান ও বাইরে ক্রমিক সংখ্যা নির্দেশ করে)

উদ্দেশ্য ভিত্তিক অভীক্ষা পত্র

মোট নম্বর = ৬

প্রশ্ন ঃ

নম্বর

(1) 'আরোহ'-র পরিভাষা লেখ। [1]

(2) কোন রাগের আরোহ-অবরোহ জানা থাকলে তার থেকে রাগ সম্পর্কিত কি কি বিষয় আমরা জানতে পারি? [2]

(3) গ্রাম ও মূর্চ্ছনার মধ্যে কি পার্থক্য? [1]

(4) ষড়জ গ্রাম ও মধ্যম গ্রামের মধ্যে মূল পার্থক্য কোথায়? [1]

(5) রাগে 'পকড়'-এর গুরুত্ব নির্ণয় করো। [1]

(6) কাফী রাগের আরোহ, অবরোহ ও পকড় গেয়ে শোনাও [2]

পেডাগগজি নং ২/গ ঃ

উপ-একক—৩

বিষয় ঃ ঠাট, রাগ, জাতি, আলাপ, বিস্তার

বিষয়বস্তুর সংক্ষিপ্তসার ঃ

ঠাট ঃ 'ঠাট' শব্দটির অর্থ কাঠামো বা সূত্র। সঙ্গীতে ঠাট থেকে রাগের জন্ম হয়।

একটি সপ্তকের বারটি স্বরের মধ্যে সাতটি স্বরের ক্রমিক আরোহ গতি যা রাগ উৎপাদনে সক্ষম তাকে ঠাট বলে। উত্তর ভারতীয় সঙ্গীতে মোট দশটি ঠাট আছে। যথা—বিলাবল, খাম্বাজ, কল্যাণ, কাফী, মাড়োয়া, আশাবরী, ভৈরবী, পূর্বী, ভৈরব, টোড়ী।

ঠাটের বৈশিষ্ট্যগুলি হল ঃ

(ক) ঠাটের সাতটি স্বর ক্রমিক হতে হবে। যেমন—সা, রে, গ, ম, প, ধ, নি

(খ) একটি ঠাটে একই সুরের দুই রূপ ব্যবহৃত হয় না।

(গ) ঠাটের শুধু আরোহ হয়, অবরোহ হয় না।

রাগ ঃ স্বর ও বর্ণের মনোরঞ্জক রচনা হল রাগ। রাগের কতগুলি শাস্ত্রীয় নিয়ম রয়েছে। যেমন—

(ক) দশটি ঠাটের যে কোন একটি থেকে রাগের স্বর নিতে হবে।

(খ) পাঁচ স্বরের কম এবং সাত স্বরের বেশী স্বর দিয়ে রাগ রচিত হবে না।

(গ) প্রত্যেক রাগে 'সা' স্বর অনিবার্য্য ও মধ্যম, পঞ্চম দুটি স্বরের যে কোন একটির থাকা আবশ্যক।

(ঘ) একই স্বরের দুটি রূপ পাশাপাশি ব্যবহৃত হয় না তবে ব্যতিক্রম আছে।

(ঙ) রাগে স্বরগুলিকে বক্রগতিতে প্রয়োগ করা যায়। আরোহ-অবরোহে সমান সংখ্যক স্বরের ব্যবহার নাও হতে পারে রাগে বাদী, সমবাদী, পকড় থাকে। নির্দিষ্ট সময়ে গীত হয়।

জাতি ঃ রাগে ব্যবহৃত স্বর সংখ্যার সমষ্টি হল জাতি। স্বরসংখ্যার বিভিন্নতায় জাতি সংখ্যা মূলত তিন—

ঔরব (5 স্বরের রাগ)

ষাড়ব (6 স্বরের রাগ)

সম্পূর্ণ (7 স্বরের রাগ)

আলাপ ঃ 'আলাপ'-এর অর্থ পরিচয়। রাগ পরিবেশনের পূর্বে ধীরলয়ে ঝংকার, স্বর বা নোম্-তোম্ সহযোগে, তালবিহীন সুর রচনা হল আলাপ।

বিস্তার ঃ রাগ পরিবেশনকালে আ-কার/স্বর/বাণী সহযোগে সুররচনা হল বিস্তার। বিস্তার ধীরলয়ে হলেও তালবদ্ধভাবে গীত হয়।

পূর্বজ্ঞান শিক্ষার্থীরা সঙ্গীত, ধ্বনি, নাদ, স্বর, জাতি ইত্যাদি পরিভাষাগুলির সাথে পরিচিত।

উদ্দেশ্য ঃ

বৌদ্ধিক বিকাশ ক্ষেত্র ঃ

জ্ঞানমূলক ঃ শিক্ষার্থীরা এই উপ-এককের পরিভাষাগুলি সম্পর্কে জ্ঞান লাভ করবে।

বোধমূলক ঃ এই পরিভাষাগুলির মধ্যে শিক্ষার্থীরা পারস্পরিক সম্পর্ক স্থাপন করতে পারবে।

প্রয়োগমূলক ঃ সঙ্গীতের বিভিন্ন অংশে এই পরিভাষাগুলির প্রয়োগ কিভাবে হয়েছে তা অনুধাবন করতে পারবে।

প্রাক্ষোভিক ক্ষেত্র ঃ

রসানুভূতিমূলক ঃ সাঙ্গীতিক বিভিন্ন পরিভাষাগুলির ঔপপত্তিক জ্ঞান লাভের পর সেগুলিকে ক্রিয়াত্মক সঙ্গীতে সঠিকভাবে প্রয়োগের জন্য আগ্রহী হবে।

সঞ্চালন ক্ষেত্র ঃ

দক্ষতামূলক ঃ সাঙ্গীতিক পরিভাষাগুলি মুখে বলতে পারার পাশাপাশি গেয়ে ব্যাখ্যা করে দেখাতে পারবে।

শিক্ষণ কৌশল ঃ

শিক্ষণের সাধারণ পদ্ধতি ঃ শিক্ষিকা সাঙ্গীতিক পরিভাষাগুলি বক্তৃতার মাধ্যমে শিক্ষার্থীদের সামনে উপস্থাপিত করবেন এবং কিভাবে তার সাঙ্গীতিক প্রয়োগ হয় তা ব্যাখ্যা করবেন ও গেয়ে শোনাবেন।

শিক্ষা সহায়ক উপকরণ ঃ চক্, বোর্ড।

অনুসন্ধানী প্রশ্ন ও উত্তর

প্রশ্ন ঃ (১) রাগ গাওয়া হয় কিন্তু ঠাট গাওয়া হয় না কেন?

উত্তর ঃ রাগ রঞ্জকত্ব গুণ সম্পন্ন এখানে স্বরের আরোহণ অবরোহণ, বক্রগতি, বাদী-সমবাদীর ব্যবহার ইত্যাদি দেখা যায়। এক্ষেত্রে স্বরের আরোহণ সর্বদা ক্রমিকও হয় না। কিন্তু ঠাট হল স্বরের শুধুমাত্র ক্রমিক আরোহ গতি। এখানে রঞ্জকতার কোন স্থান নেই তাই ঠাট গাওয়া হয় না।

(২) রাগের আলাপে কি বৈচিত্র আনয়ন করলে তা রাগবিস্তার হবে? পরিভাষায় সাদৃশ্য ও বৈসাদৃশ্য আলাপ ও বিস্তার এই দুটি কোথায়?

উত্তর ঃ আলাপ রাগ পরিবেশনের পূর্বে তালবিহীনভাবে গাওয়া হয়। বিস্তার রাগ পরিবেশনকালে তালবদ্ধ ভাবে গীত হয়। দুটির ক্ষেত্রেই আ-কার/নোম-তোম/ স্বর প্রয়োগে ধীরলয়ে গাওয়া হয়।

(৩) ঔড়ব-ষাড়ব জাতির কোন বিশেষ রাগ হলে তার বৈশিষ্ট্য কি বোঝায়?

উত্তর ঃ এই বিশেষ রাগটির আরোহে 5 টি স্বর এবং অবরোহণে 6 টি স্বর লাগবে।

কাজের পাতা ঃ

(i) আলাপ ও তানের সাদৃশ্য—বৈসাদৃশ্য লেখ।

(ii) রাগ ও ঠাটের তফাৎ লেখ।

বিষয়ের ব্যাখ্যা দানের জন্য উদাহরণ (Examples to illustrate concepts/content)

ধারণা	উদাহরণ
ঠাট, রাগ, আলাপ, বিস্তার-সম্পর্কে ধারণা	শিক্ষিকা দশটি ঠাট এবং কিছু 'জন্য রাগ' গেয়ে শোনাবেন

অভীক্ষার বিশেষীকরণের ছক

উপ-এককের বিষয়বস্তু	জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক	মোটনম্বর
ঠাট, রাগ, আলাপ বিস্তার	1/5/6	2	4	3	6
নম্বর	[1]/[1]/[1]	[1]	[1]	[1]	
শতকরা হিসাব	49.8%	16.6%	16.6%	16.6%	100%

উদ্দেশ্য ভিত্তিক অভীক্ষা পত্র

প্রশ্ন ঃ

(1) ঠাট কাকে বলে? [জ্ঞানমূলক]

(2) ঠাটের সঙ্গে রাগের তফাৎ কি? [বোধমূলক]

(3) বিস্তার কিভাবে করা হয় গেয়ে শোনাও। [দক্ষতামূলক]

(4) স্বরের বক্রগতির রঞ্জিত রচনা— এটিকে কি বলা যায়? [জ্ঞানমূলক]

(5) আলাপ বলতে কি বোঝায়? [জ্ঞানমূলক]

(6) জাতির প্রকারভেদ কয়প্রকার ও কেন? [জ্ঞানমূলক]

অনুসন্ধানী প্রশ্নাবলী

প্রশ্ন	উত্তর
১। রাগ গাওয়া হয় কিন্তু ঠাট গাওয়া হয় না, এর কারণ কি?	১। ঠাট হল সাত স্বরের ক্রমিক আরোহ গতি। রাগের মত এখানে জাতি, বাদী, সম্বাদী ইত্যাদি বৈচিত্র্য নেই। রাগের রঞ্জকতা গুণ রয়েছে। ঠাট এই গুণ প্রকাশে অক্ষম তাই রাগ গাওয়া হয় কিন্তু ঠাট গাওয়া যায় না।
২। রাগের আলাপে কি বৈচিত্র্য আনয়ন করলে তা রাগ বিস্তার হবে?	২। রাগ আলাপে গানের বন্দিশের সুরের আভাস, তাল ছন্দের প্রয়োগ করে গাইলে তা রাগে বিস্তার হয়ে যাবে।

পেডাগজি নং ২/খ ঃ

উপ-একক—৪

বাদী, সমবাদী, অনুবাদী, বিবাদী প্রভৃতি পরিভাষার বিশ্লেষণ ..... (উপ-একক নং ৪)

শ্রেণী ঃ নবম

বিষয়বস্তুর সংক্ষিপ্তসার ঃ

বাদীস্বর ঃ রাগে ব্যবহৃত স্বর-সমূহের মধ্যে যে স্বরটি বেশী ব্যবহার হয় তাকে বাদী-স্বর বলে। প্রাচীনকালে বাদীস্বরকে অংশস্বর বলা হতো। বাদীস্বর পূর্বাংশের হলে পূর্বাঙ্গবাদী রাগ এবং উত্তরাংশের হলে উত্তরাঙ্গ বাদী রাগ হবে। বাদীস্বরের উদাহরণ ঃ ইমনরাগের বাদীস্বর = শুদ্ধ গান্ধার (গ)।

সমবাদী স্বর ঃ রাগে ব্যবহৃত স্বরের মধ্যে বাদী অপেক্ষা কম, কিন্তু অন্যান্য স্বর অপেক্ষা বেশী যে স্বরটি ব্যবহার হয় তাকে সমবাদী স্বর বলে। যেমন—ইমনরাগে সমবাদী স্বর = শুদ্ধ নিষাদ (নি)।

অনুবাদী স্বর ঃ বাদীস্বর এবং সমবাদী স্বর বাদে রাগে যে অন্যান্য স্বর ব্যবহার হয় সেই স্বরগুলিকে অনুবাদী স্বর বলে। যেমন—ইমন্ রাগের অনুবাদী স্বর—রে, ম॑, প, ধ।

বিবাদী স্বর ঃ যে স্বরের প্রয়োগে রাগরূপ ভ্রষ্ট হয় তাকে বিবাদীস্বর বলে। যদিও গুণীজন কৌশলে এইস্বর প্রয়োগের দ্বারা রাগের রঞ্জকত্ব সৃষ্টি করে থাকেন।

পূর্বজ্ঞানভিত্তিক সামর্থ ঃ

(ক) শিক্ষার্থীরা ইতিপূর্বে সঙ্গীতের কিছু কিছু পরিভাষা সম্পর্কে অবহিত হয়েছে।

(খ) 'সঙ্গীত' সম্পর্কে একটা ধারণা শিক্ষার্থীদের আত্মস্থ হয়েছে।

কাম্য আচরণগত উদ্দেশ্য ঃ

বৌদ্ধিক ক্ষেত্র

জ্ঞানমূলক—শিক্ষার্থীরা বাদী, সমবাদী, অনুবাদী, বিবাদী স্বরের সংজ্ঞা বলতে পারবে।

বোধমূলক—শিক্ষার্থীরা পরিভাষাগুলির অর্থ উপলব্ধি করতে পারবে এবং রাগে এগুলি ব্যবহার করা জানবে।

প্রয়োগমূলক—বাদী, সমবাদী, অনুবাদী, বিবাদী স্বরের পারস্পরিক সম্পর্ক সম্বন্ধে বুঝতে পারবে।

অন্যান্য—শিক্ষকের সহায়তায় পরিভাষাগুলির সুক্ষ পার্থক্য গেয়ে দেখাবার ক্ষমতা অর্জন করবে।

রসানুভূতিক ক্ষেত্র ঃ

(১) পরিভাষাগুলির তাত্ত্বিক বিশ্লেষণের সাথে সাথে ক্রিয়াত্বক দিকটির প্রতি আকর্ষিত হবে।

(২) পরিভাষাগুলি রাগে কেমনভাবে সম্পর্কযুক্ত জানার ফলে এর প্রতি অনুরাগ আরও বেরে যাবে এবং সঙ্গীতের প্রতি শ্রদ্ধা জাগরিত হবে।

PEDAGOGICAL ANALYSIS

বিষয় ঃ সঙ্গীত (কন্ঠ)

বিষয়বস্তু বিশ্লেষণ

পাঠ-একক

সঙ্গীতের সঙ্গে সম্পর্কযুক্ত বিভিন্ন পরিভাষা। যেমন—সঙ্গীত, আরোহ, অবরোহ, পকড়, গ্রাম, মূর্চ্ছণা, ঠাট, রাগ, জাতি, আলাপ, বিস্তার, বাদী, সমবাদী, অনুবাদি, বিবাদী, মীড়, গমক, অলংকার, তান, ধ্বনি, নাদ, শ্রুতি, স্বর, সপ্তক, স্থায়ী, অন্তরা, সঞ্চারী, আভোগ, আখর, মাতন, তাল, মাত্রা, বিভাগ, লয়, তালি, খালি ইত্যাদি।

শ্রেণী—নবম

উপ-একক	পিরিয়ড্ সংখ্যা
১। ধ্বনি, নাদ, শ্রুতি, স্বর, সপ্তক, সঙ্গীত	১
২। আরোহ, অবরোহ, পকড়, গ্রাম, মূর্চ্ছণা	১
৩। ঠাট, রাগ, জাতি, আলাপ, বিস্তার	১
৪। বাদী, সমবাদী, অনুবাদী, বিবাদী	১
৫। মীড়, গমক, অলংকার, তান	১
৬। স্থায়ী, অন্তরা, সঞ্চারী, আভোগ, আখর, মাতন	১
৭। তাল, মাত্রা, বিভাগ, লয়, তালি, খালি	১
মোট	= ৭
মূল্যায়ন	= ২
পুনঃ শিক্ষণ	= ১
মোট পিরিয়ড্	= ১০

সঞ্চালক ক্ষেত্র

(i) শিক্ষার্থীরা বিভিন্নরাগের বাদী, সমবাদী, অনুবাদী ও বিবাদী স্বরের একটা তালিকা তৈরী করতে পারবে।

(ii) পরিভাষাগুলির ক্রিয়াত্বক অংশ এককভাবে গেয়ে শোনাতে পারবে।

শিক্ষাদানের কৌশল

শিক্ষাদানের বিভিন্ন কৌশল

১। সঙ্গীতের নিদৃষ্ট পরিভাষা (বাদী, সমবাদী, অনুবাদী, বিবাদী) গুলির সংজ্ঞা ব্যাখ্যা করে বুঝিয়ে দেবেন শিক্ষক।

২। রাগে ব্যবহৃত স্বরের মধ্যে এই পরিভাষাগুলির পারস্পরিক সম্পর্ক সম্বন্ধে তত্ত্ববিধায়ক এবং ক্রিয়াত্বকভাবে বিশ্লেষণ করবেন শিক্ষক।

৩। শিক্ষক উদাহরণ সহযোগে বাদী, সমবাদী, অনুবাদী ও বিবাদী স্বরের পার্থক্য ক্রিয়াত্বকভাবে বিশ্লেষণ করবেন।

৪। কিছু কিছু রাগে যেমন—বেহাগ, দেশ, মালকোশের বাদী, সমবাদী, অনুবাদী, বিবাদী স্বরের প্রয়োগ সম্বন্ধে আলোচনা করবেন শিক্ষক।

৫। শিক্ষক শ্রেণীতে লক্ষ্য রাখবেন—সকল শিক্ষার্থী পাঠে মনোযোগী কিনা। উপযুক্ত সাঙ্গীতিক পরিবেশ রচনার মাধ্যমে সঙ্গীত শিক্ষক—শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণের চেষ্টা করবেন।

সহায়ক উপকরণের ব্যবহার

(১) পরিভাষাগুলির একটা তালিকা (২) সুরযন্ত্র।

বোর্ডের ব্যবহার

শিক্ষক সংজ্ঞাগুলি লিখে দেবেন এবং বাদী, সমবাদী স্বরের তালিকা প্রস্তুতি করণের নির্দেশনা বোর্ডে লিখে দেবেন।

অনুসন্ধানী প্রশ্ন এবং সংক্ষিপ্ত উত্তর (Probing questions and Answers)

প্রশ্ন ঃ (১) রাগকে যদি একটা রাজ্যধরা হয় তাহলে এই রাজ্যে কে রাজা এবং কে মন্ত্রী?

উত্তর ঃ রাজা—বাদীস্বর, মন্ত্রী—সমবাদীস্বর।

প্রশ্ন ঃ (২) ইমন রাগকে পূর্বাঙ্গবাদী রাগ বলা হয় কেন?

উত্তর ঃ রাগটির বাদীস্বর পূর্বাংশে অর্থাৎ সারেগম-র মধ্যে তাই।

প্রশ্ন ঃ (৩) রাগে বাদীস্বর থাকে কেন?

উত্তর ঃ রাগের বৈশিষ্ঠ্য প্রকাশ করার জন্য রাগে বাদীস্বর থাকে। জীবকোষের মধ্যে নিউক্লিয়াস হল প্রাণকেন্দ্র। যার দ্বারা কোষের সব কাজ নিয়ন্ত্রিত হয়। রাগের মধ্যে বাদীস্বর হল প্রাণকেন্দ্র। যার দ্বারা রাগের রূপ প্রতিষ্ঠিত হয়। সেইজন্য বাদীস্বর অপরিহার্য।

ওয়ার্ক সিট বিভিন্ন রাগের বাদী ও সমবাদীর একটা তালিকা প্রস্তুত কর।

ধারণাভিত্তিক প্রশ্নাবলী

পূর্ণমান—৬ সময়—৬ মিনিট

অভীক্ষার বিশেষীকরণের ছক

উপ-এককের বিষয়বস্তু	জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক	মোটনম্বর
সঙ্গীতে ব্যবহৃত পরিভাষা বাদী সমবাদী, অনুবাদী বিবাদী স্বরের আলোচনা	১। [১]	২। [১]	৩। [২]	৪। [২]	৬
শতকরা হার	১৬.৬%	১৬.৬%	৩৩.৩%	৩৩.৩%	১০০%

[ ] প্রশ্নের মান দেওয়া হল।

সঠিক উত্তরটি লেখ ঃ

(১) রাগে ব্যবহৃত স্বরের মধ্যে কোন স্বরটি বেশী ব্যবহার হয়? [জ্ঞানমূলক] ১

(২) বাদীস্বর এবং সমবাদী স্বরের পার্থক্য কি? [বোধমূলক] ১

(৩) বাদী ও সমবাদী স্বরের সম্পর্ক কি? [প্রয়োগমূলক] ২

(৪) রাগে বিবাদীস্বরের ব্যবহার কিভাবে হয়? [দক্ষতামূলক] ২

বিষয়ের ব্যাখ্যাদানের জন্য উদাহরণ ঃ

ধারণা	উদাহরণ
রাগের বাদীস্বর রাগ পরিবেশনের সময়কে সূচিত করে	'সা-প' এর মধ্যে বাদীস্বর হলে রাগ পূর্বাঙ্গবাদী হয় অর্থাৎ দিন ১২টা থেকে রাত্রি ১২টার মধ্যে পরিবেশিত হয়। যেমন—ভূপালী, ইমন এই রাগ দুটিতে বাদীস্বর 'গ' দুটি রাগই রাত্রি প্রথম প্রহরে গাওয়া হয়।
বিবাদী স্বরের ব্যবহার	সাধারণত 'কণ্' স্বর হিসাবে কোনও কোনও রাগে ব্যবহৃত হয়। যেমন—হমীর, কেদার, ছায়ানট রাগের কোমল 'নি' বিবাদীস্বর।

Teaching Learning Module–Music

1.1 ভারতে প্রচলিত বিভিন্ন তাল পদ্ধতির সাধারণ জ্ঞান ঃ প্রাচীনকালে দুই প্রকার তাল ছিল; এক-গান্ধর্ব ও দুই—দেশী। গান্ধর্ব বা মার্গ তাল বহু কঠিন নিয়ম দ্বারা চালিত ছিল বর্তমানে এর প্রচলন নেই। মার্গ তালের কতকগুলি বৈশিষ্ট ছিল। যথা—মাত্রা, তালাঙ্গ, কলা, মার্গ, ক্রিয়া, পাঠ, তাল-জাতি ইত্যাদি। প্রাচীন গ্রন্থে পাওয়া যায়—শিবের পঞ্চমুখ থেকে ৪টি বেদ এবং একটি উপবেদ বা পঞ্চবেদ জন্মেছিল। এই পাঁচটি বেদ থেকে পাঁচটি গান্ধর্ব তালের সৃষ্টি হয়। যেমন—(১) **চচ্চৎপুট;** (২) **চাচপুট;** (৩) **ষট্‌পিতাপুত্রক্;** (৪) **উদঘট্ট;** (৫) **সংপক্কেষ্টক** ইত্যাদি। এই পাঁচটি তালের উল্লেখ পাওয়া যায় ভরতের নাট্যশাস্ত্রে।

শিক্ষাকার নারদের 'সঙ্গীত মকরন্দ' গ্রন্থে তালগুলির নাম পঞ্চমুখের বিভিন্ন দিক, জাতি, বর্ণ, যতি ইত্যাদি আলোচিত হয়েছে। যেমন—

ক্রমিক নং	তালের নাম	মুখ	জাতি	বর্ণ	যতি
১।	চচ্চৎপুট	পূর্ব	ব্রাহ্মণ	গোক্ষীর	গোপুচ্ছা
২।	চাচপুট	দক্ষিণ	ক্ষত্রিয়	কুসুমকেশরী	পিপিলিকা
৩।	ষট্‌পিতাপুত্রক	পশ্চিম	বৈশ্য	কনকাভ	মৃদঙ্গ
৪।	উদ্‌ঘট্ট	ঈশানউর্দ্ধ	শুদ্র	নীল	সমাযতি
৫।	সংপক্কেষ্টক	উত্তর	গন্ধর্ব	মণিবর্ণ	স্রোতগতা

এছাড়া নারদ পঞ্চবিধ মার্গতালের দশলক্ষণ হিসেবে—কাল, মার্গ, ক্রিয়া, অঙ্গ, গ্রহ, জাতি, কলা, লয়, যতি ও প্রস্তারের উল্লেখ করেছেন।

'সঙ্গীত চূড়ামনি' গ্রন্থে কিছু কিছু ভগ্নাংশ সম্পন্ন মাত্রা বিশিষ্ট তালের নাম উল্লেখ আছে, যা পরবর্তীকালে প্রবন্ধতাল নামে খ্যাত হয়েছে। যেমন—একতাল ($\frac{১}{২}$ মাত্রা), প্রমোদ তাল, বিষম তাল, জয়শ্রী তাল, শ্রীনন্দন তাল ইত্যাদি।

ভরতের নাট্যশাস্ত্রে কিছু ভগ্নাংশ মাত্রা বিশিষ্ট তালের নামোল্লেখ পাওয়া যায়। যেমন—লঘুশেখর, সিংহনীল, গজনীল, জগঝম্প ইত্যাদি।

এই সময় বেশ কিছু পূর্ণমাত্রার তালের নামও পাওয়া যায়। যথা—বস্তুতাল, ললিত তাল, ত্রিগত, ছন্দক, চতুস্পদী, কৈবার, ইন্দ্রভাস, চর্চরী, দীপক, সার্ঙ্গবর্দ্ধন, ত্রিভন্ন, রাগ তাল মতান্তরে রাজতাল।

1.2 অভিজাত দেশীতাল ঃ আনুমানিক ৩য়—৪র্থ শতাব্দীতে লুপ্ত গান্ধর্বতালের অনুকরণে ১০ লক্ষণযুক্ত দেশী তাল জন্মায়। গান্ধর্বতালে যেমন তাল বৈশিষ্টকে বলা হতো তালের 'লক্ষণ', তেমনই দেশী তালের ওই বৈশিষ্টকে বলা হত 'প্রাণ' প্রাচীন সঙ্গীত শাস্ত্রাদির গ্রন্থগুলিতে 'দেশী তাল' বলতে 'অভিজাত দেশী' তালগুলিকেই বোঝানো হয়েছে। অঞ্চলভেদে দেশীতালের নাম, রূপ এবং মাত্রা সংখ্যা নানা প্রকার হতো।

দেশী তালের প্রধান বৈশিষ্ট ঃ

(i) গতি-ছন্দের পরিবর্তন ঘটলে একই সংখ্যক তাল, মাত্রা সত্বেও দুটি তালের নাম পৃথক হয়ে যাবে (যেমন-চৌতাল, একতাল)।

(ii) দেশীতালের রূপ প্রাচীনকালে তালাঙ্গ এবং কাব্যছন্দের দ্বারা প্রকাশ করা হতো। পরবর্তীকালে (মধ্যযুগে) দেশী তালকে তাল-মাত্রা দ্বারা প্রকাশ করা হতো।

(iii) তালের ছন্দ বা গতিছন্দ, তাল বিভাগ দ্বারা প্রকাশিত হতো। মাত্রা সংখ্যা এক থেকেও গতিছন্দের জন্য নামকরণ আলাদা হবে।

(iv) বিভিন্ন লয়ের পরিবর্তন, যথা—বিলম্বিত, মধ্য ও দ্রুত লয়ের হতো (তালের দশ লক্ষণ অনুসারে)।

দেশী তাল দ্রুত, লঘু প্রভৃতি মাত্রার সমন্বয়ে গঠিত হতো। মাত্রাদির সময় নির্ধারণে সাহায্য করার জন্য উহার সঙ্গে কাংস-তাল বাজত। বৈচিত্রের কারণে বা সৌন্দর্য সৃষ্টির জন্য মাত্রার সময় ইতর-বিশেষ করতে কাংস্য তালবাদ্য সামান্ন দ্রুততর হয়ে বাজতে পারত। অর্থাৎ সেখানে মার্গ তালে লঘু মাত্রার মান ছিল অপরিবর্তনীয় ৫টি অক্ষর-উচ্চারণ কাল (ক-চ-ট-ত-প বর্ণ দ্রুত উচ্চারণ), সেখানে দেশী তালে লঘু-মাত্রার মান কখনো—৫, কখনোও—৪, কখনো বা ৬টি অক্ষর একত্র উচ্চারণ কাল হতে পারত। দেশী তালের অপর বৈশিষ্ট্য ছিল মার্গ ও জাতি-লক্ষণের অভাব এবং ক্রিয়ালক্ষণের ব্যবহার কখনো ভিন্নার্থে।

1.3. আধুনিক তাল পদ্ধতি ঃ আধুনিককালে যে তাল ব্যবহার হচ্ছে তা আসলে দেশী তালেরই বিবর্তিত রূপ। এই তাল দুই প্রকার ঃ (১) **উত্তর ভারতীয়** বা হিন্দুস্থানী তাল এবং (২) **দক্ষিণ ভারতীয়** বা কর্ণাটকী তাল।

উত্তর ভারতীয় তাল বলতে হিন্দুস্থানীয়, বঙ্গদেশীয়, মণিপুরী প্রভৃতি তালকে বোঝায়। এই তালগুলির কয়েকটি প্রাচীন, কয়েকটি প্রাচীন থেকে বিবর্তিত বা পরিবর্তিত এবং কিছু নূতন। এগুলি একক-মাত্রা ভিত্তিক। অতএব প্রাচীন লঘু-গুরু মাত্রা-বিন্যাস থেকে স্বতন্ত্র। এই তালগুলির বিভাগ, প্রস্বন, বিস্বন প্রভৃতির ব্যবহার নতুন সংযোজন। এই বৈশিষ্ট্যগুলির প্রারম্ভিক অবস্থা পঞ্চদশ শতকে লক্ষ্য করা গেছে।

কর্ণাটক তাল—দক্ষিণ ভারতে ব্যবহার হতে দেখা যায়। তালগুলি প্রাচীন দেশী তাল থেকে গ্রহণ করা হয়েছে এবং তালের জাতির রূপান্তর ঘটিয়ে ও বিভিন্ন নাম দিয়ে সংগীতে প্রয়োগ করা হচ্ছে। কর্ণাটক তাল, প্রাচীন লঘু-গুরু বিন্যাস, অক্ষর সংখ্যা দ্বারা লঘুর সময় নিরূপণ, তাল-জাতি ইত্যাদি মেনে চলে। কলাকে অক্ষর-কালের বিভাগ বা সূক্ষ্যাংশ রূপে গ্রহণ করা কর্ণাটক তালের বৈশিষ্ট্য।

বি ঃ দ্রঃ আমাদের বর্তমানের মূল আলোচনা হিন্দুস্থানী বা উত্তর ভারতীয় তাল-পদ্ধতি। কারণ, বিশ্ববিদ্যালয়ের B. Ed সিলেবাসে প্রাচীন মার্গ তাল, কর্ণাটকী তাল নেই। আছে হিন্দুস্থানী তাল, কীর্তনাঙ্গীয় তাল এবং রাবিন্দ্রীক তাল পদ্ধতি। এই তালগুলিই আধুনিক তাল।

1.3.a. হিন্দুস্থানী তাল পদ্ধতি ঃ খ্রিস্টিয় পঞ্চদশ শতক থেকে উত্তরভারতীয় দেশী তালের সঙ্গে পারসিক তাল নিয়মের মিশ্রন ঘটে উৎপন্ন হয় হিন্দুস্থানী তাল। এই পদ্ধতিকে প্রাচীন দেশী তালের ১০টি প্রাণ (কাল, মার্গ, ক্রিয়া, অঙ্গ, গ্রহ, জাতি, কলা, লয়, যতি, প্রস্তার) উপেক্ষিত হয়েছে। এর ক্রিয়া মাত্র ২ প্রকার (তালি এবং খালি)। তালাঙ্গ লুপ্ত হয়ে গিয়ে তালের পরিচয় শুধুমাত্র অক্ষরমাত্রা দিয়ে বোঝানো হয়ে থাকে। 'গ্রহ' আজও বর্তমান সম্ রূপে। হিন্দুস্থানী তালে লয় '৩' প্রকার। যথা—বিলম্বিত লয়, মধ্যলয় এবং দ্রুত লয়। তবে লয় কতটা ধীরে হলে বিলম্বিত লয় হবে এবং কতটা দ্রুত হলে দ্রুত লয় হবে এর বিশ্লেষণ নেই। তাই কখনও মধ্যলয়কেও বিলম্বিত লয় বলে চালানো হয়।

1.3.b. হিন্দুস্থানী তাল-পদ্ধতিতে যে কোন তালকে—ঠেকা, মাত্রা, লয়, তালি, খালি, লঘু, ছন্দ এবং তাল-জাতি দ্বারা প্রকাশ করা হয়। ঠেকার ব্যাপারে দেখা যায় যে তবলা ও পাখওয়াজ ভেদে দুটি পৃথক ভেদ (বোলের) রয়েছে। এছাড়াও অঞ্চল ভেদে কিংবা সম্প্রদায় ভেদে ঠেকার ও রূপভেদ পরিলক্ষিত হয়। যেমন কোন সম্প্রদায়ের দাদ্‌রা তালের ঠেকা—ধা ধি না । না তি না; আবার অপর এক সম্প্রদায়ের দাদ্‌রা তালের
+

ঠেকাকে—'ধিক্ ধি না । না তু না' রূপে প্রকাশ করা হয়। কিন্তু, কোন ক্ষেত্রেই ছন্দের ভেদ হয়না।

হিন্দুস্থানী তালের নিয়ম-তালের মোট মাত্রাকে কয়েকটি খণ্ডে বিভক্ত করা হয়। এই খণ্ডগুলিকে বিভাগ বলা হয়। তালের বিভাগুলিকে আবার ঘাত দ্বারা প্রকাশ করতে হয়। প্রধান ঘাতটি সবার প্রথমে থাকে, সংস্কৃত ভাষায় তাকে বলা হয় 'প্রস্বন' এবং চলতি কথায় একে বলা হয় 'সম', অন্যান্য ঘাতগুলিকে অনেকে 'পাত' বলে থাকে। এই পাত ২ প্রকার, যথা—সশব্দ ক্রিয়া ও নিঃশব্দ ক্রিয়া। সশব্দকে বলে—'তালি' এবং নিঃশব্দকে বলে 'খালি বা ফাঁক'।

হিন্দুস্থানী তালগুলিকে মাত্রা দ্বারা প্রকাশ করা হলেও মাত্রার কোন স্থির সময়-কাল নেই। অর্থাৎ ঠিক কতটা সময়কে একমাত্রা বলে গ্রাহ্য করা হবে তার কোন বৈজ্ঞানিক সিদ্ধান্ত নেই। ফলে একমাত্রার রূপ একই ব্যক্তির কাছে সময়ভেদে এক-এক রকম ভেদে প্রকাশিত হয়।

হিন্দুস্থানী শাস্ত্রীয় তালগুলি ছন্দ দ্বারা প্রকাশ করা হয়। এই ছন্দ '৩' প্রকার। যথা—সম, বিষম, মিশ্র। যে তালের প্রতিবিভাগে সমান সংখ্যক মাত্রা থাকে তাকে সমছন্দ বলে (দাদরা, কাহারবা, ত্রিতাল, একতাল, চৌতাল ইত্যাদি)। যদি ২টি পাশাপাশি বিভাগে ২ প্রকার মাত্রা থাকে তাকে বিষম ছন্দ (ঝাঁপতাল, অর্ধঝাঁপ, ঝম্পক, তেওড়া ইত্যাদি) বলে। বিভাগ গুলিতে বিভিন্ন ছন্দ থাকলে তাকে 'মিশ্র ছন্দ' (ধামার, ব্রহ্মতাল, একদশী ইত্যাদি) বলে।

কতকগুলি হিন্দুস্থানী তালের উদাহরণ ঃ

(ক) দাদ্‌রা—৬ মাত্রা, বিভাগ—২টি

(খ) কাহারবা—৮ মাত্রা, বিভাগ—২টি

(গ) ত্রিতাল—১৬ মাত্রা, বিভাগ—৪টি

(ঘ) ঝাঁপতাল—১০ মাত্রা, বিভাগ—৪টি

(ঙ) তেওড়া—৭ মাত্রা, বিভাগ—৩টি

(চ) একতাল—১২ মাত্রা, বিভাগ—৪টি

(ছ) চৌতাল—১২ মাত্রা, বিভাগ—৪টি ইত্যাদি।

<u>প্রশ্নগুচ্ছ</u> ঃ

(১) হিন্দুস্থানী তাল পদ্ধতির প্রধান বৈশিষ্টগুলি কি কি?

(২) হিন্দুস্থানী তাল-পদ্ধতির সশব্দ ও নিঃশব্দ ক্রিয়ার বিশ্লেষণ করো।

(৩) প্রাচীন তাল পদ্ধতির সাথে হিন্দুস্থানী তালপদ্ধতির পার্থক্য বিশ্লেষণ করো অল্প কথায়।

(৪) ছন্দ অনুসারে হিন্দুস্থানী তালকে কয় ভাগে ভাগ করা হয় এবং কারণ বিশ্লেষণ কর।

(৫) সঙ্গীতে তালের প্রয়োজনীতা কি?

(৬) তাল ও ছন্দে যে আনন্দের উপকরণ বর্তমান তা উদাহরণ সহযোগে আলোচনা কর।

বিঃ দ্রঃ শুধুমাত্র তালের উপরেই Module করা হল। এই Module-এর উপর Pedagogical Analysis করা হল। Padagogi No.-(3)

পেডাগগজি নং ৩/ক ঃ **তালসমূহ**

শ্রেণী ঃ নবম

এককটিকে দুটি উপ-এককে ভাগ করা হয়েছে।

প্রতিটি উপ-এককের উদ্দেশ্যভিত্তিক অভীক্ষাপত্র (Criterion Referenced Test)-এ 6 টি করে প্রশ্ন রাখা হয়েছে।

একক অভীক্ষার জন্য এই দুটি উপ এককের (6+6 = 12 টি) প্রশ্ন (অর্থাৎ 12 নম্বর)–ই নমুনা প্রশ্ন হিসাবে রাখা যেতে পারে। তবে প্রশ্নের format পরিবর্তন কাম্য।

বিষয় এককের তথ্য সংগ্রহ করা হয়েছে—

১) সঙ্গীত দর্পণ—ডঃ বাসন্তী চৌধুরী

২) সঙ্গীত তত্ত্ব (শাস্ত্রীয় ও রবীন্দ্র প্রসঙ্গ)—শ্রী দেবব্রত দত্ত।

একক **ত্রিতাল, একতাল, চৌতাল, ঝাঁপতাল, তেওড়া, সুরফাঁকতাল**

উপ-একক ঃ (1) ত্রিতাল, একতাল, ঝাঁপতাল।..১

(2) তেওড়া, সুরফাঁকতাল, চৌতাল..১

মোট পিরিয়ড সংখ্যা = ২

মূল্যায়ন = ১

পুনঃ শিক্ষণ = ১

সর্বমোট = ৪

উপ-এককের বিশ্লেষণ ঃ

সাব-ইউনিট ঃ ত্রিতাল, একতাল, ঝাঁপতাল

বিষয়বস্তুর সার সংক্ষেপ ঃ

প্রতিষ্ঠাবাচক শব্দ 'তল' ধাতুর সঙ্গে 'ঘঞ' প্রত্যয় যুক্ত করে 'তাল' শব্দের উৎপত্তি। 'তাল' হল কোন নিবদ্ধ সময়ের মধ্যে কোন ক্রিয়া করা।

শাস্ত্রীয় তাল অর্থাৎ যেগুলি বেশ অনেকদিন ধরে ব্যবহার হয়ে আসছে, এবং বর্তমানে লঘু সঙ্গীতেও ব্যবহৃত হয়।

বাদ্য হিসাবে কোন তাল সাধারণত আনদ্ধ বাদ্যের অর্থাৎ কোন চামরা আচ্ছাদিত বাদ্যযন্ত্র (যেমন—তবলা, খোল ইত্যাদি) বা কোন ঘন বাদ্য (মন্দিরা, করতাল) ইত্যাদির সাহায্যে ব্যবহার করা হয়।

ত্রিতাল হল ১৬ মাত্রার একটি তাল, যার ৪টি বিভাগ এবং প্রতি বিভাগে ৪টি করে মাত্রা আছে অর্থাৎ এই তালের ছন্দে ৪।৪।৪।৪ এটি একটি সমপদি তাল। এই তালে একটি খালি এবং তিনটি তালি আছে।

উদাহরণ—ধন ধন সুরত, তুমি নব নব রূপে এসো প্রাণে

ঠেকাটি হল—$^{+}$ধা ধিন্ ধিন্ ধা। ^{2}ধা ধিন ধিন ধা । ^{0}না তিন তিন তিন তা। ^{3}তেটে ধিন ধিন ধা। $^{+}$ধা

<u>একতাল হল</u> ১২ মাত্রার একটি তাল, যার (শাস্ত্রীয় সঙ্গীতে ব্যবহারের ক্ষেত্রে) প্রত্যেক বিভাগে ২টি করে মাত্রা। তার ছন্দ—২।২।২।২।২।২। এখানে ২টি খালি, ৪টি তালি আছে এটিও একটি সমপদী তাল।

উদাহরণ রহেনা ইয়ার্দ এক ঘড়ি (ভৈরবী)

দ্বিমাত্রিক ঃ $^{+}$ধিন্ ধিন্ ।^{0}ধাগে তেরেকেটে। ^{2}থুন্ না।^{0}কৎ ^{0}তা। ^{3}ধাগে তেরেকেটে। ^{৪}ধিন ধাধা। $^{+}$ধিন্

কিন্তু একতাল আরও দুই প্রকার হয়ে থাকে।

১) ত্রিমাত্রিক একতাল। উদাঃ মন্দিরে মম কে (রবীন্দ্রসংগীত)

২) চতুমাত্রিক একতাল। উদাঃ নয়ান ভাসিল জলে (রবীন্দ্রসংগীত)

<u>ঝাঁপতাল হল</u> ঃ ১০ মাত্রার একটি তাল, যার ৪টি বিভাগ আছে। যার ছন্দ ২।৩।২।৩। এখানে ১টি খালি ও ৩টি তালি আছে। এটি একটি বিষমপদী তাল। ঠেকাটি হল—

$^{+}$ধি না। ^{2}ধি ধি না। ^{0}তি না। ^{3}ধি ধি না। $^{+}$ধি

উদাহরণ—কাঁদালে তুমি মোরে (রবীন্দ্রসংগীত)

পূর্ব জ্ঞান ঃ শিক্ষার্থীরা মাত্রা, ছন্দ, বিভাগ, সমপদী, বিষমপদী-এই পরিভাষাগুলির সাথে পরিচিত।

উদ্দেশ্য ঃ

বৌদ্ধিক

জ্ঞান ঃ শিক্ষার্থীরা তিনটি তাল-এর বৈশিষ্ট্য ঠেকাসহ জানবে।

বোধ ঃ তিনটি তালের তাল বৈশিষ্ট্যের মধ্যে পার্থক্য নিরূপন কতে পারবে।

প্রয়োগ ঃ এই তিনটি তাল সঠিকভাবে মুখে বলতে পারবে।

প্রাক্ষোভিক ঃ

রসানুভূতিক ক্ষেত্র ঃ এই তিনটি তাল সম্পর্কে জ্ঞান লাভ করার পর শিক্ষার্থীরা আরও অন্যান্য তাল সম্পর্কে জানতে উদ্বুদ্ধ হবে এবং এই তালগুলির বিভিন্ন প্রকার সঙ্গীত শুনতে ও জানতে আগ্রহী হবে।

উপযুক্ত সাঙ্গীতিক পরিমণ্ডল রচনা করে সমানুভূতির সাথে উপ-এককের বিষয়টি আত্তীকরণ করার ফলে তাদের মনঃসংযোগ বৃদ্ধি পাবে।

দক্ষতা ঃ এই তিনটি তাল সম্পর্কে সম্যক ধারণা লাভের পর শিক্ষার্থীরা সঠিকভাবে হাতে তালি খালি দেখিয়ে সঙ্গীত পরিবেশন করতে পারবে।

শিক্ষাদানের বিস্তৃত কৌশল ঃ শিক্ষক/শিক্ষিকা প্রথম তালটি (ত্রিতাল) শেখাবার সময় তালের বৈশিষ্ট্যগুলি বক্তৃতার মাধ্যমে উপস্থাপিত করবেন। অন্য দুটি তাল (একতাল ও ঝাঁপতাল) শেখাবার সময় ঠেকাটি লিখে সেখান থেকে আবিষ্কার পদ্ধতিতে তাল বৈশিষ্ট্য ছাত্রীদের কাছ থেকে প্রশ্নোত্তরের মাধ্যমে জানবেন।

শিক্ষিকা হাতে তালি ও খালির সাহায্যে তালগুলির ঠেকা শিক্ষার্থীদের দিয়ে বারবার অভ্যাস করাবেন। ঠেকা বলার সময় নির্দিষ্ট লয়ে বলতে হয় সেটি ব্যাখ্যা দানের মাধ্যমে বুঝিয়ে দেবেন। তালবাদ্য সম্পর্কে বক্তৃতা দেবেন।

তিনটি তালের ঠেকা গানের সময় কিভাবে প্রয়োগ করা হয় তা গেয়ে দেখিয়ে দেবেন ও আলোচনার মাধ্যমে বিষয়টি স্পষ্টীকরণ করবেন।

শিক্ষাদানের উপকরণ ঃ চক, বোর্ড, তবলা, ক্যাসেট, সিডিতে এই তালগুলিতে নিবদ্ধ গান শোনানো।

কৃষ্ণফলকের ব্যবহার ঃ তালগুলির বৈশিষ্ট্য, ঠেকা বোর্ডে লিখে দেবেন।

সংক্ষিপ্ত উত্তরসহ অসুসন্ধানী প্রশ্ন ঃ

i) তিনটি তালের মধ্যে মূল প্রভেদ বৈশিষ্ট কি?

উত্তর ঃ তিনটি তালের মধ্যে মূল প্রভেদ হলো। তিনটি তালেরই মাত্রা সংখ্যা আলাদা। যেমন—ত্রিতাল ১৬ মাত্রার তাল, একতাল ১২ মাত্রার তাল এবং ঝাঁপতাল ১০ মাত্রার তাল।

ii) তিনটি তালের মধ্যে দুটি তাল কোন একটি বৈশিষ্ট্যে একপ্রকার, অন্যটি আলাদা।

উঃ তিনটি তালের মধ্যে ত্রিতাল ও একতাল হলো সমপদী তাল। কিন্তু ঝাঁপতাল হলো বিষমপদী তাল।

কাজের তালিকা ঃ তিনটি তালের বৈশিষ্ট্য ও ঠেকা তালিকা আকারে শিক্ষার্থীরা প্রস্তুত করবে।

বিষয়বস্তুর ধারণা সংক্রান্ত উদাহণ ঃ

ধারণা	উদাহরণ
ত্রিতাল, একতাল, ঝাঁপতাল-এর সুরের সাথে প্রয়োগ	★ শিক্ষক, শিক্ষার্থীদের ওই তালে একটি শাস্ত্রীয় সঙ্গীত গাইতে বলবেন। ★ শিক্ষিকা শিক্ষার্থীদের এই তালে একটি লঘু সঙ্গীতের দু-কলি গেয়ে শোনাবেন। ★ বিভিন্ন ছন্দ বৈচিত্রের গান ক্যাসেটে/সিডিতে শোনাবেন। ★ পাখোয়াজ ও তবলার বাজে এরকম তালে দুটি গান শিক্ষার্থীদের শোনাবেন।

অভীক্ষার বিশেষীকরণের ছক

মোট নম্বর ঃ ৬

সময়—৬ মিনিট

উপ-এককের বিষয়বস্তু	জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক	মোটনম্বর
ত্রিতাল, একতাল ও ঝাঁপতাল	1/2 [1] [1]	3/6 [1] [1]	4 [1]	5 [1]	6
শতকরা হার	33.4%	33.4%	16.7%	16.7%	100%

প্রশ্নগুচ্ছ ঃ

(১) তাল কাকে বলে? (জ্ঞানমূলক)

(২) তালের বাদ্য কোন শ্রেনীর বাদ্য? (জ্ঞানমূলক)

(৩) ত্রিতাল ও ঝাঁপতালের মধ্যে প্রভেদ কি কি? (বোধমূলক)

(৪) একতালের ঠেকা বল —— (প্রয়োগমূলক)

(৫) ঝাঁপতালের ঠেকাটি হাতে তালি খালি দিয়ে দেখাও। (দক্ষতামূলক)

(৬) সমপদী ও বিষমপদী তালের মধ্যে পার্থক্য নিরূপন কর। (বোধমূলক)

শ্রেণী—নবম
বিষয়—সঙ্গীত

পেডাগজি নং ৩/খ ঃ

একক ঃ ত্রিতাল, একতাল, চৌতাল, ঝাঁপতাল, তেওড়া, সুরফাঁকতাল

		পিরিয়ড
উপ-একক ঃ	১। ত্রিতাল, একতাল, ঝাঁপতাল	১
	২। তেওড়া, সুরফাঁকতাল, চৌতাল	১
	মোট পিরিয়ড সংখ্যা =	২
	মূল্যায়ণ =	১
	পুনঃশিক্ষণ =	১
	সর্বমোট =	৪

উপ-এককের বিশ্লেষণ

উপ-একক ঃ তেওড়া, সুরফাঁকতাল, চৌতাল

পূর্বজ্ঞানভিত্তিক সামর্থ ঃ

* সংগীতে তালের ব্যবহার সম্বন্ধে সাধারণ ধারণা আছে।
* বিভিন্ন ধরণের গীতশৈলী যেমন—ধ্রুপদ, খেয়াল এবং রবীন্দ্রসংগীত, নজরুলগীতি, আধুনিক বাংলা গান শোনার অভিজ্ঞতা আছে।
* দাদরা ও কাহারবা তালের কয়েকটি গান গাইতে পারে।
* ত্রিতাল, একতাল ও ঝাঁপতালের পূর্ণ পরিচয় জানে।

বিষয়বস্তুর সংক্ষিপ্তসার ঃ তেওড়া, সুরফাঁকতাল ও চৌতাল এই তালগুলি শাস্ত্রীয় তাল। এগুলি ধ্রুপদাঙ্গের তালের অন্তর্গত। প্রত্যেকটি তালই পাখোয়াজে বাজানো হয়।

তেওড়া—ইহার সংস্কৃত নাম হল তীব্রা বা গীতঙ্গী। স্বর্গীয় কাশীনাথ অপাতুলসী তাঁর **অভিনব তালমঞ্জরীতে** উল্লেখ করেছেন যে, 'যাহা তেওড়া বা ত্রিপুট নামে খ্যাত তাহা **সংগীত রত্নাকরধৃত** অন্ত্যরক্রীড়া নামে কথিত। কিন্তু সঙ্গীত রত্নাকরে অন্ত্যরক্রীড়ার যে ছন্দ উল্লিখিত হয়েছে তা তেওড়ার বিপরীত (অর্থাৎ ২।২।৩)।

তেওড়ার মাত্রাসংখ্যা—৭, ছন্দ—৩।২।২, বিভাগ—৩টি, কোন খালি নেই। পদ (অর্থাৎ প্রতি বিভাগে মাত্রাসংখ্যা সমান নয়), জাতি—মিশ্রমাত্রিক।

তবলার ঠেকা—

```
+         ২       ৩   +
ধি ধি না । ধি না । ধি না। ধি
১  ২  ৩   ৪  ৫   ৬  ৭   ১
```

পাখোয়াজের ঠেকা— (ধ্রুপদাঙ্গের গানে ব্যবহৃত) ঃ

```
+              ২          ৩          +
ধা  দেন্ তা । তেটে কতা। গদি ঘেনে । ধা
১    ২   ৩    ৪    ৫    ৬    ৭
```

তেওড়া তালে নিবদ্ধ কয়েকটি গান ঃ

১। অগ্নিবীণা বাজাও তুমি (রবীন্দ্র সঙ্গীত)

২। মোরা একই বৃন্তে দুটি কুসুম (নজরুলগীতি)

সুরফাঁকতাল ঃ স্থানভেদে এই তালের বিভিন্ন নাম আছে, যথা—সুলতাল, মত্‌তাল বা মত্ততাল ও বাঁকী। এছাড়াও সংস্কৃত কোন কোন গ্রন্থে একে সূর্যফাক, কঙ্কনক ও সাতীতাল বলেও উল্লেখ করা হয়েছে।

মাত্রা = ১০, ছন্দ ৪।২।৪, তালি = ৩

পাখোয়াজের বোল—ধা (+) ঘেরে নাক্ ধি | ঘেরে (২) নাক্ | গদ্ (৩) দি ঘেরে নাক | ধা (+)

কয়েকটি গানের উদাহরণ ঃ

১। প্রতিদিন তন গাথা (রবীন্দ্র সংগীত)

২। এরি অব আনন্দ ভয়োরি ব্রজমে (ধ্রুপদ)

চৌতাল—কোন কোন গ্রন্থে এই তালকে শাস্ত্রীয় চতুস্তাল নামে উল্লেখ করা হয়েছে, কিন্তু শাস্ত্রীয় চতুস্তালের সঙ্গে বর্তমান চৌতালের কোন মিল নেই। তবে এই তাল যে বহু আগে থেকেই প্রচলিত তার প্রমাণ পাওয়া যায় নায়ক গোপাল ও বৈজু বাওরার গান রচনার মধ্যে। সংগীত ভাষ্যের মতে দ্বাপর যুগে রাসতাল নামে এটি পরিচিত ছিল এবং পরবর্তীকালে মোহনতাল নামে পরচিত হয়। স্থান ও গ্রন্থ ভেদে এই তাল বিভিন্ন নামে পরিচিত, যেমন—চৌতাল, চারতালা, চন্দতাল ও মজীবহট্।

চৌতালের মাত্রাসংখ্যা—১২, ছন্দ—২।২।২।২।২।২, তালি—৪, ফাঁক—২, পদ—সম, জাতি—চতুর্মাত্রিক।

পাখোয়াজের ঠেকা—

+		০		২		০		৩		৪		x
ধা	ধা	দেন্	তা	কৎ	তাগে	দেন্	তা	তেটে	কতা	গদি	ঘেনে	ধা
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১

চৌতালের কয়েকটি গানের উদাহরণ—

১। (ক) ভয় হতে তব অভয় মাঝে

(খ) তাঁহারে আরতি করে/ (রবীন্দ্র সংগীত)

২। জন জন ধ্যান করত (ধ্রপদ)

কাম্য আচরণগত উদ্দেশ্য—

বৌদ্ধিক ক্ষেত্র ঃ

জ্ঞানমূলক ঃ
- তেওড়া, সুরফাঁকতাল ও চৌতাল যে ধ্রুপদাঙ্গের তাল তা শিক্ষার্থীরা জানবে।
- তালগুলির মাত্রাসংখ্যা, ছন্দ, বিভাগ, তালি, খালি, জাতি, পদ সম্পর্কে জানবে।
- তালগুলির ঠেকা জানবে।
- এই তালগুলিতে রচিত কয়েকটি গানের উদাহরণ শিক্ষার্থীরা জানবে।

বোধমূলক ঃ
- তেওড়া ও সুরফাঁকতাল কেন বিষমমাত্রিক তাল ও চৌতাল কেন সমমাত্রিক তাল, তা শিক্ষার্থীরা বুঝতে পারবে।

- তেওড়া, সুরফাঁকতাল ও চৌতালের বোল বা ঠেকাগুলি পাখোয়াজে ধ্রুপদাঙ্গের গানের সঙ্গে বাজালে গানগুলির গম্ভীর ভাব প্রকাশ পায় তা তারা জানবে।
- তালগুলির পারস্পরিক পার্থক্য স্পষ্ট বুঝতে পারবে।

প্রয়োগমূলক ঃ

- তালগুলির পূর্ণ পরিচয় ও ঠেকা বলতে পারবে।
- তবলা বা পাখোয়াজে তালগুলি বাজালে কোন্‌টি কোন্ তাল তা বলতে পারবে।
- এই তালগুলি প্রযুক্ত হয়েছে এমন গান শুনে বলতে পারবে কোন্ গানের সঙ্গে কোন্ তালটি বাজছে।

প্রাক্ষোভিক ক্ষেত্র

রসানুভুতিমূলক ঃ

- তালগুলি শেখার ফলে ধ্রুপদাঙ্গের গানের প্রতি, সেইসঙ্গে সামগ্রিকভাবে শাস্ত্রীয় সংগীতের প্রতি অনুরাগ বাড়বে।
- অচেনা কোন গান শুনলে উল্লিখিত তালগুলি তাতে ব্যবহৃত হচ্ছে কিনা তা বুঝতে আগ্রহী হবে।
- তালগুলির ঠেকা সঠিকভাবে বলতে গিয়ে মনোযোগশক্তি বাড়বে।

সঞ্চালন ক্ষেত্র ঃ

দক্ষতামূলক ঃ

- তালগুলি হাতে তালি খালি দিয়ে প্রদর্শন করতে পারবে।
- তালতিনটির মাত্রাসংখ্যা, ছন্দ, বিভাগ, তালি, খালি সম্বলিত একটি ছক তৈরী করতে পারবে।

শিক্ষাদানের কৌশল

১। শিক্ষাদানের বিস্তৃত কৌশল ঃ

- তাল তিনটি কোন অঙ্গের গানের সঙ্গে প্রযুক্ত হয়, এদের পূর্ণ শাস্ত্রীয় পরিচয় শিক্ষক বক্তৃতা দানের মাধ্যমে উপস্থাপন করবেন।
- এরপর হাতে তালি খালি দিয়ে তালগুলির ঠেকা প্রদর্শন করবেন।
- সমমাত্রিক ও বিষম মাত্রিক তালগুলির বৈশিষ্ট্য আলোচনা করবেন।
- উল্লিখিত তালগুলি ব্যবহৃত হয়েছে এমন গান তবলা/পাখোয়াজ সঙ্গতের সঙ্গে পরিবেশন করবেন।

২) শিক্ষা-সহায়ক উপকরণ ঃ

উপকরণ	ব্যবহার
★ তবলা-বাঁয়া, পাখোয়াজ	★ তালগুলি এই বাদ্যযন্ত্রগুলিতে বাজিয়ে শোনানো হবে।
★ হারমোনিয়াম/তানপুরা	★ এই তালগুলি প্রযুক্ত হয়েছে এমন কয়েকটি গান গাইবার সময় অনুষঙ্গ যন্ত্র হিসাবে।

৩) শিক্ষার্থীর সক্রিয়তা ঃ

শিক্ষকের কার্য	শিক্ষার্থীর সক্রিয়তা
★ তালগুলি হাতে তালি খালি দিয়ে প্রদর্শন করে দেখাবেন।	★ শিক্ষকের অনুসরণে নিজেরাও অনুরূপ করতে সচেষ্ট হবে।
★ শিক্ষক তালগুলি ব্যবহৃত হয়েছে এমন গান গাইবেন।	★ শিক্ষার্থী হাতে তালি খালি দিতে চেষ্টা করবে।

৪) বোর্ডের কাজ ঃ

(i) তালগুলির পূর্ণ পরিচয় বোর্ডে লিখে দেবেন।

(ii) গানের উদাহরণ সহযোগে ব্যাখ্যাদানের সময় বোর্ডের ব্যবহার করবেন।

অনুসন্ধানী প্রশ্ন ঃ

প্রশ্ন	উত্তর
১। সুরফাঁকতালের ছন্দে কি কি পরিবর্তন ঘটালে তা চৌতালের ছন্দে পরিণত হবে।	১। প্রথম ও ৩য় বিভাগকে ২ মাত্রা যুক্ত বিভাগে ভেঙ্গে দিয়ে ৩য় বিভাগের শেষে ২ মাত্রার অপর একটি বিভাগ যুক্ত করে।
২। তেওড়া তালের কোন্ কোন্ বিভাগে কটি করে মাত্রা যোগ করলে তা সুরফাঁকতালের ছন্দে পরিণত হবে?	১। ১ম বিভাগে ১টি। ৩য় বিভাগে ২টি।

ওয়ার্ক সিট ঃ

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ

১। তেওড়া তালের ঠেকা লেখ ____________

২। শূন্যস্থান পূরণ কর ঃ

(ক) —— | —— | কিট ধা | তেটে কতা

(খ) 'তাঁহারে আরতি করে' গানটি —— তালে নিবদ্ধ।

ধারণাভিত্তিক প্রশ্নাবলী

পূর্ণমান—৬

সময়—৮ মিনিট

নির্দিষ্টকরণ সারণী ঃ

উপ-এককের বিষয়বস্তু	জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক	মোটনম্বর
তাল ঃ তেওড়া, সুরফাঁকতাল চৌতাল	১। ক-(১) ১। খ-(১)	২। (১)	৪ (১)	৩ (২)	
শতকরা হার	৩৩.৩%	১৬.৬%	১৬.৬%	৩৩.৩%	১০০%

* ( ) প্রশ্নের মান নির্দেশক ঃ

১। নিম্নোক্ত বাক্যগুলির সত্য/মিথ্যা নিরূপণ কর ঃ ১x২=২

(ক) তেওড়া তাল সমমাত্রিক। সত্য/মিথ্যা (জ্ঞানমূলক)

(খ) সুরফাঁকতাল ও চৌতালে মাত্রা সংখ্যা সমান নয়। সত্য/মিথ্যা। (জ্ঞানমূলক)

২। সুরফাঁকতালের ছন্দকে চৌতালের ছন্দে রূপান্তরিত করতে হলে কি করতে হবে? (বোধমূলক) ১

৩। চৌতালটি হাতে তালি খালি দিয়ে প্রদর্শন কর। (দক্ষতামূলক) ২

৪। ঠেকাটি সম্পূর্ণ কর ঃ ১

ধা দেন্ ________________

x

বিষয়বস্তুর ধারণা সম্পর্কিত উদাহরণ

বিষয়বস্তু	উদাহরণ
	এই তাল ব্যবহৃত হয় এমন গান
১। তেওড়া তাল	'বাজে বাজে রম্য বীণা'............।
২। সুরফাঁকতাল	'প্রচন্ড গর্জনে আসিল'...............।
৩। চৌতাল	'ভয় হতে তব' ....।

পেডাগজি নং ৪/ক ঃ শিক্ষাবিজ্ঞানের দৃষ্টিতে বিষয়বস্তুর বিশ্লেষণ

বিষয় ঃ সঙ্গীত (কন্ঠ)

পাঠ-একক ঃ রাগ পরিচিতি ঃ বিলাবল, খাম্বাজ, ইমন, কাফী, বেহাগ দেশ, ভৈরব, ভৈরবী, বাগেশ্রী, পূর্বী, আশাবরী, ভূপালী, মালকৌশ।

শ্রেণি ঃ নবম

উপ-একক	পিরিয়ড সংখ্যা
(i) বিলাবল, ভূপালী	১
(ii) ইমন বেহাগ	১
(iii) খাম্বাজ, দেশ	১
(iv) ভৈরব, ভৈরব ভৈরবী	১
(v) পূর্বী, আশাবরী	১
(vi) কাফী, বাগেশ্রী, মালকৌশ	১
	৬
মূল্যায়ন :	১
পুনঃ শিখন :	১
মোট পিরিয়ড	৮

বিলাবল রাগের ক্রিয়াত্মক পাঠে ২টি পিরিয়ড রাখা হল।

মন্তব্য ঃ বিলাবল ও ভূপালী রাগের পরিচিতি (শাস্ত্রীয় পাঠ) ও বিলাবল রাগের ক্রিয়াত্মক পাঠের বিষয়বস্তু বিশ্লেষণ করা হয়েছে।

Book Reference :

(i) শাস্ত্রীয় সঙ্গীত—ডঃ প্রদীপ কুমার ঘোষ

(ii) সঙ্গীত শাস্ত্র (১ম খন্ড)—শ্রী ইনুভূষণ রায়

উপ-এককের বিশ্লেষণ

উপ-একক ঃ রাগ পরিচিতি ঃ বিলাবল, ভূপালী

রাগপরিচিতি ঃ (ক) বিলাবল—

(১) ঠাট = বিলাবল। (২) জাতি = সম্পূর্ণ—সম্পূর্ণ। (৩) (ক) বাদীস্বর—শুদ্ধ ধৈবত (ধ), (খ) সমবাদী স্বর—শুদ্ধ গান্ধার (গ), (৪) উত্তরাঙ্গবাদী রাগ। (৫) ব্যবহৃত স্বর—শুদ্ধ। (৬) পরিবেশনের সময়—দিবা প্রথম প্রহর। (৬টা থেকে ৯টা)। (৭) প্রকৃতি—শান্ত। (৮) দক্ষিণ ভারতীয় নাম—শঙ্করাভরণম্।

আরোহ —সা রে গ ম প ধ নি সাঁ।

অবরোহ—সাঁ নি ধ প ম গ রে সা।

পকড় —গ ম রে, গ প, ধ, নি সাঁ রে সাঁ নি ধ প।

ন্যাসস্বর—রে, গ, প ও ধ।

এই রাগকে অনেক গুণী প্রাতঃকালের কল্যাণ বলে থাকেন। বিলাবল একটা ঠাট রাগ। এই ঠাটে আশ্রিত অনেক রাগ আছে। যেমন—আলাহিয়া বিলাবল, শুক্লাবিলাবল, কুকুভ বিলাবল, ইমলি বিলাবল ইত্যাদি।

*এইরাগের একটি সহজ বন্দীশ পরিবেশন করে শিক্ষার্থীদের সামনে রাগের রূপ প্রকাশ করবেন শিক্ষক।

(খ) ভূপালী—

(১) ঠাট = কল্যাণ। (২) জাতি = ঔড়ব—ঔড়ব {মধ্যম (ম) ও নিষাদ (নি) বর্জিত।}

(৩) বাদীস্বর—শুদ্ধ গান্ধার (গ)। (৪) সমবাদীস্বর—শুদ্ধ ধৈবত (ধ)। (৫) ব্যবহৃত স্বর—শুদ্ধ। (৬) পূর্বাঙ্গবাদী রাগ। (৭) পরিবেশনের সময়—রাত্রি প্রথম প্রহর (৬—৯টা)। (৮) প্রকৃতি—শান্ত। (৯) দক্ষিণভারতীয় নাম—মোহনম্।

আরোহ ঃ সা রে গ প ধা সাঁ।

অবরোহ ঃ সাঁ ধ প গ রে সা।

পকড় ঃ গ রে সা ধ়, সা রে গ, পগ, ধ, পগ, রেসা।

কল্যাণ ঠাটের স্বরপ—সা রে গ ম॑ প ধ নি। এই রাগে ব্যবহৃত স্বর—শুদ্ধ সেই হিসেবে বিলাবল ঠাট হওয়া উচিৎ ছিল। বিষ্ণুনারায়ণ ভাতখণ্ডে স্বর অপেক্ষা স্বরপ সাম্যের উপর ভিত্তি করেই রাগটিকে কল্যাণ ঠাটাশ্রিত করেছেন। কল্যাণ অঙ্গ—প রে গ; প গ; স ধ সারেগ। এই রাগে ব্যবহৃত স্বর সমুহ অবরোহী ক্রিয়ায় দেখানো হয়।

*এই রাগের একটি সহজ বন্দীশ পরিবেশন করে শিক্ষার্থীদের সামনে রাগের রূপ প্রকাশ করবেন শিক্ষক।

পূর্বজ্ঞান ভিত্তিক সামর্থ ঃ

(ক) শিক্ষার্থীরা ইতিপূর্বে সঙ্গীতের বিভিন্ন শাস্ত্রীয় পরিভাষা সম্পর্কে ধারণা অর্জন করেছে।

(খ) শিক্ষার্থীরা পরিভাষাগুলির তাত্ত্বিক দিক ও ক্রিয়াত্মক দিক সম্বন্ধে জ্ঞান অর্জন করেছে।

কাম্য আচরণগত উদ্দেশ্য ঃ

বৌদ্ধিকক্ষেত্র

জ্ঞানমূলক—শিক্ষার্থীরা বিলাবল ও ভূপালী রাগের পরিচিতি সম্পর্কে অবহিত হবে।

বোধমূলক—শিক্ষার্থীরা রাগের এই শাস্ত্রীয় পরিচয়গুলি বুঝতে পারবে। রাগদুটির পার্থক্য করতে পারবে।

প্রয়োগমূলক—শিক্ষকের গান শুনে শিক্ষার্থীরা স্বরগুলি পুন উপস্থাপন করতে চেষ্টা করবে।

অন্যান্য ঃ

রাগ দুটি শিক্ষিকার/শিক্ষকের সঙ্গে সুরের পার্থক্য করে উপস্থাপিত করতে পারবে।

রসানুভূতিক ক্ষেত্র ঃ

(১) রাগের শাস্ত্রীয় পরিচিতিগুলি বিশ্লেষণের সাথে সাথে ক্রিয়াত্মক দিকটির প্রতি আকর্ষিত হবে শিক্ষার্থীরা।

(২) এইসব পরিচয়গুলি রাগের অঙ্গের সাথে কেমনভাবে সম্পর্কযুক্ত জানার ফলে রাগের প্রতি অনুরাগ বেড়ে যাবে এবং আরও অন্যান্য রাগ শেখার স্পৃহা জাগবে।

সঞ্চারণ ক্ষেত্র ঃ

১। শিক্ষার্থীরা এই দুটি রাগের সঙ্গে সম্পর্কযুক্ত কিছু রাগের পরিচয় সম্পর্কে একটি তালিকা তৈরী করতে পারবে।

২। রাগ দুটির বন্দীশ শিক্ষার্থীরা এককভাবে পরিবেশন করতে পারবে।

শিক্ষাদানের কৌশল

শিক্ষাদানের বিভিন্ন কৌশল ঃ

১। শিক্ষিকা বা শিক্ষক রাগ পরিচিতি এবং বন্দীশ সম্পর্কে আলোচনা করবেন।

২। রাগের সঙ্গে সম্পর্কযুক্ত পরিভাষাগুলি সম্বন্ধে তাত্বিকদিক ও ক্রিয়াত্মক দিক বিশ্লেষণ করবেন শিক্ষক এবং এর সঙ্গে বন্দীশ গেয়ে শোনাবেন তাল সহযোগে।

৩। এইসব পরিভাষাগুলির অন্তঃনিহিত অর্থ ভেঙে বোঝাবেন শিক্ষক।

৪। দুটি রাগের পারস্পরিক পার্থক্য ক্রিয়াত্মকভাবে বিশ্লেষণ করবেন শিক্ষক।

৫। শ্রেনীকক্ষের দিকে লক্ষ্য রেখে দেখবেন শিক্ষার্থীরা উপলব্ধি করতে পারছে কিনা।

৬। শিক্ষক রাগাঙ্গ (কল্যাণ ও বিলাবল) গেয়ে বোঝাবেন।

সহায়ক উপকরণের ব্যবহার ঃ

(১) রাগ পরিচিতি লেখা ও বন্দীশ লেখা চার্ট।

(২) সুর ও তাল যন্ত্র।

বোর্ডের ব্যবহার ঃ

শিক্ষক প্রয়োজনে বোর্ডে বিভিন্ন অংশ লিখে দেখাবেন।

সম্ভাব্য প্রশ্ন ঃ

প্রশ্ন ঃ শুদ্ধস্বর ব্যবহার হওয়া সত্বেও ভূপালী রাগের ঠাট কল্যাণ কেন?

উত্তর ঃ কল্যাট ঠাটে যে অঙ্গ প্রকাশ পায় সেই অঙ্গ ভূপালীরাগ গ্রহণ করে তাই এটিরঠাট কল্যাণ। যেমন— প রে গ, প গ, সাধ, সা রে গ....।

প্রশ্ন ঃ বিলাবল রাগ কেন উত্তরাঙ্গবাদী?

উত্তর ঃ এটি দিনে গাওয়া হয় কারণ এর বাদীস্বর উত্তরাঙ্গে অর্থাৎ উত্তরাঙ্গবাদী রাগ। এর কারণ এই রাগের স্বর আরোহী গতিতে চলে। সূর্য্যোদয়ের সঙ্গেই সম্পর্কযুক্ত এর চলন।

ওয়ার্ক সিট ঃ এই রাগ দুটির শাস্ত্রীয় পরিচিতি বন্দীশ সহ একটি তালিকা শিক্ষার্থীরা প্রস্তুত করবে।

ধারণা ভিত্তিক প্রশ্নাবলী

পূর্ণমান—৬, সময়—৬ মিনিট

নির্দিষ্টকরণ সারণী ঃ

উপ-এককের বিষয়বস্তু	জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক	মোটনম্বর
রাগ পরিচিতি (বিলাবল ও ভূপালী)	১। (ক) [১] (খ) [১]	২। (ক) [১] (খ) [১]	৩। [১]	৪। [১]	৬
শতকরা হার	৩৩.৩%	৩৩.৩%	১৬.৬%	১৬.৬%	১০০%

[ ] প্রশ্নের মান দেওয়া হল।

১। প্রকৃত উত্তরটিতে '✓' চিহ্ন বসাও ঃ

(ক) বিলাবল রাগের বাদীস্বর কি? ১

উত্তর ঃ (১) গ, (২) ধ, (৩) রে (জ্ঞানমূলক)

(খ) ভূপালী রাগের বর্জিত স্বর কি কি? ১

উত্তর ঃ (১) গ ভ নি, (২) ম ও নি, (৩) রে ও ধ

২। (ক) কোন কোন বৈশিষ্ট্যের কারণে বিলাবলকে উত্তরাঙ্গবাদী রাগ বলা হয়? (বোধমূলক) ১

(খ) বিলাবল ও ভূপালী রাগে পার্থক্য কি? (বোধমূলক) ১

৩। বিলাবল ও ভূপালী রাগের স্বরসমূহের মধ্যে সামঞ্জস্য খুঁজে বার করে দেখাও। (প্রয়োগমূলক) ১

৪। ভূপালী রাগের 'পকড়' অংশ বোর্ডে লিখে দেখাও। (দক্ষতামূলক) ১

শাস্ত্রীয় সঙ্গীতের ক্রিয়াত্মক পাঠের শিক্ষা বিজ্ঞানের দৃষ্টিতে বিষয়বস্তুর বিশ্লেষণ (Pedagogical Analysis) করা হল।

Book Ref. : 'হিন্দুস্থানী সঙ্গীত পদ্ধতি' (১ম খণ্ড)—লেখক পঃ বিষ্ণুনারায়ণ ভাতখণ্ডে

'সঙ্গীতশাস্ত্র' (১ম খণ্ড)—লেখক শ্রী ইন্দুভূষণ রায়।

PEDAGOGICAL ANALYSIS : ON MUSIC PRACTICALS

পেডাগজি নং ৪/খ ঃ

উপ-এককের বিষয়বস্তু ঃ বিলাবল রাগের মধ্যলয় খেয়াল গানের বন্দিশ, স্থায়ী, অন্তরার বিস্তার, স্থায়ীর তান

ক্রিয়াত্মক পাঠ

পিরিয়ড সংখ্যা—২

শ্রেণী ঃ নবম

রাগ বিলাবল ঃ তাল ত্রিতাল ঃ খেয়ালের বন্দিশ

স্থায়ী ঃ তুহি আধার সকল ত্রিভুবন কো পালক সচরাচর ভুতনকো।
৩ x ২ ০ ৩ x ২ ০

অন্তরা ঃ তুহি বিষ্ণু তু নারায়ন, কারণ তু পর ব্রহ্মজগত বেগ।।
৩ x ২ ০ ৩ x ২ ০

[ভাবার্থ ঃ তুমিই ত্রিলোকের আশ্রয়স্থল এবং জগতের যাবতীয় সৃষ্টির পালনকর্তা। তুমিই বিষ্ণু, তুমিই নারায়ণ, তুমিই এই ব্রহ্মাণ্ডের হেতুস্বরূপ]

বিস্তার

১। সা —রে গ । —রে সা— । নি — সা — । গ ম গ —।
৩ x ২ ০

২। সা — ম গ । ম রে গ প। — ধ — প । ম গ — —।
ম রে গ ম । প ম গ — । ম রে সা —। ধ নি সা —।

৩। গ প ধ নি । সাঁ — — — । ধ প ম গ । রে গ ম গ।
গ প নি — । সাঁ — রেঁ সাঁ । নি ধ প ম । গ ম রে সা।

৪। প — নি সাঁ । নি — সাঁ — । ধ প ম গ । রে গ ম গ।
রেঁ সাঁ ধ প । মঁ গঁ — গঁ । রেঁ সাঁ নি সাঁ । নি ধ প —।

তান ঃ

১। সারে গপ ধনি সাঁরেঁ । সাঁনি ধপ মগ রেসা। = ৮ মাত্রা

২। গপ ধনি সাঁরেঁ সাঁনি । ধপ মগ মরে সাসা। = ৮ মাত্রা

৩। গরে সানি ধনি সাঁ । সাঁনি ধপ মগ মরে।
গম পগ মরে সাসা। = ১২ মাত্রা

৪। সারে গম পগ মপ । ধপ নিধ নিসাঁ রেঁসাঁ ।
গংমং রেঁসাঁ নিধ নিসাঁ । নিধ পম গম রেসা । = ১৬ মাত্রা

স্বরলিপি চার্ট

রাগ—বিলাবল, তাল—ত্রিতাল, লয়—মধ্য

স্থায়ী ঃ

প ধ		নি	
প প নি নি	সাঁ — সাঁ সাঁ	সাঁ রেঁ সাঁ নি	ধ প মাগ মরে
তু S হি আ	ধা S র স	ক ল ত্রি ভু	ব ন কোঁS SS
৩	x	২	০

ম		নি	
গ ম প মগ	ম রে সা —	ধ নি সাঁ নি	ধ প মগ মরে
পা S ল কৃS	স চ রা S	চ র ভু S	ত ন কোঁS SS
৩	x	২	০

অন্তরা ঃ

ধ ধ		নি	
প — নি নি	সাঁ — সাঁ —	সাঁ গঁ গঁ মঁ	গঁ রেঁ সা সাঁ
তু S হি S	বি S ষ্ণু S	তু S না S	রা S য় ন
৩	x	২	০

নি	নি	নি	
সাঁ — গঁ রেঁ	সাঁ — ধ প	ধ নি সাঁ সাঁধি	ধ প মগ মরে
বসু S র ণ	তু S প র	ব্র S হ্ম জS	গ ত কোঁS SS
৩	x	২	০

ঃ ত্রিতালের ঠেকা ঃ

১ ২ ৩ ৪	৫ ৬ ৭ ৮	৯ ১০ ১১ ১২	১৩ ১৪ ১৫ ১৬ ১
ধা ধিন ধিন ধা	ধা ধিন ধিন ধা	না তিন তিন না	তেটে ধিন ধিন ধা
x	২	০	৩ x

পূর্বজ্ঞান ঃ শিক্ষার্থীরা সাঙ্গীতিক পরিভাষার সঙ্গে পরিচিত হয়েছে, বিলাবল, খাম্বাজ, ইমন, বেহাগ ইত্যাদি রাগের পরিচিতি জেনেছে।

কাম্যআচরণগত উদ্দেশ্য

বৌদ্ধিক বিকাশ ক্ষেত্র

জ্ঞানমূলক ঃ

(i) বিলাবল রাগের খেয়াল গানটির স্থায়ী, অন্তরা অংশের কথা, সুর, তাল, লয় ও ছন্দ সম্পর্কে শিক্ষার্থীরা অবহিত হবে।

(ii) গানের স্থায়ী ও অন্তরা অংশ কোন স্বর থেকে ও তালের কত মাত্রা থেকে শুরু হচ্ছে সে সম্পর্কে শিক্ষার্থীরা অবহিত হবে।

(iii) এই রাগের স্বর সমন্বয় দক্ষিণ ভারতের ধীর শঙ্করা ভরণম্ মেলের অন্তর্গত এই বিষয়টি তারা জানবে।

(iv) তালে নিবদ্ধ স্বরবিস্তার ও তানের স্বর সমূহ তারা জানবে ও অনুশীলন করবে ফলে তাদের স্মরণ ও মনন বৃদ্ধি পাবে?

(v) খেয়াল গানে ব্যবহৃত অনুষঙ্গ যন্ত্রগুলির ও তাদের শ্রেনিগুলির নাম জানবে।

বোধমূলক ঃ

(i) শিক্ষার্থীরা খেয়াল গানটির ভাবার্থ জানবে।

(ii) বিলাবল রাগের চলনের তথা স্বরের রূপবৈশিষ্টের সঙ্গে পরিচিত হবে ফলে শিক্ষার্থীদের কল্পনা শক্তি বৃদ্ধি পাবে।

(iii) রাগে স্বর প্রয়োগে শ্রুতির ব্যবহার সম্পর্কিত বিষয়টি বুঝতে পারবে।

(iv) বাদী, সমবাদী, ন্যাস স্বরের ব্যবহারের তারতম্য তারা বুঝতে পারবে ফলে শিক্ষার্থীদের শ্রবন ও বিশ্লেষক ক্ষমতা বৃদ্ধি পাবে।

প্রয়োগমূলক ঃ

(i) শিক্ষিকার সাথে অনুসঙ্গ যন্ত্রের সাহায্যে যৌথ ও সমবেতভাবে পুনঃ উপস্থাপন করে অনুশীলন করতে শিখবে এতে শিক্ষার্থীদের মধ্যে যৌথ মানসিকতার উন্মেষ ঘটবে।

(ii) বিলাবল রাগের বিস্তার রচনা করতে পারবে।

(iii) বিলাবল রাগের সমপ্রকৃতির অন্য দু একটি রাগের উদাহরণ দিতে পারবে।

(iv) আট মাত্রার সরল তান গানের নির্দিষ্ট জায়গা থেকে ধরতে শিখবে, বন্দিশে তাল-ছন্দের ব্যবহার সম্পর্কে বিচার করতে শিখবে ফলে তাদের সাঙ্গীতিক বুদ্ধির বিকাশ হবে।

আনুভূতিক ক্ষেত্র ঃ

রসানুভূতিমূলক ঃ

(i) সুন্দর সাঙ্গীতিক পরিমণ্ডলে শিক্ষিকার পরিবেশিত গানের গায়কী সহৃদয়তার সাতে শুনে আত্তীকরণ করতে শিখবে।

(ii) বিলাবল রাগটির বন্দিশে, বিস্তার ও তান মনদিয়ে শেখার ফলে শিক্ষার্থীদের মনে রাগ সঙ্গীতের প্রতি অনুরাগ বৃদ্ধি পাবে ও অন্যান্য রাগ শেখার স্পৃহা জাগবে।

(iii) বিলাবল রাগটির স্বর সমূহের ও বন্দিশের নান্দনিক রূপ শিক্ষার্থীদের সামনে প্রতিভাত হওয়ার ফলে তাদের সৌন্দর্যানুভূতি বৃদ্ধি পাবে।

(iv) রাগটি পরিবেশন কালে সুর ও ছন্দের (aesthetic thinking) প্রকাশ আনন্দ সহকারে ফুটিয়ে তুলতে শিখবে (expression) ফলে তাদের সঙ্গীতের প্রতি উৎসাহ ও প্রেষণা বৃদ্ধি পাবে।

সঞ্চালন ক্ষেত্র ঃ

দক্ষতামূলক ঃ

(i) অনুষঙ্গ যন্ত্রের সাথে সঠিকভাবে বিলাবল রাগের বন্দিশ, বিস্তার ও তান এককভাবে গাইতে সক্ষম হবে।

(ii) বন্দিশের স্বরলিপি আলাপ ও তান স্বরলিপি পদ্ধতিতে লিখতে পারবে।

(iii) রাগটির আদর্শ উপস্থাপনা (বিখ্যাত শিল্পীর ক্যাসেট/সিডি) শুনে বোঝাতে পারবে রাগের পরিবেশনায় কোন বিশেষ জায়গা কেন বেশী শ্রুতিমধুর হয়েছে।

(iv) বিলাবল রাগে দু-একটি সহজ আলাপ নিজে রচনা করে তালে গাইতে পারবে এর ফলে শিক্ষার্থীদের সাঙ্গীতিকতা বৃদ্ধি পাবে।

শিক্ষণের সাধারণ পদ্ধতি

১। শ্রেনিতে সাঙ্গীতিক পরিমণ্ডল রচনা করে শিক্ষিকা রাগ বিলাবলের বন্দিশটির সার্থক পরিবেশন করবেন। বিষয়ের সমগ্র রূপের উপস্থাপনা সাঙ্গীতিক সৌন্দর্যের প্রতি শিক্ষার্থীদের আকৃষ্ট করে।

২। বিলাবল রাগের খেয়াল গানের কথা লেখা কাগজ শিক্ষার্থীদের দিয়ে দেবন।

৩। শ্রেনিকে উপদলে ভাগ করে বসাবেন যাতে অনুশীলন ও সংশোধনী অনুশীলনের কাজটি সুষ্টুভাবে হয়।

৪। গানের হিন্দী শব্দ সার্বিকভাবে উচ্চারণ করতে শেখাবেন। গানের কথা ছন্দের সাথে উচ্চারণ করাবেন ও তালটি বুঝিয়ে দেবেন।

৫। গানের স্থায়ী, অন্তরা অংশ নির্দেশ করে গানের ভাবার্থ বিশ্লেষণ করবেন। ভাবার্থ অনুযায়ী, রাগের সঠিক সুর প্রয়োগের বিষয়টি ব্যাখ্যা করে বুঝিয়ে দেবেন। স্কেল নির্ধারণ করে বিলাবল রাগের আরোহ-অবরোহ ও পকড় গাওয়াবেন।

৬। সঠিক স্বরলিপিতে রাগের বন্দিশ সুন্দর গায়কীর সাহায্যে এক এক লাইন গাইবেন ও শিক্ষার্থীদের অনুরূপভাবে গাইতে নির্দেশ দেবেন। আবিষ্কার পদ্ধতিতে কোন, স্বর থেকে গান শুরু হচ্ছে তা শিখিয়ে দেবেন, গানটি কোন লয়ে শুরু করতে হবে তা প্রতিপাদন পদ্ধতিতে উপাস্থাপিত করবেন। হাতে তালি-খালি দেখিয়ে গাইতে বলবেন।

৭। বিলাবল রাগের স্বরসমন্বয় কর্নাটকের 'ধীরশঙ্করা ভরণম্' মেলের অন্তর্গত তা বক্তৃতার সাহায্যে বুঝিয়ে দেবেন।

৮। রাগের মুখরা ধরে তালে রাগের সহজ আলাপ বিভিন্ন দলকে দিয়ে অনুশীলন করাবেন ও ভুলত্রুটি সংশোধন করে দেবেন।

৯। বিস্তারগুলি শিক্ষার্থীরা রপ্ত করেছে জেনে শিক্ষিকা খেয়াল গানের লয় একটু বাড়িয়ে নিয়ে তানগুলি প্রথমে সরগম সহযোগে ও পরে আ-কার সহযোগে সঠিক সুরে অনুষঙ্গ যন্ত্রের সাথে গাইতে নির্দেশ দেবেন।

১০। স্বরলিপি দেখে খেয়াল গানটি প্রত্যেক দলকে দিয়ে গাওয়াবেন ও দু-একটি আলাপ নিজেদের রচনা করতে বলবেন।

১১। অনুরূপভাবে দু-একটি সহজ তান যাতে শিক্ষার্থীরা রচনা করে গাইতে পারে সেজন্য তান রচনার পদ্ধতি সম্পর্কে ব্যাখ্যাদান করবেন।

১২। সঙ্গীত পরিবেশনের সময় সঠিক ভঙ্গিমা, স্বর প্রক্ষেপনের পদ্ধতি ব্যাখ্যা করে বুঝিয়ে দেবেন রাগ সঙ্গীত পরিবেশন ও শ্রবণকলা সম্পর্কে আলোচনা করবেন।

সহায়ক উপকরণের ব্যবহার ঃ

(i) সুরযন্ত্র হিসাবে হারমোনিয়াম ও তানপুরা ও তালযন্ত্র হিসাবে তবলা-বায়া ব্যবহার করবেন।

(ii) গানের কথা লেখা কাগজের টুকরো, গানের স্বরলিপি লেখা চার্ট ব্যবহার করবেন।

(iii) পঃ বিষ্ণুনারায়ন ভাতখণ্ডের হিন্দুস্থানী সঙ্গীত পদ্ধতি (প্রথম খণ্ড)।

(iv) কিশোরী আমোনকরের গাওয়া বিলাবল রাগের খেয়াল গানের ক্যাসেট (খেয়াল গানের সার্থক উপস্থাপনার ধারণা দানে) ব্যবহার করবেন।

বোর্ডের ব্যবহার ঃ

(i) শ্রেনির সাধারণ পরিচিতি লিখে স্কেল (যেমন—G সার্ফ) বোডে লিখে দেবেন।

(ii) তালের ঠেকা ও গানের মুখরার স্বর প্রয়োগের বিষয়টি বোর্ডে লিখে বোঝাবেন।

(iii) রাগের আলাপ ও তান বোর্ডে লিখে দেবেন ও শিক্ষার্থীরা তা খাতায় লিখে নেবে।

(iv) খেয়াল গানে ব্যবহৃত অনুষঙ্গ যন্ত্রগুলির নাম ও শ্রেনি লিখে দেবেন।

ঃ অনুসন্ধানী প্রশ্ন ঃ

১। 'তুহি আধার' এই স্থানের স্বরবিন্যাসের মধ্যদিয়ে কি বিষয়ের অনুমান করা যায়?

২। স্থায়ীর কোন অংশে মূলতঃ বিলাবল রাগের প্রধান স্বরবিন্যাস রয়েছে?

৩। বিলাবল রাগের 'ধ নি সাঁ নি ধ প' এই স্বর বিন্যাসকে যদি 'ধ <u>নি</u> সাঁ নি ধ প' এই ভাবে প্রয়োগ করা হয় তাহলে কোন রাগ হবে?

৪। গানটির কথার ভাব শাস্ত্রীয় সঙ্গীতের অন্য কোন গীতিশৈলীর সঙ্গে মেলে?

৫। খেয়াল গানে বিস্তার গায়নের তাৎপর্য কি?

৬। বিলাবল রাগটি ভালোভাবে অনুশীলন করলে তোমরা কিভাবে লাভবান হবে?

উত্তর

১। মধ্যসপ্তকের পঞ্চম থেকে গানের মুখরা অংশ শুরু হচ্ছে তাই এটি উত্তরাঙ্গ বাদী রাগের নির্দেশ করে। বিলাবল উত্তরাঙ্গ বাদী রাগ।

২। 'ত্রিভুবন কো পালক খচরা'-এই অংশে।

৩। খাম্বাজ রাগ।

৪। ধ্রুপদ শৈলীর গানের কথার সঙ্গে মেলে।

৫। রাগরূপ স্পষ্ট করা, রাগের রস-ভাবের ব্যাঞ্জনার আন্তরিক উপলব্ধিও উপস্থাপনের জন্য বিস্তার গাওয়া হয়।

৬। বিলাবল শুদ্ধ স্বরের উপর আধারিত তাই সঠিক ভাবে শুদ্ধ স্বরের অনুশীলনের ফলে মূল শ্রতিগুলি সঠিকভাবে গলায় বসে যায় তাতে ভবিষ্যতে বেসুরো হবার সম্ভাবনা কম থাকে আবার অন্যান্য রাগগুলি শিখতে সুবিধা হয়।

ওয়ার্ক শিট

শূন্যস্থান পূরণ কর ঃ—

১। বিলাবল রাগের বাদী স্বর —— সেইজন্য এটি —— রাগ।

২। ম — ম — । গ — ম — । ম রে সা — । (তু ১ হি আ)
x ২ ০ ৩

৩। সাঁ — ধ — । ম — রে — । প — নি — । সাঁ — রেঁ —।
৩ x ২ ০

৪। সঠিকভাবে লেখ ঃ

গরেঁ সানি ধনি সানি । ধ প মগ সাঁরে সা।
২ ০

বিষয়বস্তু সংক্রান্ত উদাহরণ

বিষয়বস্তু	উদাহরণ
বিলাবল রাগে খেয়াল গানের গায়কীর বৈশিষ্ট্য	এই রাগে আরও দু একটি বন্দিশ যেমন ‘ তে হরিনাম ন সুমিরণ কীনো’, ‘জাগ উঠে সব জন তুম জাগো’ গেয়ে শোনাবেন।
বিলাবল রাগের সমপ্রকৃতির রাগ	আলাহিয়া বিলাবল, বেহাগ দূর্গা ইত্যাদি রাগের সম্পর্কে আলোচনা করবেন।

উদ্দেশ্যভিত্তিক অভীক্ষা পত্র
অভীক্ষার বিশেষীকরণের ছক

উপ-এককের বিষয়বস্তু	জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক	মোটনম্বর
বিলাবল রাগের বন্দিশ, স্থায়ী অন্তরার বিস্তার ও স্থায়ীর তান	১ (১)	২ (১) ৩ (২)	৪ (২) ৫(১)	৬(১) ৭ (১) ৮ (১)	১০
শতকরা হার	১০%	৩০%	৩০%	৩০%	১০০%

বন্ধনীর মধ্যের [ ] সংখ্যা প্রশ্নের মান নির্দেশক

প্রশ্নাবলী ঃ

১। গানের স্থায়ী অংশ তালের কত মাত্রা থেকে আরম্ভ হচ্ছে?

২। রাগে বাদী স্বরটি কি ভাবে ব্যবহৃত হচ্ছে গেয়ে শোনাও।

৩। বাদী সমবাদী স্বরের প্রয়োগগত পার্থক্য ব্যাখ্যা কর।

৪। 'সা রে গ ম প' এই স্বরসমষ্টি দিয়ে অন্তত্তপক্ষে ১২টি স্বরযুক্ত একটি বিস্তার লেখ।

৫। সাঁরেঁ সাঁনি ধপ মগ মরে সা —গানের মুখরার কোন অংশ গেয়ে শুরু করলে সঠিক তালে এসে পড়বে?

৬। গানের স্থায়ী অংশ হাতে তালি খালি দেখিয়ে গাও।

৭। গানের অন্তরা অংশ হাতে তালি খালি দেখিয়ে গাও।

৮। সঠিক লয়ে একটি বারো একটি ষোলো মাত্রার তান গাও।

পেডাগজি নং ৫/ক ঃ

রবীন্দ্রসঙ্গীতে ধ্রুপদ, খেয়াল ও লোকসঙ্গীতের প্রভাব

শ্রেনী—নবম

মন্তব্য ঃ (ক) এই পাঠ এককটি তিনটি উপ-এককে ভাগ করা হয়েছে ও শিক্ষাবিজ্ঞানের দৃষ্টিতে প্রত্যেকটি উপ-এককে বিশ্লেষণ করা হয়েছে।

(খ) উপ-এককের তিনটিতে ধারণা ভিত্তিক অভীক্ষা পত্র রচনা করা হয়েছে ও প্রতিটি অভীক্ষায় ৬টি করে প্রশ্ন রাখা হয়েছে।

শিক্ষাবিজ্ঞানের দৃষ্টিতে পঠন-পাঠন সংক্রান্ত বিশ্লেষণ

শ্রেনী ঃ নবম বিষয় ঃ সঙ্গীত

বিষয় বস্তুর বিশ্লেষণ

বিষয় একক ঃ রবীন্দ্রসঙ্গীতে ধ্রুপদ, খেয়াল ও লোকসঙ্গীতের প্রভাব

উপ-একক	পিরিয়ড সংখ্যা
(ক) রবীন্দ্রসঙ্গীতে ধ্রুপদ গানের প্রভাব	২
(খ) রবীন্দ্রসঙ্গীতে খেয়াল গানের প্রভাব	১
(গ) রবীন্দ্রসঙ্গীতে লোকসঙ্গীতের গানের প্রভাব	১
	মোট—৪
	মূল্যায়ন—১
	পুনঃশিক্ষণ—১
	মোট পিরিয়ড সংখ্যা—৬

এই বিষয় একক বিশ্লেষণের জন্য যেসব বই থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে ঃ

(১) রবীন্দ্রসঙ্গীত—শান্তিদেব ঘোষ

(২) রবীন্দ্রসঙ্গীত—প্রিয়ব্রত চৌধুরী

উপ-একক ঃ রবীন্দ্রসঙ্গীতে ধ্রুপদ গানের প্রভাব

বিষয় সারসংক্ষেপ ঃ শাস্ত্রীয় সঙ্গীতের অবদান ধ্রুপদ। ধ্রুব পদ কথাটি থেকে ধ্রুপদ নামটির প্রচলন হয়েছে। ধ্রুপদ গানের বিষয়বস্তুতে আধ্যাত্মবাদ সুস্পষ্ট। এই গানের প্রকৃতি শান্ত ও গম্ভীর। এই গান মূলত চার তুক সম্বলিত—স্থায়ী, অন্তরা, সঞ্চারী ও আভোগ। তবে দুই তুক্ (স্থায়ী, অন্তরা) বিশিষ্ট ধ্রুপদ গানও প্রচলিত আছে। নোম্, তোম্ সহযোগে আলাপের মাধ্যমে সূচনা করে মীড়, গমক ইত্যাদি অলঙ্কার সহযোগে বিলম্বিত থেকে দ্রুততর লয়ে আলাপ পর্ব শেষ করে মূল গান গাওয়া হয়। গানে লয়কারীর কাজ করা হয়। ধ্রুপদগান প্রধানত ব্রজবুলি ও হিন্দীভাষায় রচিত হয়। পাখোয়াজ অনুষঙ্গ যন্ত্র হিসাবে ব্যবহৃত হয়।

শাস্ত্রীয় সঙ্গীতের বিভিন্ন ধারাগুলির মধ্যে ধ্রুপদগানের দ্বারাই রবীন্দ্রনাথ সবচেয়ে বেশী প্রভাবিত হন। ছেলেবেলার সঙ্গীতগুরু যদুভট্ট, বিষ্ণুচক্রবর্ত্তীর কাছে ধ্রুপদগানের শিক্ষা গ্রহণ করেছিলেন। ধ্রুপদ গানের গভীরতা, তার আত্মদমন ও সুসংগতির মধ্যে আপন ওজন রক্ষা করার প্রয়াস তাঁর মনে প্রেষণার সঞ্চার করেছিল।

রবীন্দ্রনাথ বেশ কিছু ধ্রুপদ গান রচনা করেছিলেন সরাসরি মূলগান থেকে। এই গানগুলি ভাঙা গান' নামে পরিচিত। আর কিছু গান তাঁর (খ) মৌলিক সৃষ্টি, যেগুলির গীতিশৈলীর বৈশিষ্ট্য ধ্রুপদ আঙ্গিকের।

যেমন ঃ <u>মূলগান</u> <u>ভাঙাগান</u>

(ক) 'প্রথম আদ শিবশক্তি' .... 'প্রথম আদি তব শক্তি'.......

'মহাদেব মহেশ্বর' .... 'মহাবিশ্বে মহাকাশে'.............

(খ) 'তোমারেই করিয়াছি জীবনের ধ্রুবতারা'............

'সদা থাকো আনন্দে'..........

রবীন্দ্রসৃষ্ট ধ্রুপদগানে মীড়, গমকের প্রয়োগ থাকলেও আধিক্য নেই। গানের ভাব ও সংহতি যাতে ক্ষতিগ্রস্থ না হয় তাই তাঁর সৃষ্ট ধ্রুপদ আঙ্গিকের গানগুলিতে লয়কারীও নেই।

রবীন্দ্রনাথের ধ্রুপদগানে সাধারণত চারতুকের প্রচলন আছে। কবি ধ্রুপদগানের দ্বারা আকৃষ্ট হয়েছিলেন 'রবীন্দ্র রচনাবলী'র ১৪শ খণ্ডে ৯৬১ পৃষ্ঠায় লিখেছেন, "বাংলাদেশে সম্প্রতি সঙ্গীত চর্চার একটা হাওয়া উঠেছে, সঙ্গীত রচনাতেও আমার মতো অনেকেই প্রবৃত্ত। এই সময়ে প্রাচীন ক্লাসিকাল অর্থাৎ ধ্রুব-পদ্ধতির হিন্দুস্থানী সঙ্গীতের ঘনিষ্ঠ পরিচয় নিতান্তই আবশ্যক। তাতে দুর্বল রসমুগ্ধতা থেকে আমাদের পরিত্রাণ করবে"।

<u>পূর্বজ্ঞান</u> ঃ

শিক্ষার্থীরা ভারতীয় সঙ্গীতের বিভিন্ন গীতশৈলীর সাথে পরিচিত আছে।

শিক্ষার্থীরা ধ্রুপদ, খেয়াল, রবীন্দ্রসঙ্গীত-এর বেশ কিছু গান গাইতে শিখেছে।

<u>উদ্দেশ্য</u>—

বৌদ্ধিক বিকাশ ক্ষেত্র ঃ

জ্ঞানমূলক = শিক্ষার্থীরা অবহিত হবে—

১। (ক) ধ্রুপদ প্রভাবিত রবীন্দ্রসঙ্গীতের বৈশিষ্ট্য সম্পর্কে।

২। (খ) ধ্রুপদাঙ্গের রবীন্দ্রসঙ্গীতগুলির তাল সম্পর্কে।

(গ) রবীন্দ্রনাথের গানে পূজা পর্যায়ের বিশেষ ব্রহ্মসঙ্গীতগুলি ধ্রুপদাঙ্গের।

<u>বোধ</u> ঃ

১) মূল হিন্দী ধ্রুপদ গানের সঙ্গে ধ্রুপদাঙ্গের রবীন্দ্রসঙ্গীতের পার্থক্য নিরূপণ করতে পারবে।

২) এই গানের রচনায় যে উচ্চাঙ্গের সাহিত্য ব্যবহৃত হয়েছে তা তারা বুঝতে পারবে।

প্রয়োগ ঃ

১) মূল হিন্দী গান রবীন্দ্রনাথের গানে ধ্রুপদাঙ্গের প্রভাব এ বিষয়ে অলোচনায় অংশগ্রহণ করতে পারবে।

২) ধ্রুপদাঙ্গের রবীন্দ্রসঙ্গীতগুলি রবীন্দ্রনাথ সৃষ্ট নির্দিষ্ট কাঠামোয় গাইতে শিখবে।

অন্যান্য বিশ্লেষণ ঃ

১) ধ্রুপদ এবং ধ্রুপদাঙ্গের রবীন্দ্রনাথের গানগুলির যে বৈশিষ্ট্য আছে তা শিক্ষার্থীরা আত্মস্থ করবেন।

প্রাক্ষোভিক ক্ষেত্র ঃ

রসানুভূতি ঃ প্রেষণা/কৌতুহল)

১) ধ্রুপদাঙ্গের রবীন্দ্রসঙ্গীত শিখনের মাধ্যমে শিক্ষার্থীরা ধ্রুপদ গান এবং বৈশিষ্ট্য সম্পর্কে অবহিত হবে।

২) ধ্রুপদাঙ্গের রবীন্দ্রসঙ্গীতগুলির বেশীর ভাগই কেন পূজাপর্যায় এবং ব্রহ্মসঙ্গীত তার কারণ অনুসন্ধানে আগ্রহী হবে।

৩) ধ্রুপদ গান ভারতীয় সঙ্গীতের ইতিহাসে কতখানি গুরুত্বপূর্ণ তার মূল্য অনুধাবন করবে।

সঞ্চালন ক্ষেত্র ঃ

দক্ষতামূলক ঃ

১) রবীন্দ্রনাথের ধ্রুপদ ভাঙা গান এবং তাঁর মৌলিক ধ্রুপদাঙ্গের রবীন্দ্রসঙ্গীতগুলির বৈশিষ্ট্য বজায় রেখে সেগুলি শিক্ষার্থীরা গাইতে শিখবে।

২) মূলগান, ভাঙা গান, তাল, রাগ—ইত্যাদি সম্বলিত একটি তালিকা প্রস্তুত করবে।

শিক্ষণ কৌশল

শিক্ষণের সাধারণ পদ্ধতি ঃ

★ শাস্ত্রীয় সঙ্গীতের অন্তর্গত ধ্রুপদ শৈলীর গানের বৈশিষ্ট্য শিক্ষক বক্তৃতার মাধ্যমে উপস্থাপন করবেন।

★ ধ্রুপদ গান ও ধ্রুপদাঙ্গের রবীন্দ্রসঙ্গীতগুলি পরপর গেয়ে ব্যাখ্যা করবেন।

★ ধ্রুপদাঙ্গের রবীন্দ্রসঙ্গীতগুলিতে কি ধরণের তালের ব্যবহার হয় তা ব্যাখ্যা করে দেবেন।

★ রবীন্দ্রনাথের ধ্রুপদাঙ্গের গানগুলির সাহিত্যমূল্য কতখানি তা রসসঞ্চারীমূলক আলোচনার মাধ্যমে শিক্ষার্থীদের অবহিত করবেন।

★ ধ্রুপদাঙ্গের গানগুলি ক্রিয়াত্মক সঙ্গীতের পরিবেশন পদ্ধতিতে খুব সুন্দরভাবে গেয়ে শোনাবেন যাতে শ্রেনীর ছাত্রীরা এই গানগুলির সুর তুলে নিতে আগ্রহী হয়।

★ মূল ধ্রুপদ ও ধ্রুপদাঙ্গের রবীন্দ্রসঙ্গীতের চার্ট কিভাবে প্রস্তুত করতে হয় তা আলোচনার মাধ্যমে বুঝিয়ে দেবেন।

শিক্ষা সহায়ক উপকরণ ঃ

★ সুরযন্ত্র হিসাবে হারমোনিয়াম/তানপুরা ও তালযন্ত্র হিসাবে তবলা বাঁয়া ও পাখোয়াজ ব্যবহার করবেন।

★ ধ্রুপদাঙ্গের রবীন্দ্রসঙ্গীতের স্বরলিপির জন্য স্বরবিতান ব্যবহার করবেন।

★ ধ্রুপদ গানের বৈশিষ্ট্য ও রবীন্দ্রনাথের ধ্রুপদগানের বৈশিষ্ট্য সম্বলিত একটি চার্ট ব্যবহার করবেন।

বোর্ডের ব্যবহার ঃ

১) যদি শিখনের গানটি 'ভাঙাগান' হয় তাহলে 'মূলগান'টির প্রথম লাইন লিখে নিচে ভাঙা গানটির প্রথম লাইন শিক্ষিকা লিখে দেবেন।

২) গানটির তাল সম্পর্কিত বৈশিষ্ট্যগুলি বিশ্লেষণ করবার সময় বোর্ডের ব্যবহার করবেন।

৩) কোন বিশেষ শব্দের অর্থ, তাল সম্পর্কিত ব্যাখ্যাদানকালে বোর্ডের ব্যবহার করবেন।

অনুসন্ধানী প্রশ্ন ঃ

১। চারতুক বিশিষ্ট ধ্রুপদ গান ধ্রুপদাঙ্গীয় রবীন্দ্রসঙ্গীতে বেশী ব্যবহৃত হয়েছে কেন?

উঃ গানের কাব্যিকভাবকে সম্পূর্ণভাবে প্রকাশ করার জন্য চারতুক বিশিষ্ট ধ্রুপদ গানের রূপটি বিশেষ উপযোগী। কবি চারতুকের গান সর্বাপেক্ষা বেশী রচনা করেছিলেন সেই কারনে।

২। ধ্রুপদাঙ্গের রবীন্দ্রসঙ্গীতগুলিতে রাগিনী ও গানের ভাব-এর সাথে সাথে অন্য কোন বিষয়ের প্রতি কবি প্রাধান্য দিয়েছিলেন?

উঃ কবি এই গানগুলিতে রাগিনী ও গানের ভাবের সাথে তালের সুষ্ঠু মিলনের দিকটিকে প্রাধান্য দিয়েছিলেন।

ওয়ার্ক শিট ঃ

১। ধ্রুপদাঙ্গের রবীন্দ্রসঙ্গীতটি হল ঃ 'আজি মম মন চাহে' মূলগানটি লেখ ঃ ________

২। 'সপ্ত সুর তিন গ্রাম' ইমন রাগে নিবদ্ধ ধ্রুপদ গানটিতে রবীন্দ্রনাথের গান ঃ ________

বিষয়বস্তুর ব্যাখ্যাদানের জন্য উদাহরণ

ধারণা	উদাহরণ
মূল ধ্রুপদ গানের বৈশিষ্ট্য	সেই গান সুন্দরভাবে গেয়ে শোনাবেন যেমন-বেণী নিরখত ভূজঙ্গ, আড়ানা রাগে ও চৌতালে নিবদ্ধ গানটির বৈশিষ্ট্য।
ধ্রুপদাঙ্গের রবীন্দ্রসঙ্গীত	ধ্রুপদাঙ্গের রবীন্দ্রসঙ্গীত উপরোক্ত গানটির আধারে রচিত 'বাণী তব ধায়' গানটি গেয়ে শোনাবেন।
ধ্রুপদাঙ্গের মৌলক রচনা পূজা পর্যায় ব্যতিত অন্য পর্যায় যেমন প্রেম, প্রকৃতি ইত্যাদিতে ধ্রুপদের গান রচনা করেছেন	'নিবিড় ঘন আঁধারে' গানটি উল্লেখ করবেন। এই গানগুলির উদাহরণ দেবেন যেমন— প্রকৃতি-আমারে যদি জাগালে

উদ্দেশ্যভিত্তিক অভীক্ষা পত্র

অভীক্ষার বিশেষীকরণের ছক

বিষয়বস্তু	জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক	রসানুভূতি	মোটনম্বর
রবীন্দ্রসঙ্গীতে ধ্রুপদ গানের প্রভাব	1, 2 (2)	3, 4 (2)	–	5 (2)	6 (2)	8
শতকরা হার	25%	25%		25%	25%	100%

[বন্ধনীর ভেতরে প্রশ্নের মান ও বাইরে ক্রমিকসংখ্যা নির্দেশ করে]

উদ্দেশ্যভিত্তিক অভীক্ষা পত্র

প্রশ্ন ঃ

(১) কোন পর্যায়ের রবীন্দ্রসঙ্গীতগুলিতে ধ্রুপদগানের সুরের আধিক্য বেশী? 1

(২) ধ্রুপদাঙ্গের গানগুলির দুটি বৈশিষ্ট্য উল্লেখ কর। 1

(৩) কবিগুরুর সাহিত্য ভাবনার কোন্ বিশেষ দিকের পরিচয় মেলে ধ্রুপদাঙ্গের রবীন্দ্রসঙ্গীতগুলিতে? 1

(৪) মূল ধ্রুপদ গান ও ধ্রুপদাঙ্গের রবীন্দ্রসঙ্গীতের একটি পার্থক্য গেয়ে ব্যাখ্যা দাও। 1

(৫) ধ্রুপদাঙ্গের দুটি রবীন্দ্রসঙ্গীত নিম্নলিখিত ছকে একটি তালিকা প্রস্তুত কর ঃ 2

রবীন্দ্রনাথের গান	মূলগান	তাল
১		
২		

(৬) 'ধ্রুপদাঙ্গের রবীন্দ্রসঙ্গীতগুলি ভারতীয় সংস্কৃতির সম্পদ' এই প্রসঙ্গে ৩/৪ লাইনে নিজের মতামত ব্যক্ত কর। 2

পেডাগজি নং ৫/খ ঃ

একক 'খ' ঃ রবীন্দ্রসংগীতে খেয়ালের প্রভাব ঃ

বিষয়বস্তুর সংক্ষিপ্তসার ঃ ভারতীয় রাগসংগীতের এক বিশিষ্ট অবয়ব হল খেয়াল। এই গীতশৈলীর কয়েকটি বৈশিষ্ট্য নিম্নরূপ ঃ

- কোন রাগে নিবদ্ধ খেয়াল গান পরিবেশনের আগে সেই রাগের আলাপ গান।
- খেয়াল গানের মূল বন্দীশটি পরিবেশনের মাঝে বৈচিত্র্যপূর্ণ বিস্তার, নানাপ্রকার তান, বোলতান ইত্যাদির সংযোগ ঘটানো।
- এই গানের সঙ্গে একতাল, ত্রিতাল, ঝুমরা, তিলওয়াড়া, ঝাঁপতাল প্রভৃতি তাল তবলায় সঙ্গত করা হয়।

রবীন্দ্রনাথ বাল্যকাল থেকে প্রথম যৌবন পর্যন্ত বিষ্ণু চক্রবর্তী, শ্রীকণ্ঠ সিংহ, যদুভট্ট, রাধিকাপ্রসাদ গোস্বামী, শ্যামসুন্দর মিশ্র প্রভৃতি বিষ্ণুপুরী ঘরানার বিখ্যাত সংগীতজ্ঞদের কাজে উচ্চাঙ্গ সংগীত শিক্ষার সুযোগ পান। সংগীত শিক্ষা ছাড়াও তিনি ভারতের বিভিন্ন ঘরানার বিভিন্ন সংগীতগুণীদের নানা শ্রেনীর গান শোনার সুযোগ পেয়েছেন। তাঁর সৃষ্ট সমগ্র সংগীতভাণ্ডারের সুর বিশ্লেষণ করলে দেখা যাবে যে মুখ্য বা গৌণভাবে রাগসংগীতই তাঁর সংগীতের সুরসৃষ্টির মূল অবলম্বন। এবং এই রাগসংগীতের মধ্যে ধ্রুপদ, ধামারের পরেই যে গীতশৈলীর দ্বারা তিনি প্রভাবিত তা হল খেয়াল।

খেয়ালগান প্রভাবিত রবীন্দ্রসংগীতগুলি পর্যালোচনা করলে এগুলির কয়েকটি বৈশিষ্ট্য চোখে পড়ে—

- মূল খেয়াল গানের বাণীর হুবহু ভাষান্তর বা আক্ষরিক অনুবাদ রবীন্দ্রনাথ তাঁর গানে কোথাও করেন নি।
- সুর ও ছন্দের হুবহু অনুসরণ করেননি।
- মূল গানের বাণীর ধ্বনি-তরঙ্গের অনুসরণও কোথাও করেন নি।
- গানের বহিরঙ্গের কাঠামো অনুসৃত হয়নি অর্থাৎ কলি বিন্যাসেও ব্যাপক পরিবর্তন ঘটেছে।

অর্থাৎ খেয়াল গানের মূল সুর ও ছন্দ তিনি নিয়েছেন কিন্তু তান, বোলতান, সরগম, বিস্তার প্রভৃতি অঙ্গ বর্জন করেছেন। যার ফলে খেয়াল গানের আশ্রয়ে রচিত গানগুলি রাবীন্দ্রিক বৈশিষ্ট্যে রবীন্দ্রসংগীতই হয়ে উঠেছে।

এখানে কিছু মূল খেয়াল গান ও তা থেকে রচিত রবীন্দ্রসংগীতের উল্লেখ করা হল ঃ

মূলগান	রাগ ও তাল	রবীন্দ্রসংগীত
১। লগি মোরে ঠুমক পলঙ্গনা	মালকোষ-ত্রিতাল	আনন্দধারা বহিছে ভুবনে
২। মন্‌কি কমলদাল খোলিয়াঁ	বাহার-ত্রিতাল	এই যে হেরি গো
৩। রিমিরিমি ঝিমি ঝিমি	মল্লার-ত্রিতাল	ঝম্ ঝম্ ঘন ঘন রে
৪। ছিন ছুঁয়ো মোরে	রামকেলি ত্রিতাল	আঁখিজল মুছাইলে জননী

মূলগান	রাগ ও তাল	রবীন্দ্রসংগীত
৫। প্যালা মুঝে ভরি দে রে	রামকেলি ত্রিতাল	দাও হে হৃদয় ভরে দাও
৬। ফুল রহি কালিয়াঁ ফুলবন	সাহানা ত্রিতাল	আজ বুঝি আইল প্রিয়তম
৭। সুন্দর লাগেরী হৈ	আড়ানা—একতাল	মন্দিরে মম কে

উপ-একক ঃ রবীন্দ্রসংগীতে খেয়ালের প্রভাব।

পূর্ণজ্ঞানভিত্তিক সামর্থ ঃ

ভারতীয় সংগীতের বিভিন্ন ধরণের গীতিশৈলী সম্পর্কে শিক্ষার্থীরা জানে।

রবীন্দ্রসংগীতে ধ্রুপদের প্রভাব সম্পর্কে তাদের বিস্তারিত ধারণা আছে।

বৌদ্ধিক বিকাশ ক্ষেত্র ঃ

জ্ঞানমূলক

১। খেয়াল গানের বৈশিষ্ট্যগুলি কি কি তা জানবে।

২। খেয়ালাশ্রিত রবীন্দ্রসংগীতের বৈশিষ্ট্যগুলি জানবে।

৩। খেয়ালের সুর-অনুসৃত কয়েকটি রবীন্দ্রসংগীতের উদাহরণ জানবে।

বোধমমূলক ঃ

মূল খেয়াল গানের সঙ্গে খেয়ালমিশ্রিত রবীন্দ্রসংগীতের সূক্ষ্ম পার্থক্যগুলি অনুধাবন করতে পারবে।

প্রয়োগমূলক ঃ

১। বিভিন্ন ধরণের রবীন্দ্রসংগীত শুনে তার মধ্য থেকে খেয়ালাশ্রিত রবীন্দ্রসংগীত কোনগুলি তা খুঁজে বের করতে পারবে

২। রবীন্দ্রনাথের গানে খেয়ালের প্রভাব বিষয়ক আলোচনায় শিক্ষার্থী অংশগ্রহণ করতে পারবে।

৩। শেখা খেয়ালাঙ্গের রবীন্দ্রসংগীতগুলি শিক্ষকের অনুসরণে গাইতে পারবে।

রসানুভূতিমূলক ঃ

১। খেয়ালাঙ্গের রবীন্দ্রসংগীত শেখার ফলে মূল খেয়াল গান সম্পর্কে অনুরাগ বৃদ্ধি পাবে।

২। খেয়ালের গীতশৈলীর প্রতি অনুরাগ জন্মানোর সাথে সাথে সামগ্রিক ভাবে শাস্ত্রীয় সংগীতকে ভালোভাবে জানা ও আয়ত্ত করার প্রতি তাদের আগ্রহ বাড়বে।

সঞ্চালক ক্ষেত্র—

দক্ষতামূলক ঃ

১। শিক্ষার্থীরা খেয়ালাঙ্গের রবীন্দ্রসংগীতগুলি সঠিক সুরে এককভাবে পরিবেশন করতে পারবে।

২। খেয়ালাঙ্গের রবীন্দ্রসংগীত সম্পর্কে শিক্ষার্থীরা প্রবন্ধ রচনা করতে পারবে।

৩। শিক্ষার্থীরা নিম্নলিখিত উপায়ে ছক তৈরী করতে পারবে।

মূল খেয়াল গান	রাগ	তাল	প্রভাবিত রবীন্দ্রসংগীত

শিক্ষাদানের কৌশল

শিক্ষাদানের বিস্তৃত কৌশল—

- খেয়াল যে শাস্ত্রীয় সংগীতের অন্যতম গীতশৈলী, তার বৈশিষ্ট্যগুলি সম্পর্কে শিক্ষক বক্তৃতা পদ্ধতির মাধ্যমে উপস্থাপন করবেন।
- মূল খেয়াল গানের বৈশিষ্ট্যগুলি ক্রিয়াত্মক পরিবেশনার মধ্য দিয়ে উপস্থাপন করবেন।
- শিক্ষক খেয়ালাশ্রিত রবীন্দ্রসংগীতের বৈশিষ্ট্যগুলি ক্রিয়াত্মক পরিবেশনার সাথে সাথে বক্তৃতার মাধ্যমে বুঝিয়ে দেবেন।
- খেয়ালাঙ্গের রবীন্দ্রসংগীতের তালগুলি সম্পর্কে বলবেন ও গানের সাথে হাতে তালি খালি প্রদর্শন করে বুঝিয়ে দেবেন।
- শিক্ষার্থীদের গানগুলি ও তালগুলি শিখে নিতে সাহায্য করবেন।

শিক্ষার্থীর কাজ—

- শিক্ষকের নির্দেশ অনুযায়ী খেয়ালাঙ্গের রবীন্দ্রসংগীতগুলি শিখে নিতে চেষ্টা করবে।
- ব্যবহৃত তালগুলি হাতে তালি খালি দিয়ে আয়ত্ত করার চেষ্টা করবে।

সহায়ক উপকরণের ব্যবহার ঃ

- সুরযন্ত্র হিসাবে হারমোনিয়াম/তানপুরা ও তালযন্ত্র হিসাবে তবলা-বাঁয়া ও প্যাখোয়াজ ব্যবহার করবেন।
- স্বরবিতান—খেয়ালাঙ্গের রবীন্দ্রসংগীতের স্বরলিপির জন্য অন্যান্য ref. বই—খেয়াল ও খেয়ালাঙ্গের রবীন্দ্রসংগীতের বৈশিষ্ট্যগুলি জানানোর জন্য।
- খেয়াল গানের সঙ্গে ব্যবহৃত যন্ত্রাদির মডেল/ছবি।
- মূল খেয়াল ও খেয়ালাঙ্গের রবীন্দ্রসংগীত সম্পর্কে একটি তালিকা।

কৃষ্ণফালকের ব্যবহার ঃ

- খেয়ালাঙ্গের গানগুলিতে ব্যবহৃত তালগুলি লিখবেন।
- গানগুলি ব্যবহৃত রাগ-পরিচয় লিখবেন।

অনুসন্ধানী প্রশ্ন ঃ

প্রশ্ন	উত্তর
১। রবীন্দ্রনাথের খেয়ালাঙ্গের গানগুলিকে কেন খেয়াল-ভাঙা গান বলা হয়?	১। রবীন্দ্রনাথের গানগুলি মূল খেয়ালগুলির সব বৈশিষ্ট্য অনুসারী নয়। খেয়ালের মূল সুরটি অনুসৃত হলেও অনেক জায়গাতেই তার মধ্যেও বৈচিত্র আনা হয়েছে এবং তান, আলাপ ইত্যাদি বর্জিত।
২। মূল খেয়াল গানের কথার দ্বারা প্রভাবিত হয়ে কি রবীন্দ্রনাথ তাঁর সংগীত রচনা করেছিলেন?	২। না, মূল খেয়ালের কথার দ্বারা তিনি প্রভাবিত হন নি। মূল গানের কোন কোন শব্দ হয়ত তাঁকে অনুপ্রানিত করেছিল, কিন্তু সমগ্র গানটিই তাঁর নিজস্ব সৃষ্টি।

ওয়ার্ক সিট ঃ

মূলগান ও খেয়াল-ভাঙা রবীন্দ্রসংগীতের তালিকাটি সম্পূর্ণ কর ঃ

মূলগান	রবীন্দ্রসংগীত
১। রিমি ঝিমি রিমি ঝিমি	....
২।	আঁখিজল মুছাইলে জননী
৩।	মন্দিরে মম কে

বিষয়বস্তু সম্পর্কিত উদাহরণ ঃ

বিষয়বস্তু	উদাহরণ
১। খেয়ালে গানের বৈশিষ্ট্য	বিভিন্ন সংগীতগুণীর গাওয়া খেয়ালে গানের ক্যাসেট রেকডিং শোনানো।
২। খেয়ালাঙ্গের রবীন্দ্রসংগীতের বৈশিষ্ট্য	বিখ্যাত শিল্পীদের গাওয়া খেয়ালাঙ্গের রবীন্দ্রসংগীতের কিছু গানের ক্যাসেট শোনানো।

উদ্দেশ্যভিত্তিক অভীক্ষাপত্র

অভীক্ষার বিশেষীকরণের ছক ঃ

বিষয়বস্তু	জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক	মোট নম্বর
রবীন্দ্রগানের গানে খেয়ালের প্রভাব	১। ক. (১) ১। খ. (১)	২.(২)	—	৩(২)	৬
শতকরা হার	৩৩.৩ %	৩৩.৩ %	—	৩৩.৩ %	১০০ %

বন্ধনীর মধ্যের ( ) সংখ্যা প্রশ্নের মূল্যমান নির্দেশক

প্রশ্নাবলী ঃ

১। নিম্নলিখিত বাক্যগুলির সত্য/মিথ্যা নিরূপণ কর ঃ

(ক) রবীন্দ্রনাথের খেয়ালাঙ্গের গানে আলাপ ব্যবহার করা হয়। সত্য/মিথ্যা (জ্ঞানমূলক) ১

(খ) রবীন্দ্রনাথ খেয়াল গানের কথাকে তাঁর গানে অনুবাদ করেছেন। সত্য/মিথ্যা (জ্ঞানমূলক) ১

২। 'লগি মোরে ঠুমক পলঙ্গনা' খেয়ালটি থেকে সৃষ্ট রবীন্দ্রসংগীতটি মূল গান থেকে কি কি ভাবে পৃথক? (বোধমূলক) ২

৩। 'প্যালা মুঝে ভরি দেরে' গানটি থেকে সৃষ্ট রবীন্দ্রসংগীতটির স্থায়ী অংশ গেয়ে শোনাও। (দক্ষতামূলক) ২

পেডাগগজি নং ৫/গ ঃ

উপ-এককের বিশ্লেষণ

সাব-ইউনিট ঃ রবীন্দ্র সংগীতে লোকসংগীতের প্রভাব—শ্রেনী ঃ একাদশ

উপ-একক 'গ'

বিষয়বস্তুর সংক্ষিপ্তসার ঃ

লোকসঙ্গীত—যে গানের মাধ্যমে মানুষের ভিতরকার সুখ-দুঃখ, বিরহ-আনন্দ ইত্যাদি মানবিক অনুভূতিগুলি প্রকাশিত হয়, তাই আমাদের কাছে লোকসংগীত নামে পরিচিত। কোন বিশেষ লোকসংগীতের মধ্য দিয়ে সেই অঞ্চলের ভৌগলিক, প্রাকৃতিক অবস্থান, চিরায়ত বা সম-সাময়িক পরিস্থিতি এবং লৌকিক সংস্কৃতি চর্চ্চার প্রতি ফলন ঘটে।

বাল্যকালে রবীন্দ্রনাথ কবিগান, তর্জা, পাঁচালী, কথকতা ইত্যাদি লোকসুরের সাথে পরিচিত হয়েছিলেন। সবচেয়ে বেশী দেশী সুরের সংস্পর্শে এসেছিলেন রাজশাহী, কুষ্টিয়া জেলার জমিদারীর তদারকী করার সময়। শান্তিনিকেতনে থাকাকালীন বাউল সুরে প্রভাবিত হন। এই সমস্ত লোকসঙ্গীতের সুর তাঁর সঙ্গীত সৃষ্টির উপাদান হিসাবে গ্রহণ করেছিলেন। কিছু কিছু সুরে সরাসরি অর্থাৎ মূলগানের সুর বসিয়েছিলেন। যেগুলিকে আমরা ভাঙ্গা গান বলি। আবার কিছু কিছু গানে একাধিক লোক সঙ্গীতের সুরের মিশ্রণ পাওয়া যায়, সেগুলিকে লোকসংগীত প্রভাবিত রবীন্দ্রসংগীত বলে থাকি। যেমন—

মূল গান	রবীন্দ্রনাথের গান
i) আমি কোথায় পাব তারে (গগন হরকরা)—	আমার সোনার বাংলা................................ ।
ii) হরিনাম দিয়ে জগৎ মাতালে (লালন ফকির)—	যদি তোর ডাক শুনে কেউ..................... ।
iii) মন মাঝি সামাল সামাল (সারি)—	এবার তোর মরা গাঙে.. ।

অধিকাংশ লৌকিক সুরের গান ৩।৩ বা ৪।৪ ছন্দে রচিত হয়। রবীন্দ্রনাথ তাঁর গানে কাব্যছন্দ বজায় রাখতে ঝাঁপতাল (যেতে যেতে চায়না যেতে), তেওড়া তাল (লহো, লহো, তুলে লহো) ইত্যাদি শাস্ত্রীয় তাল ব্যবহার করেছেন।

পূর্বজ্ঞান ভিত্তিক সামর্থ ঃ

ক) শিক্ষার্থীরা ইতিপূর্বে ভারতীয় সঙ্গীতে বিভিন্ন গীত শৈলীর সঙ্গে পরিচিত হয়েছে।

খ) শিক্ষার্থীরা ইতিপূর্বে রবীন্দ্রসংগীতে ধ্রুপদাঙ্গ গান ও খেয়াল গান সম্বন্ধে অবহিত হয়েছে।

গ) শিক্ষার্থীরা রবীন্দ্রনাথের ধ্রুপদাঙ্গ ও খেয়ালঅঙ্গের গান গাইতে শিখেছে।

ঘ) শিক্ষার্থীরা কিছু কিছু লোকগীতিও গাইতে শিখেছে।

বৌদ্ধিক ক্ষেত্র ঃ

জ্ঞানমূলক ঃ

ক) লোকসঙ্গীত কাকে বলে, সে সম্পর্কে শিক্ষার্থীরা অবহিত হবে। লোকসঙ্গীতের সূরে রবীন্দ্রনাথের গানগুলি সম্পর্কে জানবে।

খ) লোকসঙ্গীতে প্রভাবিত রবীন্দ্রসংগীতের বৈশিষ্ট্য সম্পর্কে শিক্ষার্থীরা অবহিত হবে।

গ) যে বিশেষ লোকগীতিগুলি রবীন্দ্রনাথের গানে নতুন রূপ পেয়েছে, সেগুলি সম্পর্কে শিক্ষার্থীরা অবহিত হবে।

ঘ) লোকসঙ্গীতের সুরে আধারিত রবীন্দ্রনাথের গানে তালের প্রয়োগ সম্পর্কে শিক্ষার্থীরা অবহিত হবে।

ঙ) রবীন্দ্রনাথের স্বদেশ পর্যায়ের গানগুলি বেশীরভাগ লোকসংঙ্গীত বিশেষত বাউল সুর আশ্রিত সে সম্পর্কে শিক্ষার্থীরা জানতে পারবে।

অন্যান্য ঃ

লোকসঙ্গীত ও লোক সঙ্গীতের সুরে প্রভাবিত রবীন্দ্রসংগীতগুলির যে বৈশিষ্ট্য, সেগুলিকে আত্মীকরণ করতে শিখবে।

রসানুভূতি ঃ

১) লোকসুর প্রভাবিত রবীন্দ্রসংগীত শিখনের ফলে শিক্ষার্থীদের মনে লোকগান সম্পর্কে আগ্রহ সৃষ্টি হবে।

২) বাউল গানের সুরে রবীন্দ্রনাথের স্বদেশী গানগুলির মূল্য অনুধাবন করতে পারবে।

৩) বিদগ্ধ শ্রোতার সামনে রসানুভূতির সাথে সঙ্গীত পরিবেশন করবে ও তার পরিবেশিত সঙ্গীত শ্রোতাদের কাছে কতটা শ্রুতিমধুর ও গ্রহণযোগ্য, তা অনুধাবন করে পরবর্তী পরিবেশনাকে আরও সুন্দর করতে মনোযোগী হবে।

৪) রবীন্দ্রনাথ লোকসংগীতগুলিকে কতটা গুরুত্ব দিয়েছিলেন, তা জানার ফলে দেশজ কৃষ্টি ও সংস্কৃতির প্রতি সামগ্রিকভাবে সদর্থক মূল্যবোধ জাগ্রত হবে।

দক্ষতামূলক ঃ

ক) লোকসঙ্গীতগুলির দ্বারা প্রভাবিত রবীন্দ্রসংগীতগুলি সম্পর্কে শিক্ষার্থীরা একটি প্রবন্ধ রচনা করবে।

খ) শিক্ষার্থীরা নিম্নলিখিত ভাবে তালিকা প্রস্তুত করবে। যেমন—মূলগান, রবীন্দ্রনাথের গান উৎসস্থল বলে।

শিক্ষাদানের কৌশল

১) লোকসঙ্গীত কাকে বলে, কোন কোন বিশেষ ধরণের লোকসঙ্গীত রবীন্দ্রনাথের গানের সুরকে প্রভাবিত করেছিল, সে সম্পর্কে শিক্ষার্থীদের বক্তৃতার মাধ্যমে উপস্থাপন করবেন।

২) রবীন্দ্রসঙ্গীতে লোকসঙ্গীতের প্রভাব প্রসঙ্গে শিক্ষক সারিগান, বাউল, ভাটিয়ালী গান.....ইত্যাদি লোকসংগীতগুলি গেয়ে শোনাবেন। এইসব গানের বৈশিষ্ট্যগুলি ব্যাখ্যা করে দেবেন।

৩) রবীন্দ্রনাথের জীবনে লোকসঙ্গীতের প্রভাব বিভিন্ন সময়ে হয়েছিল, এ বিষয়গুলি শিক্ষক বক্তৃতার মাধ্যমে বুঝিয়ে দেবেন। যেমন—শিলাইদহে জমিদারী পরিচালনা করার সময়, বীরভূমে থাকার সময়, এছাড়াও ঠাকুর বাড়ীতে লোকশিল্পীদের আনাগোনা ইত্যাদি।

৪) শিক্ষক মূল লোক সঙ্গীতগুলি এবং এই সুরে রচিত রবীন্দ্রসংগীতগুলি গেয়ে শোনাবেন এবং এই দুই এর সুরের প্রয়োগ সূক্ষ্ম পার্থক্য বুঝিয়ে দেবেন এবং শিক্ষার্থীদের হাতে তালি-খালি দেখিয়ে গান গাইতে নির্দেশ দেবেন এবং কাব্যছন্দ বজায় রাখতে লোকসঙ্গীত প্রভাবিত তাঁর গানগুলিতে যে শাস্ত্রীয় তালের প্রয়োগ করেছেন, তা উল্লেখ করবেন।

৫) শিক্ষক লোকসঙ্গীত প্রভাবিত গানগুলি কোন কোন স্বরবিতানে আছে, তা বলে দেবেন। সেই সঙ্গে লোকসঙ্গীতের সুর সংরক্ষণে রবীন্দ্রনাথের অবদান সম্পর্কে শ্রেনীতে আলোচনা করবেন।

৬) শিক্ষার্থীরা শিক্ষকের পাঠদানে সক্রিয় অংশগ্রহণ করবে। প্রয়োজনীয় তথ্যগুলি খাতায় লিখে নেবে।

শ্রেনীর সাংগীতিক পরিবেশ বজায় রেখে লোকসঙ্গীত এবং রবীন্দ্রসংগীতগুলি শিক্ষকের নির্দেশ অনুযায়ী পুনঃ উপস্থাপন করতে চেষ্টা করবে।

শিক্ষাসহায়ক উপকরণ ঃ

১) শিক্ষক শ্রেনীকক্ষে সুরযন্ত্র হিসাবে হারমোনিয়াম, তবলা ও তানপুরা ব্যবহার করবেন।

২) স্বরবিতান ও বিষয় সম্পর্কিত অন্যান্য বই শিক্ষক ব্যবহার করবেন।

৩) লোকসঙ্গীতে ব্যবহৃত বাদ্যযন্ত্রের মডেল/ছবি উপকরণ হিসাবে শিক্ষক শিক্ষার্থীদের দেখাবেন।

৪) মূলগান ও ভাঙ্গাগান সম্বলিত একটি চার্ট/তালিকা ব্যবহার করবেন।

কৃষ্ণ ফলকের ব্যবহার ঃ

১) মূল লোকসঙ্গীতের প্রথম লাইনটি শিক্ষক কৃষ্ণফলকে লিখবেন এবং তার নীচে রবীন্দ্রসঙ্গীতের প্রথম লাইনটি লিখে দেবেন।

২) গানটির তাল ও ছন্দ সম্পর্কে অবহিত করার জন্য শিক্ষক কৃষ্ণফলক ব্যবহার করবেন।

৩) প্রয়োজনবোধে শিক্ষক বোর্ড ব্যবহার করবেন।

অনুসন্ধ্যানী প্রশ্ন ঃ

প্রশ্ন	উত্তর
১। লোকসঙ্গীত ও লোকসঙ্গীত সুর আশ্রিত রবীন্দ্রসঙ্গীতগুলির কথা, ভাবের মধ্যে কোথায় আমরা মিল লক্ষ্য করি?	১। দুটি গীত ধারাতেই কথা ও ভাব ভগবান বন্দনা তথা ভক্তি ও অপরটি হল প্রেম। সঙ্গীত প্রকাশকে কেন্দ্র করে মানুষের যে আনন্দ উপলব্ধি হয় তার গুরুত্ব অপরিসীম, ভক্তি ও প্রেমে মানুষ অন্যের মধ্যে নিজেকে সম্পূর্ণভাবে বিলিয়ে দিতে চায়। এই মিল আমরা অনুভব করি।
২। রবীন্দ্র রচিত লোকসঙ্গীতের সুরে গানগুলি আমাদের কাছে কেন এত গুরুত্বপূর্ণ?	২। এই গানগুলি আমাদের দেশী সুরের সাথে নিবিড়ভাবে পরিচিত হতে সাহায্য করে। এছাড়াও সহজ ও মিষ্টি সুরে রচিত লোকসঙ্গীতগুলি কবি চিরতরে সুরে ধরে রেখে গেছেন ভাবী প্রজন্মের জন্য যা সবই স্বরলিপি বদ্ধ।

ওয়ার্কশিট ঃ

প্রশ্ন ঃ

১। কোন বিশেষ আন্দোলনকে ঘিরে গুরুদেবের কিছু গান অমর হয়ে আছে? উঃ ———

২। এই আন্দোলনের সময়কার গানগুলি ——— পর্যায়ের।

৩। " " " " বেশীর ভাগ ——— সুরে রচিত?

৪। 'সহজিয়া সাধনা' কথাটি ——— সাধনার একটি অঙ্গ।

বিষয়ের ব্যাখ্যাদানের জন্য উদাহরণ ঃ

ধারণা	উদাহরণ
মূল লোকগীতির ভাব রবীন্দ্রনাথের গানে কোথাও কোথাও বিশেষ গুরুত্ব পেয়েছে।	বাউলের গানের উদাস করা সুর কবির বাউলের ঢঙে রচিত গান 'হৃদয়ের একুল ওকুল' গানটিতে লক্ষ্যণীয়। আবার ভাটিয়ালীর সুর-নদীর ঢেউ এর সুর যা কবির গান 'তোমার খোলা হাওয়া' গানটিতে লক্ষ্যণীয়।

উদ্দেশ্যভিত্তিক অভীক্ষা পত্র

অভীক্ষার বিশেষীকরণের ছক

বিষয়বস্তু	জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক	রসানুভূতি	মোটনম্বর
রবীন্দ্রসঙ্গীতে লোক সঙ্গীতের প্রভাব	1, 2, 5 (3)	3, 4 (3)		6 (2)		8
শতকরা হার	37.5%	37.5%		25%		100%

উদ্দেশ্যভিত্তিক অভীক্ষা পত্র

প্রশ্ন ঃ (এক কথায় উত্তর দাও) ঃ

1) "আমার সোনার বাংলা" গানটি কোন সুরের রচনা? [1]

2) "হরিনাম দিয়ে জগৎ মাতালে"-এই গানটি কোন শ্রেনীর লোকসংগীত [1]


অতিসংক্ষিপ্ত প্রশ্ন ঃ

3) মূল লোকসঙ্গীত ও লোকসুর প্রভাবিত রবীন্দ্রসঙ্গীতের পার্থক্য নিরূপন কর। [1]


4) 'লালন ফকীরের গানের প্রভাব সবচেয়ে বেশী পড়েছিল রবীন্দ্রনাথের লোকসঙ্গীতের সুর প্রভাবিত গানগুলিতে'—এরূপ হবার কারণ কি? [2]

5) 'সারি' গানের সুরে রবীন্দ্রনাথের একটি গানের প্রথম লাইন লেখ। [1]

6) রবীন্দ্রনাথের লোকসঙ্গীত সুরাশ্রিত গানগুলিতে তাল ছন্দের প্রয়োগ সম্পর্কে দু-একটি উদাহরণ সহ লেখ। [2]



Resource Person in Music: Prof. Alpana Munshi



Programme-cordinator Prof. Partha Chattapadhyay with the Participants.



Prof. Byapti, Lecturer DHTC, Singing the Opening Song.



Participant, Singing in the Closing Ceremony.

Published by **Dr. Subhas Chandra Bhat, Co-ordinator, IASE, David Hare Tranning College, Kolkata - 700 019 and**
Printed by **Tara Press, 68 Tarak Pramanick Road, Kolkata - 700 006**